শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

**পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল এর জুলাই ২০২১ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব প্রেম সাগর হাজরা, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
**সভার তারিখ** : ২৯/০৭/২০২১
সময় : বেলা ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, শ্রীমঙ্গল উপজেলায় প্রচুর পরিমাণে করোনা রোগী পাওয়া যাচ্ছে এবং করোনায় আক্রান্ত হয়ে অনেক স্থানে রোগী মারা যাচ্ছে। করোনা কমিটিতে যারা আছেন তারা দায়িত্বের সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করছেন। করোনা রোগী ঘরের বাহিরে না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি আরো জানান আগামী ৭-১২ তারিখ পর্যন্ত ১৮ বছরের উর্ধে জনসাধারণের মাঝে ইউনিয়ন ও পৌরসভায় ভ্যাকসিন প্রদান করা হবে। যাদের জাতীয় পরিচয় পত্র আছে একমাত্র তারাই ভ্যাকসিনের আওতায় আনা হবে। বাগান পর্যায়ে করোনা রোগীর মাত্রা ছাড়িয়ে যাচ্ছে। সেজন্য আগামী ৭-১২ তারিখ পর্যন্ত যে বাগানে করোনা ভ্যাকসিন দেয়া হবে সেই বাগান যেন বন্ধ থাকে, যাতে করে চা বাগানের শ্রমিকরা এসে ভ্যাকসিন গ্রহণ করতে পারে। এছাড়া হাসপাতালের সার্বিক পরিস্থিতি ভালো। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>সভায় জনাব রণেন্দ্র প্রসাদ বর্ধন, চেয়ারম্যান ৬নং আশিদ্রোণ ইউপি জানান, যথাযথভাবে ওয়ার্ড কমিটি ও স্বেচ্ছাসেবক কমিটি গঠন করা হয়েছে। তার তালিকা পাঠানো হয়েছে। আশিদ্রোণ ইউনিয়নের একজন রোগী করোনা আক্রান্ত তিনি পাওয়া গেছে উনার নাম মোঃ দুধু মিয়া তিনি আমাকে ফোন করে জানান যে, তার কোন খোঁজ নেয়া হচ্ছে না তার ঘরে কোন খাবার নেই। তাৎক্ষণিকভাবে ইউনিয়ন পরিষদের পক্ষ হতে তাকে চাল ডালসহ অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিস পত্র ক্রয় করে দেয়া হয়। তিনি অনেকগুলো বিষয় উপস্থাপন করেন ১। পূর্বে উপজলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে কোন ইউনিয়নে কতজন করোনা আক্রান্ত রোগী আছে তার তালিকা হাসপাতাল হতে তথ্য পাওয়া যেত। কিন্তু এখন সেই তথ্য পাওয়া যায় না। ২। কোভিড-১৯ করোনার ভ্যাকসিন যাতে প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে দেয়া হয় তাহলে কেউই করোনা ভ্যাকসিন হতে বাধ পড়বে না। ৩। ইউনিয়ন পর্যায়ে যদি কিছু চাল প্রদান করা হলে করোনা আক্রান্ত রোগী আসে তাহলে তাদেরকে প্যাকেটজাত করে দেয়া যাবে।<br>সিদ্ধান্তঃ ১। প্রত্যেক ইউনিয়নে কত রোগী আছে এবং কতজন আক্রান্ত হয়েছে এগুলো তথ্য ই-মেইলের মাধ্যমে প্রত্যেক ইউনিয়নে পাঠানো হবে<br>২। ১৮ বয়সের উর্ধে সকলকে ভ্যাকসিনের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার পক্ষে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জানান, বর্তমানে আউস মৌসুম এবং আমন মৌসুমের কাজ চলছে। আর আউস মৌসুমের ফসল মাঠে দণ্ডায়মান। বর্তমানে খামার যান্ত্রিক গ্রহণ প্রকল্পের কাজ চলছে। খামার যান্ত্রিক প্রকল্পের মাধ্যমে কিছু মেশিনারিজ যন্ত্র ৫০-৭০%ভূর্তকি দিয়ে হাওর অঞ্চলের কৃষকদের মাঝে বিতরণ করা হয়। যদি আগ্রহী কোন কৃষক থাকেন তাদের তালিকা দেয়ার জন্য ইউনিয়ান পরিষদ এর সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উপজেলা কৃষি অফিসার<br>ও<br>চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ |
| প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা জানান, এ বছর পবিত্র ঈদুল আযহায় মোট উৎপাদন ছিল ১কোটি ২০ লক্ষ গবাদি পশু এবং কিছু কোরবানী হয়েছে ৯০,৯৩২৪২টি গরু। এবার রেগুলার বিক্রির সাথে সাথে অনলাইনের মাধ্যম গবাদি পশু বিক্রি হয়েছে। এবার শ্রীমঙ্গলে ৭৬৯টি গবাদি পশু অনলাইনে বিক্রি হয়েছে তার মূল্য ৪,০৫,৭৫০০০/- হাজার টাকা এবং ৫টি হাটবাজারে ৫৮৮টি গরু বিক্রয় হয়েছে যার মূল্য ২৮,৯০,০০০/- (আটাশ লক্ষ নব্বই হাজার) টাকা। এছাড়া তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রানিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, পবিত্র ঈদুল আযহার পরের দিন সাগরদিঘি পুকুরে মারা গেছে ।এবং পুকুরে মাছগুলো ভেসে উঠছে অনেক মানুষ মাছ ধরে নিয়ে গেছে। পরের দিন সকালে আমাদের মৎস্য অফিস হতে লোকবল পাঠিয়ে পানি পরীক্ষা করা হয়। পানি পরীক্ষায় দেখা যায় অক্সিজেন এর মাত্রা বেড়ে যাওয়ায় গ্যাস বৃদ্ধি পেয়ে মাছ মারা গেছে। তিনি আরো জানান পুকুরটি অনেক পুরাতন, পুকুরটি সংস্কার করা না হলে ভবিষ্যতেও | মৎস্য কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| । | বড় রকমের দুর্ঘটনা ঘটতে পারে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা বরাবরে একটি পত্র প্রেরণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, আরইআরএমপি কর্মী নিয়োগ দেয়া খুবই আবশ্যক কিন্তু মির্জাপুর, ভূনবীর ও আশিদ্রোণ ইউনিয়ন পরিষদ হতে তালিকা পাওয়া যায়নি। দ্রুততার সহিত তালিকা দেয়া জন্য অনুরোধ জানান এবং উপজেলা উন্নয়ন প্রকল্প (জাইকা) ২০১৯-২০ অর্থ বছরে নতুন তালিকা দেওয়া জন্য অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্তঃ** উপজেলা উন্নয়ন প্রকল্প (জাইকা) ২০১৯-২০ অর্থ বছরের জন্য ০১টি প্রকল্প ইতোমধ্যে গ্রহন করা হয়েছে ১। হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম দেয়া এছাড়া আরো কয়েকটি প্রকল্প নেয়া হবে। বাকি প্রকল্পের তালিকা খুব অচিরেই গ্রহণ করা হবে। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, করোনা ভাইরাস কোভিড-১৯ ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের জন্য পবিত্র ঈদুল আযহায় ০৯টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় ১২৬৭০টি অস্বচ্ছল পরিবারকে ১০কেজি করে চাল দেয়া হয়েছে। এছাড়া পরিবহন শ্রমিক, সেলুন, দোকান,ভিডিও ফটোগ্রাফার কর্মচারীদেরকে ১১২ মেট্রিকটন চাল দেয়া হয়েছে। ১০কেজি করে দেয়া হয়েছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় হতে ৩৩৩ ওয়েব সাইটের মাধ্যমে ৭২১টি পরিবারকে ১০ কেজি চাল, ১কেজি সয়াবিন তেল, ১ কেজি চিনি, ১ কেজি মসুর ডাল, ২কেজি আটা করে দেয়া হচ্ছে। ২য় লকডাউন শুরু হয়েছে গত ২৩ তারিখ হতে যার বরাদ্দ এখন পর্যন্ত আসেনি। বরাদ্ধ আসা মাত্র প্রত্যেকটি ইউনিয়নে বরাদ্দ পৌছানো হবে। ইউনিয়ন পর্যায়ে করোনা রোগীদের জন্য কিভাবে ত্রাণ কার্য পৌছানো যায় সে বিষয়ে একটি উদ্যোগ গ্রহন করা হয়েছে। এছাড়া তিনি আরো জানান ত্রাণ বিতরন কার্যক্রমে প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে উপস্থিত থেকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান । এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ৩৩৩ তে যারা ফোন দিচ্ছেন তাদেরকে যাচাই বাচাই করে দেয়া এবং করোনা আক্রান্ত রোগীদের ইউনিয়ন পর্যায়ে খাবার পৌছানো জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, চা শ্রমিকের আবাসন এর কাজ সবগুলো ঘরই পরিদর্শন করা হয়েছে মাত্র একটি ঘর পরিদর্শন করা হয়নি। ভাতা কাযক্রম জুন মাসেই শেষ হয়েছে। ব্যাংক এশিয়া নতুন ভাতা গ্রহীতাদের স্বাক্ষর কাযক্রম আগামী দুই একদিনের মধ্যে শুরু করবে। ২০২০-২০২১ অর্থ বছরের চা বাগান এর শ্রমিকদের ৫০০০/- করে দেয়ার তালিকা ইউনিয়ন পরিষদ হতে এখন পাওয়া যায়নি। ২০২১-২০২২ অর্থ বছরে চা শ্রমিকদের টাকা জিটুপির মাধ্যমে প্রদান করা হবে। এছাড়া তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ চা শ্রমিকদের জন্য গৃহ নির্মাণ কাজটি সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলীকে সাথে নিয়ে মনিটরিং করার জন্য অনুরোধ জানান এবং চা বাগানের শ্রমিকদের ৫০০০/- করে দেয়া তালিকা দ্রুততার সাথে প্রস্তুতকরে সমাজসেবা কার্যালয়ে প্রদানের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা বিভাগ |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, অনলাইনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে, সহকারী শিক্ষদের ১৩তম গ্রেডে উন্নীতকরণ করা হয়েছে । আগামী ২০২১-২০২২ অর্থ বছরের ১লা জানুয়ারী থেকে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হবে । গুগল মিটিং এ বিদ্যালয় ভিত্তিক অনলাইন ক্লাস হচ্ছে । এছাড়া অনেক শিক্ষার্থীদের কাছে স্মার্ট ফোন না থাকায় শতভাগ অনলাইনের মাধ্যমে ক্লাস পরিচালনা করা যাচ্ছে না । তিনি জানান তার অফিসের লোকবল কম থাকায় স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।<br>সিদ্ধান্তঃ প্রাথমিক শিক্ষা বিভাগে একটি তদন্ত প্রতিবেদন পাঠানো হয়েছিল প্রতিবেদনটি এখনও পাওয়া যায়নি জরুরী ভিত্তিতে প্রতিবেদনটি পাঠানোর জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । | উপজেলা শিক্ষা অফিসার |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, বিগত ২০২০ সালের ১৭ মার্চের পর থেকে লকডাউন থাকার কারণে উপজেলা পর্যায়ে অনলাইনের মাধ্যমে ক্লাস চলছে । ২০২০ সাল হতে ৬ টু ৯ পর্যন্ত এসাইনমেন্ট কার্যক্রম পরিচালিত হচ্ছে । এবৎসর নতুন কার্যক্রম আমাদের ৬ টু ৯ এবং ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রাথমিক পর্যায়ে এসাইনমেন্ট কার্যক্রম ছিল। সংসদ টিভি এবং স্থানীয়ভাবে অনলাইনের মাধ্যমে ক্লাস হচ্ছিল । লকডাউনের আগে সর্বশেষ ১৮/০৭/২০২১ তারিখে শিক্ষা মন্ত্রনালয় হতে একটি পত্র পাওয়া আগামী ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা । মহামান্য মন্ত্রী মহোদয় ঘোষণা করেছেন যে, একটি চার্ট লাইন করে দিয়েছেন নভেম্বর মাসে এসএসসি ও ডিসেম্বর মাসে এইচএসসি পরীক্ষা । যদি কোন কারণে এসব পরীক্ষা না হয় তার বিকল্প হিসেবে তাহলে গ্রুপ ভিত্তিক বিজ্ঞান/মানবিক/ব্যবসা শাখার বিষয়ের উপর এসাইনমেন্ট । সেই বিষয় গুলোর জন্যই এসাইনমেন্ট । ১৮/০৭/২০২১ তারিখে হতে এসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে । শ্রীমঙ্গলে ১৮/০৭/২০২১ তারিখ এসাইনমেন্ট পাওয়ার পর ২০ ও ২২ তারিখ বিতরণ করব । তিনি আরো জানান অনেক শিক্ষার্থীর মোবাইল ফোন বন্ধ থাকায় তাদেরকে পাওয়া যাচ্ছে যে, এসাইনমেন্ট জমা না দিলে তাদেরকে পাশ ও দেয়া যাবে না । বোর্ড থেকে বলা হয়েছে এসাইনমেন্ট এর ১০% খাতা বোর্ড থেকে চেক করবে । আগামী ৩১ তারিখের মধ্যে এসাইনমেন্ট এর কাগজ পৌছাতে হবে ।<br>সভায় প্রধান শিক্ষক ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয় জানান, এবছর সকল শিক্ষা পাশ হওয়ার কারণে শিক্ষার্থীর সংখ্যা বেড়ে গেছে তাদের পরীক্ষা নিতে হলে গ্রুপ ভিত্তিক নিতে হবে গ্রুপ ভিত্তিক নিলে কিছুটা স্বাস্থ্যবিধি অনুসরণ করা যাবে এছাড়া শ্রীমঙ্গল এর অনেক বিদ্যালয়ের বিশেষ করে যারা চা বাগানের শিক্ষার্থী তাদেরকে মোবাইল ফোনে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | পাওয়া যাচ্ছে না।<br>সিদ্ধান্ত: যে সকল শিক্ষার্থীদেরকে মোবাইল ফোনে পাওয়া যাচ্ছে না সে সকল শিক্ষার্থীদের নামের তালিকা স্ব-স্ব ইউনিয়ন পরিষদে পাঠানোর জন্য, ইউপি চেয়ারম্যানগণ স্থানীয় ইউপি সদস্যের সহযোগিতায় খুঁজে বের করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি বরাদ্দ পাওয়া গেছে। মাতৃত্বকালীন ভাতা অব্যাহত আছে তারা ব্যাংক হতে ভাতা উত্তোলন করতে পারছেন। সামনে ৮ আগস্ট বঙ্গমাতা ফজিলাতুননেছা মুজিব দিবস। মহামারী কোভিড-১৯ করোনা ভাইরাস থাকার কারণে খুব একটা বড় আকারে করা হচ্ছে না তবে ৭টি সেলাই মেশিন বিতরণ করা হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা ও সকল ইউপি |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তা জানান, লকডাউনের কারণে শ্রমিকরা কাজে যোগদান করতে না পারায় ১০০% কাজ সম্পন্ন হচ্ছে না। এছাড়া আশ্রয়ণ প্রকল্পের পানি সরবরাহের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। তাছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | উপ-সহ: প্রকৌ: (জনস্বাস্থ্য), শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, এসএমই ঋণ চালু হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী পল্লী এলাকার জন্য এই ঋণটি চালু করেছেন। ১ম ধাপে ৯১ জনকে ৭০লক্ষ টাকার ঋণ প্রদান করা হবে। এই ঋণ প্রকল্পের একটি বিশেষ সুবিধা রয়েছে এই ঋণ যারা পাবেন তারা ৫০,০০০/- টাকা হতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত নেয়া হবে তার সুদের পরিমাণ হবে ৪% হারে। ঋণটি ২ বছরের মধ্যে পরিশোধ করতে হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা, শ্রীমঙ্গল জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ও সামাজিক দুরত্ব বজায় রেখে অফিসের দাপ্তরিক কাজ পরিচালিত হচ্ছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আমাদের খাদ্য বিভাগের প্রত্যেকটি কাযক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান আমাদের খাদ্যশস্য কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে প্রত্যেকটি কাজ কিভাবে সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচলিত হয় সেদিকে নজর রাখেন সেজন্য স্যারকে অনেক ধন্যবাদ জানান। ২০২১ সালের সংগ্রহ কার্যক্রম এপ্রিল মাস হতে শুরু হয়েছে আগামী মাসের ১৬ পর্যন্ত চলবে। চাল সংগ্রহ ২৫৭৭ মেট্রিক টনের মধ্যে আমরা সংগ্রহ করতে পেরেছি ২৮২০ মেট্রিক টন প্রায় ৭০% আমরা সংগ্রহ করেছি। ধান ১১৬৮ মেট্রিক টনের মধ্যে ৭২৮ মে:টন পর্যন্ত সংগ্রহ করা হয়েছে। এছাড়া আমাদের ওএমএস কার্যক্রম শুরু হয়েছে খোলা বাজারে ০৪ জন ডিলারের মাধ্যমে শ্রীমঙ্গল পৌরসভায় কার্যক্রম চলছে। ১২দিন পর্যন্ত এই কার্যক্রম চলবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| চেয়ারম্যান রাজঘাট ইউপি | সভায় জনাব বিজয় বুনার্জী, চেয়ারম্যান, রাজঘাট ইউপি জানান, রাজঘাট চা বাগানে সাপ্তাহিক বাজার রাত্র ৮.০০ ঘটিকা পর্যন্ত হয়। বাজারে যারা আসেন তারা কোন ধরনের স্বাস্থ্যবিধি অনুসরণ করেন না। মাস্ক ব্যবহার করেন না, তাদের মাস্ক পড়তে বলা হলেও তারা সেগুলো কর্ণপাত করেন না। তিনি এই সভায় মাধ্যমে সকলের সহযোগিতা কামনা করেন। | চেয়ারম্যান রাজঘাট ইউপি |
| চেয়ারম্যান কালাপুর ইউপি | সভায় জনাব মুজিবুর রহমান, চেয়ারম্যান, কালাপুর ইউপি জানান, জাইকার প্রতিনিধিকে বলা হয়েছে, ভৈরবগঞ্জ বাজারের কমিউনিটি ক্লিনিক সংস্কার করার জন্য অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা উন্নয়ন পরিচালন প্রকল্প (জাইকা) কর্তৃক কমিউনিটি ক্লিনিক সংস্কার করার নিয়ম নেই। কমিউনিটি ক্লিনিক ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে উন্নয়ন কাজ করার জন্য বলা হয়। | চেয়ারম্যান কালিঘাট ইউপি |
| মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সভায় জনাব মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান জানান, ২০২০-২০২১ অর্থ বছরের এডিপি'র টেন্ডারের মাধ্যমে যে কাজ গুলো করা হয়েছে কাজের গুণগত মান ভালো নয় তিনি উপজেলা প্রকৌশলীকে উন্নয়ন প্রকল্প এর কাজ গুলো পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি আরো জানান কোভিড-১৯ মহামারীতে যারা মারা যাচ্ছেন তাদের দেহ সৎকারের জন্য যে কমিটি রয়েছে তারা অনেক পরিশ্রম করে সেহ সৎকার করে। তাদেরকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের খাত হতে আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| আইসিটি শাখা | সভায় উপজেলা উপজেলা প্রোগ্রামার আইসিটি জানান, প্রত্যেক অফিসের তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য যে হালনাগাদ রাখেন। যদি কোন কারণে না থাকে তাহলে আমার সাথে যোগাযোগ করে তথ্য হালনাগাদ করতে পারবেন। এছাড়া যদি কোন অফিসের তথ্য প্রদানকারী কর্মকর্তা না থাকে তাহলে তথ্যপ্রদানকারী কর্মকর্তা নিয়োগ করতে হবে। জনগণের দৃষ্টি গোচর তাদের হয় তাদের নাম অফিসে কোন এক স্থানের টাঙ্গানোর জন্য অনুরোধ জানান।<br>সিদ্ধান্ত: যদি কোন অফিসের কর্মকর্তা/কর্মচারী কিংবা জনপ্রতিনিধিদের নাম ওয়েব প্রোর্টালে অন্তভূক্ত করণ না হয়। তাদের নাম ও তালিকা অন্তর্ভূক্ত করণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | আইসিটি শাখা |

| | | |
|---|---|---|
| ৪ বিবিধ :১ | সভায় জানানো হয়, করোনা ভাইরাস (কোভিড-১৯) বর্তমানে মহামারী আকার ধারণ করছে কিন্তু অফিসিয়াল কোন কাজ কাহারো থেমে নেই। করোনা ভাইরাস মহামারীতেও বিভিন্ন ধরনের ভার্চুয়াল কিংবা সরাসরি মিটিং করতে হচ্ছে এতে করে অনেকেই করোনা ঝুঁকিতে পড়তে হচ্ছে। সেজন্য একটি জুম আইডি ক্রয় করা হয়েছে আগামী ০৩ মাসের জন্য। জুম আইডিটি ক্রয় করতে ৬০০০/- টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হতে মিটানো সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| বিবিধ: ২ | সভায় জানানো হয়, উপজেলা পরিষদ ইমারত ও নকশা অনুমোদন সংক্রান্ত একটি মিটিং করা হয়েছে উক্ত মিটিং এ আগত সদস্যদের সম্মানী ভাতা প্রদান করতে। উক্ত সম্মানী ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |

সভায় সভাপতি জানান, করোনা ভাইরাস দিন দিন বৃদ্ধি পাচ্ছে আমরা যদি নিজেরা মাস্ক পরি স্বাস্থ্যবিধি মেনে চলি তাহলে করোনা ভাইরাস হতে কিছুটা হলেও মুক্ত থাকব। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রেম সাগর হাজরা)
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

স্মারক নং -০৫.৪৬.৫৮৮৩.০০২.০১.০০.০১৬.১৪. ২০ (৩৫) তারিখ: ২৯.০৭.২০২১

বিতরণ : কার্যার্থে।
০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ....................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান....................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
০১। আলহাজ্ব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল আগস্ট ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১২/০৮/২০২১
সময় : বেলা ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা দ্রষ্টব্য "ক" পরিশিষ্ট:

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, শোকের মাস আগস্ট মাস। শ্রীমঙ্গল উপজেলার ৯টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় ০৭/০৮/২০২১ তারিখে করোনার গণটিকা দেয়ার কাযক্রম শুরু হয়। প্রত্যেক ইউনিয়ন ও পৌরসভার জনসাধারণ খুবই উৎসাহ উদ্দীপনার সাথে লাইনে দাঁড়িয়ে করোনার গণটিকা গ্রহণ করেছেন। শ্রীমঙ্গল উপজেলায় প্রায় ৭২০০ মত করোনার টিকা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান, অনেকেই টিকা নেয়ার জন্য রেজিস্ট্রেশন করেছেন। কিন্তু ম্যাসেজ এখনও আসেনি। প্রত্যেকেরই ম্যাসেজ আসবে চিন্তার কোন কারণে নেই। হাসপাতালে টিকা আসলেই তাদেরকে টিকা প্রদান করা হবে। যাদের মোবাইলে ম্যাসেজ গেছে তারাই একমাত্র হাসপাতালে টিকা নেয়ার জন্য আসবেন। যারা বিদেশগামী তারা তাদের প্রয়োজনীয় কাগজ পত্র নিয়ে আসলে তাদেরকে টিকা দেয়া হবে। তিনি জানান, শ্রীমঙ্গল উপজেলায় প্রায় ৮০ হাজারের মত রেজিষ্ট্রেশন করা হয়েছে এবং ৩৫ হাজারের মত টিকা প্রদান করা হয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত: কোন অফিসের কর্মকর্তা/কর্মচারী যদি করোনায় আক্রান্ত হয়ে থাকেন তাদেরকে অফিসে না এসে নিজ বাসায় থেকে চিকিৎসার সেবা নেয়ার পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, আউশের ধান কাটা হয়েছে এখন আউশের ভরা মৌসুম চলছে। আউশ ধানের ফলন ভাল হয়েছে। আমন মৌসুমের কাজ চলছে। এ সময়ে স্বাভাবিকভাবে সারের অনেক চাহিদা থাকে। সারের কিছু বরাদ্দ পাওয়া গেছে। শ্রীমঙ্গল উপজেলায় সার ডিলারদের মাঝে বরাদ্দ বন্টন করা হবে। এছাড়া তার অফিসের কার্যক্রমভাবে চলছে। | উপজেলা কৃষি অফিসার কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহিত শ্রীমঙ্গল উপজেলায় বাস্তবায়নাধীন সকল প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি বলেন, গত অর্থবছরের সকল উন্নয়ন কর্মসূচী সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তিনি চলতি অর্থবছরের উন্নয়ন বাজেটের মধ্যে সীমাবদ্ধ থেকে উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হবে। তিনি প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন।<br><br>সভায় উপজেলা প্রকৌশলী জানান ২০২১-২২ অর্থবছরে উপজেলা রাজস্ব উন্নয়ন/বার্ষিক উন্নয়ন কর্মসূচি তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা ও কমিটি পাওয়ায় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br>সিদ্ধান্তঃ ১। বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত প্রকল্প গুলি (পরিশিষ্ট "খ" সংযোজনী) বিধিমতে পিআইসি/টেন্ডারের মাধ্যমে কাজ দ্রুত বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, ২০২০-২০২১ অর্থ বছরের চা বাগান এর শ্রমিকদের ৫,০০,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে কিন্তু ইউনিয়ন পরিষদ হতে এখন তালিকা পাওয়া যায়নি। আগামী ২২/০৮/২০২১ তারিখের ভিতরে যে কোন উপায়ে তালিকা জেলায় প্রেরণ করতে হবে। এছাড়া তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: ২০২০-২১ অর্থ বছরে চা শ্রমিকদের জীবনমান উন্নয়নের তালিকা দ্রুততার সাথে প্রস্তুত করে সমাজসেবা কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা বিভাগ ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, অনলাইনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। অতীব দু:খের বিষয় এই যে, ভৈরবগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব নুরুল ইসলাম হৃদরোগে আক্রান্ত হয়ে ৪৪ বছর বয়সে মৃত্যুবরণ করার শিক্ষক পরিবারে দু:খের ছায়া নেমে এসেছে। তিনি জানান, মৃত্যুকালে ৪বছরের একজন শিশু সন্তান-স্ত্রী এবং বৃদ্ধ মাকে রেখে মৃত্যুবরণ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, শিক্ষা প্রতিষ্ঠানের কিছু কিছু শিক্ষক ও কর্মচারী রয়েছেন যারা রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। শিক্ষা অধিদপ্তর থেকে একটি নির্দেশনা পাওয়া গেছে যে শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীদেরকে ভ্যাকসিনের আওতায় আনা। তিনি বলেন, শিক্ষক ও কর্মচারীগণকে বিশেষ কোন ব্যবস্থায় যদি করোনা টিকা প্রদান করা হয়। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: শ্রীমঙ্গল উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীগণের তালিকা প্রস্তুত করে হাসপাতালে প্রেরণ করা হলে তাদেরকে বিশেষ অগ্রাধিকার ভিত্তিতে টিকা হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, লকডাউনের কারণে শ্রমিকরা কাজে যোগদান করতে না পারায় ১০০% কাজ সম্পন্ন হচ্ছে না। এছাড়া মির্জাপুর ও কালাপুর আশ্রয়ন প্রকল্পের পাইপের কাজ চলছে। তিনি আরো জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অফিসে পানির পাইপ, ট্যাংকিসহ বিভিন্ন ধরনের যন্ত্রপাতি থাকে। এলাকার কিশোররা বিকেলে খেলাধুলা করার ফলে বিভিন্ন ধরনের যন্ত্রপাতি, পাইপ, মটর, পানির ট্যাংকিসহ নষ্ট করে ফেলে। সীমানা প্রাচীর না থাকায় সরকারি সম্পত্তি নষ্ট হচ্ছে। উপজেলা পরিষদ হতে যদি সীমানা প্রাচীর নির্মাণের কোন পদক্ষেপ গ্রহণ করা সে বিষয়ে উপস্থিত সভাপতিসহ সকল সদস্যবৃন্দকে অনুরোধ জানান। তাছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদে আলাদাভাবে সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব নয়। তবে স্থানীয় সরকার মন্ত্রণালয় সীমানা প্রাচীর নির্মাণের প্রস্তাব প্রেরণের প্রেক্ষিতে মন্ত্রণালয় সম্মতি প্রদান করলে সীমানা প্রাচীর নির্মাণ করা যেতে পারে। | উপ-সহ: প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, এসএমই ঋণ অর্থাৎ ব্যক্তি পর্যায়ে ঋণ কার্যক্রম চালু হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী পল্লী এলাকার জন্য এই ঋণটি চালু করেছেন। ১ম ধাপে ৯১ জনকে ৭০লক্ষ টাকার ঋণ প্রদান করা হবে। অদ্যাবধি ৫৫ জনের বিপরীতে ৪৬,৫০,০০০/-এই ঋণ বিতরণ করা হয়েছে। অবশিষ্ট টাকা আগামী সপ্তাহে বিতরণ করা হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: ঋণগুলো দেয়া হবে এবং ঋণ গুলো কাদের দেয়া হচ্ছে একটু যাচাই বাচাই করে ঋণ দেয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, মুজিব শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রণালয় হতে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মহিলা সমবায় সমিতি গঠন করতে হবে উক্ত সমিতির সদস্য সংখ্যা হতে হবে ৭১ জন। এই সমিতি গঠনের জন্য সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতা কামনা করেন। এছাড়া সমতল ভূমিতে নৃতাত্ত্বিক দলিল সম্প্রদায়ের লোকদেরকে নিয়ে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্প গ্রহণ করে জন্য জরিপ কার্য শুরু হবে জরিপ কার্যে সকল ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: যাচাই বাচাই করে ৭১জন সদস্য নিয়ে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মহিলা সমবায় সমিতি গঠনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা, শ্রীমঙ্গল জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ও সামাজিক দুরত্ব বজায় রেখে অফিসের দাপ্তরিক কাজ পরিচালিত হচ্ছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পকে আলোচনা করা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| চেয়ারম্যান কালাপুর ইউপি | সভায় চেয়ারম্যান, কালাপুর ইউপি জানান, কালাপুর আশ্রয়ন প্রকল্পের তালিকায় রোজিনা নামীয় একজন ভিক্ষুকশ্রেণী উপকারভোগী তিনি শ্রীমঙ্গল শহরে বাসা ভাড়া নিয়ে থাকেন। তার নামে দলিল হয়ে গেছে। ঘরের কাজ সম্পন্ন হলে তিনি ঘরে উঠতে ইচ্ছুক।<br>সিদ্ধান্ত: আশ্রয়ণ প্রকল্পের ঘরে বাথরুম ও পানির সাপ্লাইয়ের লাইনটি সম্পূর্ণ হলেই যাদের নামে দলিল হয়েছে তারা সবাই ঘরে উঠতে পারবেন। | চেয়ারম্যান কালাপুর ইউপি |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান রাজঘাট | সভায় চেয়ারম্যান, রাজঘাট ইউপি জানান, আগামী ২২/০৮/২০২১ তারিখে বাগানের দুটি স্কুল উদ্বোধন হবে। | চেয়ারম্যান রাজঘাট |
| চেয়ারম্যান সাতগাঁও ইউপি | সভায় চেয়ারম্যান, সাতগাঁও ইউপি জানান, যে কয়টি ওয়ার্ডে করোনা টিকা প্রদান করা হয়েছে তারা খুবই উৎসাহ উদ্দীপনার মধ্যে টিকা গ্রহণ করছেন। সাতগাঁও ইউনিয়নের যে ওয়ার্ডগুলো বাকি রয়েছে সেই ওয়ার্ডের জনগণ কবে টিকা পাবে।<br>সিদ্ধান্ত: সিনের্ফামের টিকা আপাতত নেই। টিকা আসলেই পরে যারা বাকি আছেন তাদেরকে টিকার আওতায় আনা হবে। | চেয়ারম্যান সাতগাঁও |
| বিবিধ ০১ | "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) ২০১৯-২০২০ সংক্রান্তঃ (বিস্তারিত নিচে) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্মকর্তা এবং উপজেলা প্রকৌশলী |

**"উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) ২০১৯-২০২০ সংক্রান্তঃ**

সভায় উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য গত ২৫ আগস্ট ২০২০ তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫ (০২)২০১৯-২৬৮ নং স্মারকে প্রকল্প পরিচালক-ইউজিডিপি কর্তৃক উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য আহবান করা হয়। তদ্প্রেক্ষিতে ০৬ টি বিভাগ/দপ্তর ০৬ টি উপপ্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেন (মহিলা বিষয়ক- ১টি, কৃষি-১টি, পরিবার পরিকল্পনা-১টি , স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-১ টি, যুব উন্নয়ন-১টি ও মাধ্যমিক শিক্ষা-১টি) এবং তিনি উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ পাঠ করে শোনান ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

| ক্র.নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ (ভ্যাট/ট্যাক্স ব্যতিত) | খরচের উৎস | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০১. | নারীর ক্ষমতায়ন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে হস্তশিল্প ও নকশী কাঁথা তৈরি বিষয়ক প্রশিক্ষণ। | ১,৭১,০০০.০০ | ইউজিডিপি | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ০২. | আধুনিক পদ্ধতিতে বিভিন্ন ধরনের ফলজ (কৃষি ফসল, যেমন-আনারস, লেবু ও ড্রাগন ফ্রুট) উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ। | ১,৭২,১০০.০০ | ইউজিডিপি | উপজেলা কৃষি সম্প্রসারন অধিদপ্তর |
| ০৩. | কোভিড-১৯ প্রতিরোধে চা বাগানের শ্রমজীবী শ্রমিকদের গর্ভকালীন পরিচর্যা, নিরাপদ মাতৃত্ব, মা ও শিশু মৃত্যু রোধ ও স্বাস্থ্য সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ। | ১,৫৬,০০০.০০ | ইউজিডিপি | উপজেলা পঃ পঃ বিভাগ |
| ০৪. | নির্মাণ শ্রমিক ও রং মিস্ত্রীদের মাননিয়ন্ত্রণ এবং দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ। | ১,৫৬,০০০.০০ | ইউজিডিপি | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |
| ০৫. | হোটেল ও রিসোর্ট কর্মী এবং শ্রমিকদের এসওপি (SOP-Standard Operating Procedures) সরকারি আদেশ অনুসরণ সংক্রান্ত প্রশিক্ষণ। | ১,৭২,১০০.০০ | ইউজিডিপি | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৬. | উপজেলার বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান-এর শিক্ষকদের বিজ্ঞান বিষয়ক ও পাঠদান পরিচালনার উপর প্রশিক্ষণ। | ১,৭২,৮০০.০০ | ইউজিডিপি | উপজেলা মাধ্যমিক শিক্ষা |
| | মোট | ১০,০০০০০.০০ | | |

তিনি সভাকে জানান যে,"উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" কর্তৃক বাস্তবায়নাধীন অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য বিভিন্ন দপ্তর/বিভাগকে আহবান করা হয়েছিলো। তৎপ্রেক্ষিতে ০৩ টি বিভাগ/দপ্তর ০৩ টি উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেন (স্বাস্থ্য ও পঃ পঃ-১টি, মাধ্যমিক শিক্ষা- ২টি,)। উক্ত উপ-প্রকল্প প্রস্তাবনা থেকে উপজেলা প্রকল্প নির্বাচন কমিটি (পিএসসি) ০৩ টি জনগুরুত্বপূর্ণ উপপ্রকল্প নির্বাচন করেন। অতঃপর তিনি উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ পড়ে শোনান ও অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ (ভ্যাট/ট্যাক্স ব্যতিত) | খরচের উৎস | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০১. | কোভিড-১৯ মহামারী মোকাবেলার জন্য শ্রীমঙ্গল উপজেলার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন। | ৪০,০০০০০.০০ | ইউজিডিপি | স্বাস্থ্য ও পরিবার পরিঃ বিভাগ |
| ০২. | শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন মাধ্যমিক/মাদ্রাসা ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহকরণ। | | ইউজিডিপি | মাধ্যমিক শিক্ষা |
| ০৩ | শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় উন্নয়ন স্কুলে গার্লস কর্ণার নির্মাণ। | | ইউজিডিপি | মাধ্যমিক শিক্ষা |
| | মোট | ৪০,০০০০০.০০ | | |

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

| | | |
|---|---|---|
| বিবিধ ০২ | উপজেলা পরিষদ মাঠ ভরাট সংক্রান্ত: সভায় উপজেলা প্রকৌশলী শ্রীমঙ্গল জানান যে, উপজেলা পরিষদ মাঠটি বিদ্যমান ভূমিস্তর থেকে নিচু হওয়ায় বর্ষাকালে পানি জমে থাকে ফলে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। জেলা পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৪৬. ১৬. ০১০. ১৯.১৭৬ নং স্মারকের নির্দেশনার প্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে ইতোমধ্যে উপজেলা পরিষদ মাঠের এক পাশে জাতির পিতার ম্যুরাল নির্মিত হয়েছে। ফলে জাতির শোক দিবসসহ অন্যান্য দিনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণসহ বিভিন্ন প্রয়োজনে মাঠটি ব্যবহৃত হয়ে থাকে। কিন্তু বৃষ্টি পানি জমে থাকায় প্রয়োজনীয় কার্যক্রম ব্যাহত হয়। এমতাবস্থায় মাঠটি ভরাট করে চারপাশে ড্রেন নির্মাণ করে দিলে এসমস্যা থেকে উত্তোরণ পাওয়া সম্ভব। তিনি মাঠ ভরাটের জন্য প্রাক্কলন প্রস্তুতের এবং প্রয়োজনীয় কাযক্রম গ্রহণের জন্য প্রস্তাব করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলীর প্রস্তাবমতে মাঠটি ভরাট করে চারপাশে ড্রেন করে দেওয়ার জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী মাসিক সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| বিবিধ:৩ | সভায় উপজেলা প্রকৌশলী, উপজেলা পরিষদ প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর নির্মিত্ব ম্যুরালে লাইটিং করণ কাজের নির্মাণের জন্য মং-৭৬,৭৯৯/-টাকার একটি প্রাক্কলন প্রস্তুতক্রমে উপস্থাপন করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য নিম্নরূপ একটি প্রকল্প কমিটি গঠন করা হয়।<br><br>প্রকল্প কমিটি<br>১। জনাব প্রানেশ গোয়ালা, চেয়ারম্যান, ৮নং কালিঘাট ইউপি, শ্রীমঙ্গল। — প্রকল্প সভাপতি<br>২। জনাব মনিরুজ্জামান খান, উপ-সহ:প্রকৌশলী এলজিইডি, শ্রীমঙ্গল। — সদস্য<br>৩। জনাব প্রতিভা রানী দেবনাথ, কমিউনিটি অর্গানাইজার, এলজিইডি অফিস, শ্রীমঙ্গল। — সদস্য<br>৪। জনাব সুদীপ দাস, হিসাব সহকারী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। — সদস্য<br>৫। জনাব সঞ্জয় কুমার পন্ডিত, সার্ভেয়ার, এলজিইডি অফিস শ্রীমঙ্গল। — সদস্য সচিব | উপজেলা প্রকৌশলী |
| বিবিধ:৪ | সভায় জানানো হয়, উপজেলা পরিষদ এঁর চেয়ারম্যান মহোদয়ের পাজারো জীপ গাড়ী রাখার গ্যারেজের দেয়ালে ফাটল দেখা দিয়েছে, টিনের চালা দিয়ে পানি পরে এবং নিচের ফ্লোর ভেঙ্গে নষ্ট হয়ে যাওয়ায় তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের পাজারো জীপগাড়ী রাখার গ্যারেজটি পরিদর্শনক্রমে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| বিবিধ: ৫ | উপজেলা নির্বাহী অফিসের ড্রাইভারের বেতন সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার বলেন, তার কার্যালয়ের জীপ গাড়ী চালক দৈনিক মজুরী হিসেবে বেতন পেয়ে থাকেন। বছরে ১/২ বার বরাদ্দের মাধ্যমে উক্ত বেতন-ভাতা মন্ত্রণালয় হতে বরাদ্দ পাওয়া যায়। কিন্তু একজন গরীব গাড়ী চালকের পক্ষে দীর্ঘদিন বিনা বেতনে কাজ করা খুবই দুরহ। উপজেলা নির্বাহী অফিসার বলেন, মানবিক বিবেচনায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত গাড়ী চালকের বেতন দৈনিক হারে মাসিক ভিত্তিতে প্রদান করা হলে তার কষ্ট অনেকটাই লাঘব হওয়া সম্ভব। পরবর্তীতে মন্ত্রণালয় হতে বরাদ্দ পাওয়ার সাথে সাথে তা সমন্বয় করা সম্ভব হবে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ের গাড়ী চালকের বেতন/ভাতা দৈনিক হারে মাসিক ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের এবং বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে তা সমন্বয় করে পরিষদের তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় | |
| বিবিধ: ৬ | সভায় জানানো হয় যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে মস্তির রোলে কর্মরত জনাব মো: জামাল হোসেন এর ডান পায়ের হাড়ে ইনফেকশন ধরা পড়েছে জরুরী ভিত্তিতে অপারেশন করা প্রয়োজন বিধায় আবেদনে উল্লেখ করেছেন। উপজেলা পরিষদ এর পক্ষ থেকে আর্থিক সহায়তা জন্য আবেদন পেশ করেছেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সামাজিক প্রতিষ্ঠান/ ব্যক্তি অনুদান খাত হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

সভায় সভাপতি জানান, করোনা ভাইরাস দিন দিন বৃদ্ধি পাচ্ছে আমরা যদি নিজেরা মাস্ক পরি স্বাস্থ্যবিধি মেনে চলি তাহলে করোনা ভাইরাস হতে কিছুটা হলেও মুক্ত থাকব এবং যারা এখনও টিকা নেননি তারা যেন টিকা গ্রহণ করবেন। আপনি সুস্থ থাকবেন আপনার পরিবার সুস্থ থাকবে। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৬/২৩
(প্রেম সাগর হাজরা)
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল ,মৌলভীবাজার

স্মারক নং .১৪.০৩৬.০০.০১.০০২.৫৮৮৩.৪৬.০৫- ২১ (৩৫)

তারিখ: ১৬.০৮.২০২১

বিতরণ : কার্যার্থে।

০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান..........................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় অবগতার্থে/কার্যার্থে

০১। আলহাজ্ব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

২৩।৮।২১

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ৩০/০৯/২০২১
সময় : বেলা ৪.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা দ্রষ্টব্য "ক" পরিশিষ্ট:

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, বর্তমানে করোনা ভাইরাস এর টিকা কার্যক্রম হাসপাতালে চলমান আছে। প্রতিনিয়ত হাসপাতালে টিকা নেওয়ার জন্য সেবা গ্রহিতারা ভিড় করছেন কেউ বা ১ম ডোজ আবার কেউ ২য় ডোজের জন্য যার কারণে প্রতিদিনই হাসপাতালে ভিড় থাকে। তিনি জানান, যারা এখানে করোনা ভাইরাসে টিকা নিতে আসেন তারা কোন নিয়ম শৃঙ্খলা মানেন না। লাইনে না দাঁড়িয়ে কার আগে কে টিকা নিবে তা নিয়ে ঝগড়া শুরু করে দেন। তিনি পুলিশ প্রশাসনের কাছে সহায়তা প্রার্থনা করেন। যাতে করে টিকা নিতে আসা সেবা গ্রহিতারা কোনভাবেই বিশৃংঙ্খলা না করে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: প্রয়োজনে পুলিশের সহায়তায় টিকা কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>উপ: কৃষি কর্মকর্তা</td></tr>
<tr><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, তার অফিসের সকল দাপ্তরিক কার্যক্রম, প্রাণিচিকিৎসা সেবা, ভ্যাক্সিনেশন প্রোগ্রাম, ডিওয়ার্মিং কার্যক্রমসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>প্রাণিসম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, ইলিশ সম্পদ সংরক্ষণে ২০২১খ্রি: (১৪২৮ বাংলা সন) সরকার কর্তৃক ইলিশের প্রধান প্রজনন মৌসুম হিসাবে আগামী ০৪ অক্টোবর/২১খ্রি: হতে ২৫ অক্টোবর/২১ পর্যন্ত সময়কাল নির্ধারণ করা হয়েছে। উক্ত সময়কালে সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয় ও বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। ইলিশ মাছ বিক্রয় বন্ধ করণে সবার সহযোগিতা কামনা করছি। এছাড়া মৎস্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>প্রকৌশল বিভাগ</td><td>সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থবছরে নতুন ১২ (বার) টি ঠিকাদারী লাইসেন্স এর জন্য আবেদন পত্র পাওয়া গেছে। প্রাপ্ত আবেদন পত্র যাচাইঅন্তে সঠিক পাওয়ায় উপজেলা পরিষদের আওতায় তালিকাভূক্ত ঠিকাদার হিসেবে অনুমোদনের প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আবেদনকারীর নাম ও ঠিকানা</th></tr>
<tr><td>০১</td><td>মেসার্স বন্ধন এন্টারপ্রাইজ, প্রো: বাদল সোয়াদ চৌধুরী, ভানুশিয়া রোড, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০২</td><td>ছালেক ট্রেডিং, প্রো: ছালেক মিয়া, লইয়ারকুল, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৩</td><td>মেসার্স বিনয় এন্টারপ্রাইজ, প্রো: বিনয় কুর্মী, শমসেরনগর, কমলগঞ্জ</td></tr>
<tr><td>০৪</td><td>মেসার্স আফজল এন্টারপ্রাইজ, প্রো: শাম্মী আক্তার, শ্যামলী আ/এ, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৫</td><td>জেএস কনস্ট্রাকশন, প্রো: শফিকুল ইসলাম, ভানুগাছ রোড, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৬</td><td>রোজী এন্টারপ্রাইজ, প্রো: সোহেল আহমেদ, বর্মছড়া চা বাগান, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৭</td><td>মেসার্স সিকদার এন্টারপ্রাইজ, প্রো: মো: ফারুক হোসেন শিকদার, হবিগঞ্জ রোড, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৮</td><td>দি ব্রিলিয়ান্ট, প্রো: মো:মনোয়ার হোসেন, শ্যামলী আ/এ, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৯</td><td>মেসার্স আরাফাত এন্টারপ্রাইজ, প্রো: ইয়াছিন আরাফাত রবিন, স্টেশন রোড, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>১০</td><td>বাবু এন্টারপ্রাইজ, প্রো: মোসাহিদ মিয়া, আশীদ্রোণকুল, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>১১</td><td>মেসার্স মাহিন এন্টারপ্রাইজ, প্রো: দেলওয়ার হোসেন রাহিন, মৌ:বাজার রোড, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>১২</td><td>মেসার্স কনকন্ড এন্টারপ্রাইজ, প্রো:দেলোয়ার হোসেন, পূর্ব রামনগর, মনিপুরি পাড়া, শ্রীমঙ্গল</td></tr>
</table>
সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত ১২ (বার) জন ঠিকাদারকে শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলা প্রকৌশলী জানান, দুটি নতুন ব্রীজ হবে সেখানে অবস্থিত পুরাতন ব্রীজগুলো ভাঙতে হবে। নিলামের মাধ্যমে ব্রীজগুলো ভাঙতে হবে।<br>৩। উপজেলা কমপ্লেক্সের উত্তরা ও চৈতি ভবনের মাঝখানে একটি গভীর নলকূপ উপজেলা পরিষদ হতে স্থাপন করার নিমিত্তে</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ মৌলভীবাজার বরাবরে ডিডি প্রেরণের নিমিত্ত ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা জমা প্রদান করা প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী জানান সভাকে জানান। <br> সিদ্ধান্ত: উপজেলা পরিষদ এর রাজস্ব তহবিল হতে উক্ত নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ মৌলভীবাজার বরাবরে গভীর নলকূপ স্থাপনের জন্য প্রয়োজনীয় ডিডি ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।। | সমাজসেবা বিভাগ |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, করোনার কারণে ১৮ মাস বন্ধের পর ১২/০৯/২০২১ তারিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সীমিত আকারে চালু হয়েছে। দৈনিক ৫ম শ্রেণির ক্লাস হচ্ছে। তার সাথে অন্যদিকে গুলিতে ১ম থেকে ৫ম শ্রেণির ক্লাস হচ্ছে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, পিআরডিপিও প্রকল্পের জন্য নতুন ইউনিয়ন নির্বাচনের নিমিত্ত প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, সিন্দুরখান ও কালাপুর ইউনিয়নে উল্লেখিত প্রকল্পের কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে "পল্লী উদ্যোক্তা ঋণ" প্রকল্পের মাধ্যমে ৬৯.৬০ লক্ষ টাকা বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। <br> সিদ্ধান্ত: যাচাই বাচাই করে ঋণ দেয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বোরো সংগ্রহ ২০২১ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। উক্ত মৌসুমে ধান ৭৭৫ মেঃটন সিদ্ধচাল ২৯৭৭ মেঃটন আতপ চাল ৯৭ মেঃটন সংগ্রহ হয়েছে। বর্তমানে আগামী আমন সংগ্রহের প্রস্তুতি চলছে। শ্রীমঙ্গল পৌরসভায় ৪জন ডিলারের মাধ্যমে খোলা বাজারে চাল বিক্রয় চলমান আছে। শুক্রবার ব্যতীত সপ্তাহে ৬ দিন ১৫০০ কেজি করে প্রতি ডিলার চাল বিক্রয় করছেন। এছাড়া শ্রীমঙ্গল উপজেলায় ৯টি ইউনিয়নের ২০ জন ডিলারের মাধ্যমে ৬৭৩৪জন কার্ডধারীর মধ্যে সুলভমূল্যে চাল বিক্রয় চলমান আছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও বিভিন্ন ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | তাজু মিয়া, ৬নং ওয়ার্ড আলিসারকুল, ২নং ভূনবীর ইউপি | দুটি কিডনী, বল্ব ও পিত্তরসসংক্রান্ত কারণে আর্থিক সহায়তা বাবদ | সামাজিক অনুদান খাত | ৩০০০/- |
| ০২ | মোঃ কাইয়ুম মিয়া, পিঃ মৃত আব্দুল জব্বার, গ্রামঃকালাপুর | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ৩০০০/- |
| ০৩ | সুখময় পান তাঁতী, ৬নং হোসেনাবাদ | বাম পায়ের রগ কেটে যাওয়ায় | ঐ | ৩০০০/- |

সভায় সভাপতি জানান, করোনা ভাইরাস দিন দিন বৃদ্ধি পাচ্ছে আমরা যদি নিজেরা মাস্ক পরি স্বাস্থ্যবিধি মেনে চলি তাহলে করোনা ভাইরাস হতে কিছুটা হলেও মুক্ত থাকব এবং যারা এখনও টিকা নেননি তারা যেন টিকা গ্রহণ করবেন। আপনি সুস্থ থাকবেন আপনার পরিবার সুস্থ থাকবে। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মিতালী দত্ত)
প্যানেল চেয়ারম্যান-২
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল ,মৌলভীবাজার

স্মারক নং ১৪.০১৬.০০.০১.০০২.৫৮৮৩.৪৬.০৫- ২১ (৩৫)

তারিখ: ০৪.১০.২০২১

বিতরণ : কার্যার্থে।
০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ........... ........................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান....................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
০১। আলহাজ্ব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ৩১ অক্টোবর ২০২১ খ্রি।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

নবনির্বাচিত চেয়ারম্যান জনাব ভানু লাল রায় সভায় উপস্থিত উপজেলা পরিষদের প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এম.পি, সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি ও সাবেক চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ মহোদয়কে স্বাগত জানান। তিনি উপজেলা পরিষদের সকল সদস্য এবং দপ্তর প্রধানকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বর্তমানে শ্রীমঙ্গলে উপজেলার অবস্থিত বিভিন্ন কমিউনিটি ক্লিনিক গুলোতে করোনা ভাইরাস এর টিকা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এলাকার জনসাধারণ ১ম ডোজ আবার কেউ কেউ ২য় ডোজ গ্রহণ করছেন। এছাড়া স্বাস্থ্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, উপজেলা কৃষি বিভাগের সকল কাজ স্বাভাবিক আছে। উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদের পুরাতন বিআরডিবি ভবনের পাশে অবস্থিত খালি জায়গায় অনুমোদন এর জন্য প্রস্তাব করা হলো এর মাধ্যমে সমলয়ের ভিত্তিতে ১টি মাঠে একই জাতীয় ফসল চাষ, সমলয় চাষাবাদের ব্যবস্থা গ্রহণ ও একক শস্য বিন্যাস নির্বাচন করে ফসল চাষকে পরিকল্পিত ও ব্যয় সাশ্রয়ী করার জন্য নির্মাণ করা হবে। তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমতি ব্যতিত উপজেলা পরিষদের জমি অন্য বিভাগকে প্রদানের সুযোগ নেই। এমতাবস্থায় এ বিষয়ে মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণ করা যেতে পারে। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, অফিসের সকল দাপ্তরিক কার্যক্রম, প্রাণিচিকিৎসা সেবা, ভ্যাক্সিনেশন প্রোগ্রাম, ডিওয়ার্মিং কার্যক্রমসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি উপজেলা পরিষদ হতে ০১টি সাবমারসিবল টিউবওয়েল স্থাপনের জন্য প্রাণিসম্পদ বিভাগের সকল সকল কর্মকর্তা/কর্মচারীদের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার জানান, উপজেলা মৎস্য দপ্তরের নিয়মিত কার্যক্রম যেমন মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, পুকুরের পানি পরীক্ষা এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়া তার এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | ১। সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থবছরে উপজেলা রাজস্ব উন্নয়ন/উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য পুনঃ সংশোধিত প্রকল্প তালিকা ও প্রকল্প কমিটি পাওয়া গেছে। উক্ত প্রকল্প গুলো পিআইসি/টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রকল্প কমিটি দাখিল করা হয়েছে (পরিশিষ্ট-খ)। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন প্রস্তুতক্রমে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রাক্কলন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। সিন্দুরখান ইউনিয়নে দুটি কালভার্ট ভেঙ্গে গেছে সেগুলো দ্রুত মেরামত করতে হবে, এছাড়া বাসন্তী ভবন ও আনসার ক্যাম্পের সেফটিক ট্যাংক পরিষ্কার করণ, পানি সমস্যা দুরীকরণে বাসন্তী ভবনে ২নং ইউনিটে ১টি সাবমারসিবল পাম্প ও উপজেলা নির্বাহী অফিসার ও আনসার সদস্যদের জন্য ১টি সাবমারসিবল পাম্প ক্রয় এবং বাসন্তী দু'তলার ইউনিট মেরামত, উত্তরা ভবনের ৪ (ঘ) ইউনিটের দরজা, জানালা, নিচের ফ্লোর নষ্ট হয়ে গেছে এবং দেয়ালের রং খসে পড়ছে তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।<br>সিদ্ধান্ত: ১। উপজেলা প্রকৌশলী উপস্থাপিত পুনঃসংশোধিত প্রকল্প গুলি (পরিশিষ্ট "খ" সংযোজনী) সরেজমিনে যাচাইঅন্তে প্রাক্কলন প্রস্তুত করতঃ বিধিমতে পিআইসি/টেন্ডারের মাধ্যমে কাজ দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করবেন।<br>২। পানির সমস্যা দুরীকরণে ২টি সাবমারসিবল পাম্প ক্রয়, উপজেলা পরিষদের বাসন্তী ভবনের দু'তলার ২নং ইউনিট ও উত্তরা ভবনের ৪(ঘ) ইউনিটের সংস্কার কাজ বাস্তবায়নের নিমিত্ত সরজমিনে পরিদর্শনক্রমে প্রাক্কলন প্রস্তুত করণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>৩। বাসন্তী ভবন, আনসার ক্যাম্পের সেফটিক ট্যাংকি পরিষ্কার কাজের বিল উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, প্রতি মাসে প্রতিটি ইউনিয়নে ৮/৯টি স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয়। মা ও শিশু স্বাস্থ্য সেবা গর্ভবতী মায়েদের সেবা ও সাধারণ রোগীদের সেবা প্রদান করা হয়। উক্ত স্যাটেলাইট ক্লিনিক কর্মীদের হাজিরা ইলেক্ট্রনিক ডিভাইজ এর মাধ্যমে হাজিরা হচ্ছে। এছাড়া তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | |
| সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা |

| | | |
|---|---|---|
| | দায়িত্বঃ উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। পাশাপাশি তিনি সভাকে জানান যে,"উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" কর্তৃক বাস্তবায়নাধীন অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প নির্বাচন করে এবং প্রস্তাবনা প্রণয়ন করে অতি শীঘ্র প্রকল্প অফিসে অনুমোদনের জন্য পাঠানো প্রয়োজন। | |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও বিভিন্ন ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | আনিছ মিয়া, পিতা: ইসলাম মিয়া, খাড়েরগাঁও, সিন্দুরখান, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ০২ | হাবিল মিয়া, পি: গণি মিয়া, গ্রামঃটিকরিইলাত, সিন্দুরখান, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ০৩ | কার্তিক রায়, সভাপতি, সোনাছড়া চা বাগান প্রাইজমানি ফুটবল টুর্নামেন্ট ২০২০-২১ টুর্নামেন্ট পরিচালনা কমিটি | মুজিব শতবর্ষ উপলক্ষে "সোনাছড়া চা বাগান প্রাইজমানি ফুটবল টুর্নামেন্ট ২০২০-২১ টুর্নামেন্ট" এর ফাইনাল খেলায় পরিচালনা কমিটিকে আর্থিক সহায়তা প্রদান। | অনুদান খাত | ১৫০০০/- |
| ০৪ | মো: আবুল কালাম তালুকদার, পি: মো: আব্দুস সালাম তালুকদার, শাহাপুর, সিন্দুরখান, শ্রীমঙ্গল | লিভারজনিত রোগের চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ৩০০০ |

| | | |
|---|---|---|
| বিবিধ ০২ | সভায় জনাব মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান, শ্রীমঙ্গল উপজেলা পরিষদ জানান যে, বাথরুমের দরজা ভেঙ্গে গেছে, কক্ষের রং কমে পড়েছে এবং কক্ষে অবস্থিত অনার বোর্ডটি নষ্ট হয়ে যাওয়ায় নতুন একটি অনার বোর্ড স্থাপন করার জন্য অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ মহিলা চেয়ারম্যানের কক্ষে রং করন, বাথরুমের দরজা এবং অনার বোর্ড স্থাপনের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের উপনির্বাচনে বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এম.পি, সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ও সাবেক চীফ হুইপ মহোদয় উপস্থিত থেকে সরকারি কাজ কর্মে নির্দেশনা প্রদান করে প্রেরণা যুগিয়েছেন এজন্য পরিষদের পক্ষ থেকে আবারো থাকে কৃতজ্ঞতা প্রকাশ করে এবং উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং ১৪.০১৬.০০.০১.০০২.৫৮৮৩.৪৬.০৫-২৮(৩৫)
তারিখঃ ০৩.১১.২০২১

বিতরণ : কার্যার্থে।
০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা .....................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান...................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
০১। বীর মুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা ও উপজেলা পরিষদের প্রধান উপদেষ্টা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

| বিভাগ | | বিভাগ |
|---|---|---|
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, ১২/০৯/২০২১ তারিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস চলমান আছে। নির্ধারিত রুটিন অনুযায়ী স্কুল পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। অক্টোবর মাসের ভিজিডির খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। পৌরসভার ল্যাকটেটিং উপকারভোগী বাছাই সম্পন্ন হয়েছে ও এমআইএস পদ্ধতিতে ভাতা উত্তোলনের জন্য অনলাইন কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইউটিসি ও আইজি ট্রেনিং কার্যক্রম যথারীতি চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, সেপ্টেম্বর ২০২১ মাসে আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১১৮৬২৫/-, আদায়কৃত ১০৬৪০০/-, আদায়ের হার ৮৯.৬৯%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৪.৩৬%। কিস্তি খেলাপী আদায় ৭৫০০। ঋণ খেলাপী আদায় ২৫০০/-। চলতি মাসে ঋণ বিতরণ নাই। পরিবার ভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য ৪৮০০০/- টাকা, আদায়কৃত ৪৮০০০/-টাকা। আদায়ের হার ১০০%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮.৬৭%। কিস্তি খেলাপী আদায় নাই, ঋণ খেলাপী আদায় ২০৪০। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৭৬.৪০% তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বর্তমানে ইউনিয়ন পর্যায়ে খাদ্য বান্ধব কর্মসূচি এবং পৌরসভায় ওএমএস কার্যক্রম চলমান আছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য গত ২৫ আগস্ট ২০২০ তারিখের ৪৬.৬০০,০০২,০০.০০.,০০.০৩৫ (০২).২০২১-২৪৪ নং স্মারকে প্রকল্প পরিচালক-ইউজিডিপি কতৃক উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য আহবান করা হয়। তদপ্রেক্ষিতে ০৭ টি বিভাগ/দপ্তর ০৭ টি উপপ্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেন (যুব উন্নয়ন - ২টি, কৃষি-২টি, ভূমি অফিস-১টি , মহিলা বিষয়ক-১ টি, ও মাধ্যমিক শিক্ষা-১টি) এবং তিনি উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ পাঠ করে শোনান ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | উপজেলা প্রকৌশলী |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ (ভ্যাট/ট্যাক্স ব্যতিত) | খরচের উৎস |
|---|---|---|---|
| ০১. | শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন দফতরের কর্মকর্তা ও কর্মচারিদের ই-নথি ও ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ। | ১৫৫৮৫২.০০ | ইউজিডিপি |
| ০২. | ই-নামজারী, অনলাইনে ভুমি উন্নয়ন কর আদায় এবং দাখিলার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ। | ১৩৩৮০০.০০ | ইউজিডিপি |
| ০৩. | পরিবেশ বান্ধব কৃষি প্রযুক্তি ও ফসল সংগ্রহত্তোর ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। | ১০৪০৬৮.০০ | ইউজিডিপি |
| ০৪. | পর্যটন শিল্পকে তরান্বিতকরণে এবং নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ব্লক বাটিক প্রশিক্ষণ। | ১৫২৮৫০.০০ | ইউজিডিপি |
| ০৫. | উপজেলার বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান-এর শিক্ষকদের গণিত বিষয়ক ও পাঠদান পরিচালনার উপর সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ। | ১৭৪৬৪০.০০ | ইউজিডিপি |
| ০৬. | আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বেকার যুবকদের মোবাইল সার্ভিসিং এর উপর প্রশিক্ষণ। | ১৬২৬০০.০০ | ইউজিডিপি |
| ০৭. | গ্রামীণ উন্নয়নে পর্যটনকে তরান্বিতকরণে প্রান্তিক পর্যায়ে আনারস ও লেবু চাষীদের উৎপাদন ও বিপনন বিষয়ক প্রশিক্ষণ। | ১১৬১৯০.০০ | ইউজিডিপি |
| | মোট | ১০০০০০০.০০ | |

সিদ্ধান্ত : উপপ্রকল্প প্রস্তাবনাগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত সদস্যগণ জানান যে, এই উপপ্রকল্পসমূহ বাস্তবায়ন করা হলে শ্রীমঙ্গল উপজেলার সর্বস্তরের জনগণ উপকৃত হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে উপরিউক্ত উপপ্রকল্প গুলি অনুমোদন করা হয় ও প্রকল্প পরিচালক কর্তৃক অনুমোদন অন্তে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহন করা হয়।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল নভেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৯ নভেম্বর ২০২১ খ্রিঃ।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | **সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগীয় সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় তথ্য উপাত্ত সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বর্তমানে আমন ধান কাটা ও পুরোদমে সংগ্রহ চলছে। এছাড়া সরকারি প্রণোদনা বাবদ বিভিন্ন রবিশস্য ও বোরো উফশি এবং হাইব্রিড ধানের বীজ ও সার সর্বমোট ৬৮০০জন কৃষকের মাঝে বীজ ও সার বরাদ্দ দেয়া হয়েছে। যা ইতোমধ্যে উদ্বোধনের মাধ্যমে কৃষকদের মধ্যে বিতরণ করা হচ্ছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা জানান, অফিসের সকল দাপ্তরিক কার্যক্রম, এছাড়া এনএটিপি-২ প্রকল্পের আওতায় ০৯টি গাভী পালন সিআইজি প্রানিসম্পদ সমবায় সমিতি সমূহের মোট ১৮০ জন গাভী পালনকারী সদস্যকে এবং ০৬টি ছাগল পালন সিআইজি প্রানিসম্পদ সমবায় সমিতি সমূহের মোট ৯০ জন ছাগল পালনকারী সদস্যকে দিনব্যাপী প্রশিক্ষন প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তিনি আরো জানান, চলতি মাসে ৪২৩৬টি গরুকে ও ৩১৫০০টি হাঁস-মুরগীকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ১৪৪৭ গবাদিপশুকে ও ১২৪৪৬টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ৩৬৫টি গাভীর কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্পাদিত হয়েছে। প্রানিসম্পদ ক্যাম্পাস ঘাস চাষ নার্সারী হতে কৃষক/খামারীদের .০৮২ একর জমিতে লাগানের জন্য বিনামূল্যে অধিক উৎপাদনশীল উন্নত জাতের নেপিয়ার পাকচং ও জার্মান ঘাস কাটিং প্রদান করা হয়েছে। | প্রানিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, উপজেলা মৎস্য দপ্তরের নিয়মিত কার্যক্রম মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, পুকুরের পানি পরীক্ষা এবং প্রশিক্ষন প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়া মৎস্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কিত কোন আলোচনা হয়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | **সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, অক্টোবর ২০২১ মাসে শ্রীমঙ্গল উপজেলায় সক্ষম দম্পতি ৬৫১৫০ জন। পদ্ধতি গ্রহণকারী সংখ্যা ৫০১৬৫ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৭% এ মাসে ১৪জন স্থায়ী পদ্ধতি এবং ৩২জন আইইউডি ও ৫৪ ইমপ্লান্ট পদ্ধতি নিয়েছেন। গর্ভবতী মহিলা মোট ২৫৩৮জন অত্র বিভাগ বিভিন্ন সেবা কেন্দ্রের মাধ্যমে ৫৫৪জনকে প্রসব পূর্ব সেবা ও ২১১জনকে প্রসব পরবর্তী সেবা ১০৭৯জন শিশুকে স্বাস্থ্যসেবা ২১৫১জন সাধারণ রোগের সেবা প্রদান করা হয়েছে। আগামী ১৮-২৩ ডিসেম্বর/২১ বিশেষ সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে বিভিন্ন ইউনিয়ন পর্যায়ে বিশেষ সেবার আয়োজন করার উদ্যোগ নেয়া হয়েছে।** এছাড়া তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, সরকার রূপকল্প ২০২১-৪১ বাস্তবে রূপায়ন, এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। উপজেলা পর্যায়ে উপজেলা সমাজসেবা কার্যালয়ের নিজস্ব পল্লীমিলনায়তন কেন্দ্র অথবা উপজেলা পরিষদ কর্তৃক প্রদেয় ১২-১৮ শতাংশ (সম্ভাব্য ১৩৪৪৫৯ফুট) জমির (উপজেলা পরিষদের রেজুলেশনের মাধ্যমে) ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকরণ সংক্রান্ত তথ্যাদি প্রকল্প প্রণয়নের জন্য একান্ত প্রয়োজন। এমতাবস্থায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীর সহযোগিতায় উপজেলা পরিষদের অর্থায়নে ডিজিটাল সার্ভে করার জন্য অনুরোধ জানাচ্ছি। তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকরণ সংক্রান্ত তথ্যাদি প্রকল্প প্রণয়নের সাথে আর্থিক সম্পর্ক বিদ্যমান। উক্ত কাজ সম্পন্ন করার জন্য অর্থের উৎস উল্লেখ না থাকায় এ বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | সমাজসেবা বিভাগ |

| | | |
|---|---|---|
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ১ম থেকে ৫ম শ্রেণিতে বার্ষিক পরীক্ষা না হয়ে সমষ্টি মূল্যায়ন হবে প্রতিটি বিদ্যালয়ে। ১লা জানুয়ারি ২০২২ প্রত্যেক শিশুর হাতে বিনামূল্যে পাঠ্যবই পৌঁছে দেয়ার লক্ষ্যে ইতোমধ্যে ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যবই পাওয়া গেছে। যথাসময়ে স্কুলে পৌঁছানো হবে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে বই পৌঁছানো নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, ১৪-২৩ নভেম্বর এস.এস.সি/দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ০২ ডিসেম্বর থেকে এইচএসসি পরীক্ষা শুরু হবে। এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা সম্পন্ন হয়েছে। ২০২২ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রাপ্তি সাপেক্ষে সংরক্ষণ করা হচ্ছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম চলমান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে বই পৌঁছানো নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মাতৃত্বভাতা ল্যাকটেটিং ভাতা এমআইএস পদ্ধতিতে অগ্রণী ব্যাংকের মাধ্যমে বিতরণ হয়। যেহেতু অনেক উপকারভোগী প্রতি বুধবার ভাতা নিতে আসে ব্যাংকে স্থান সংকুলান হয় না বিধায় ব্যাংকের ম্যানেজার উপজেলা নির্বাহী মহোদয়ের মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়ের ভাতাভোগীকে ভাতা দেয়ার জন্য অবস্থান করবে বিধায় সিদ্ধান্ত হয়। কিন্তু ভাতা বিতরণে দীর্ঘসূত্রিতা থাকায় নির্ধারিত তারিখে অফিস কার্যক্রম পরিচালনা কষ্ট সাধ্য হয়ে পড়েছে। ভাতাভোগীদের বসার জায়গা নেই। পয়:নিষ্কাশনের ব্যবস্থা নেই। উক্ত বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা মহিলা বিষয়ক এবং ব্যাংক কর্তৃপক্ষ আলোচনা সাপেক্ষে পর্যায়ক্রমে ভাতা বিতরণের সিডিউল নির্ধারণের মাধ্যমে সীমিত সংখ্যক ভাতাভোগীর উপস্থিতিতে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, অক্টোবর ২০২১ মাসে আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১১৮৬২৫/-, আদায়কৃত ১০৬৪০০/-, আদায়ের হার ৮৯.৬৯%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৪.৩৬%। কিস্তি খেলাপী আদায় ৭৫০০। ঋণ খেলাপী আদায় ২৫০০/-। চলতি মাসে ঋণ বিতরণ নাই। পরিবার ভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য ৪৮০০০/- টাকা, আদায়কৃত ৪৮০০০/-টাকা। আদায়ের হার ১০০%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮.৬৭%। কিস্তি খেলাপী আদায় নাই, ঋণ খেলাপী আদায় ২০৪০। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৭৬.৪০% তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব কর্মসূচি এবং পৌরসভায় ওএমএস কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। বর্তমানে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহের আওতায় আমন ধান এবং চাল সংগ্রহ কার্যক্রম চলছে। শ্রীমঙ্গল উপজেলায় ৮৭৮ মেট্রিক ধান এবং ২০০৫ মেট্রিক সিদ্ধ চালের লক্ষমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি ধানের মূল্য ২৭ টাকা এবং প্রতি কেজি সিদ্ধ চালের মূল্য ৪০ টাকা। সভায় উপস্থিত সদস্যগণের মাধ্যমে শ্রীমঙ্গল উপজেলার সকল কৃষকগণকে সরকারের খাদ্যগুদামে ধান বিক্রয় করার জন্য অনুরোধ জানাচ্ছি। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহায়তায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ধান ও চাল সংগ্রহের লক্ষমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউপি চেয়ারম্যান সকল |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব দীনেশ চন্দ্র দেবনাথ, পিঃ মৃঃ কৃষ্ণ চন্দ্র দেবনাথ, পূর্ব শ্রীমঙ্গল | দুর্ঘটনায় দুটি পা কেটে ফেলে দেয়ায় চলাচলের জন্য হুইল চেয়ার প্রদান | অনুদান খাত | ৬০০০/- |
| ০২ | জনাব তাজুল ইসলাম,সিন্দা, সিন্দুরখান | অগ্নিকান্ডে মেয়ের সারা শরীর পুড়ে যাওয়ায় আর্থিক সহায়তা | অপ্রত্যাশিত খাত | ১০০০০/- |
| ০৩ | জনাব সুবর্ণা আক্তার, স্বাঃ রাশেদুল ইসলাম, শ্যামলী আ/এ, শ্রীমঙ্গল | প্রতিবন্ধী শিশুর একটি ওয়াকার ও বিশেষ জুতা ক্রয়ের আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ০৪ | জনাব মোঃ জুনাব আলী, দপ্তরী, মির্জাপুর উচ্চ বিদ্যালয় | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ০৫ | মোঃ জাহিদুল হক শাকিল, যতরপুর, মির্জাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | মো: মাসুক মিয়া, রাজপাড়া, ভুনবীর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ০৭ | জনাব মো: অহেছ মিয়া, কালাপুর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ০৮ | জনাব জাহানারা বেগম, মাজডিহি, কালাপুর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ০৯ | জনাব রহিমা আক্তার, হরিণছড়া চা বাগান | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১০ | জনাব মো: সুলতান মিয়া, শহরশ্রী, মির্জাপুর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১১ | জনাব নারায়ণ মাদ্রাজী, পি:মৃত টিপু মাদ্রাজী, রাজঘাট চা বাগান | প্যারালাইজড রোগী হিসেবে চলাচলের জন্য একটি হুইল চেয়ার পাওয়ার জন্য | অনুদান খাত | ৬০০০/- |
| ১২ | জনাব মো: কুতুব মিয়া, ১নং ওয়ার্ড মির্জাপুর, শ্রীমঙ্গল | আর্থিক সহায়তা প্রদান বাবদ | অনুদান খাত | ২০০০/- |
| ১৩ | জনাব মো:মসব্দর আলী, টিকরিয়া, আশিদ্রোণ। | মাটি ধষে ছেলের উপরে পড়ে কোমড় ভাঙ্গায় আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১৪ | জনাব হালিমা বেগম, স্বা: নুধু মিয়া কালাপুর, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১৫ | জনাব মো: মন্তাজ মিয়া, সিরাজনগর, কালাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১৬ | জনাব সৈয়দ শাহেদ আহমেদ | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১৭ | জনাব স্বপন দেব, ১নং ওয়ার্ড আশিদ্রোণ, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১৮ | জনাব মো: আব্দুল কাসেম, ১নং ওয়ার্ড আশিদ্রোণ, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ১৯ | জনাব রোকশানা বেগম, বঙ্গন আশ্রয়ণ প্রকল্প, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ২০ | জনাব জিরিয়া হরিজন, কলেজ রোড ডাক ও থানা: শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |
| ২১ | মো: আমির হোসেন, উত্তর ভাড়াউড়া, ওয়ার্ড নং-১, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | অনুদান খাত | ২০০০/- |

| | | |
|---|---|---|
| বিবিধ ০২ | সভায় মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, তিনি গত জুলাই হতে নভেম্বর পর্যন্ত কোন ধরনের টিএ ডিএ ভাতা উত্তোলন করেননি। তিনি তার প্রাপ্য টিএডিএ ভাতা সভায় অনুমোদনের প্রস্তাব করেন। তিনি জানান তার ব্যবহৃত বাথরুমের ফ্লাসার ও দরজার লক ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে তা মেরামতের প্রস্তাব করেন।<br>সিদ্ধান্ত: প্রাপ্যতা অনুযায়ী টিএ ডিএ ভাতা সভায় অনুমোদন করা হয় এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে বাথরুমের ফ্লাসার ও দরজার লক মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| বিবিধ ০৩ | সভায় উপস্থাপন করা হয় যে, উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তার জন্য স্থাপিত সিসি ক্যামেরা এবং লাইনগুলো দীর্ঘদিনের পুরানো হওয়া প্রায় সব কয়েকটি ক্যামেরা এবং অধিকাংশ লাইন নষ্ট হয়ে যাওয়ায় অফিসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা বিধানের স্বার্থে জরুরী ভিত্তিতে নতুন সিসি ক্যামেরা এবং লাইনগুলো পুণ:স্থাপন করা একান্ত প্রয়োজন। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে নতুন সিসি ক্যামেরা এবং লাইনগুলো পুণ:স্থাপনের প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা কমপ্লেক্সে স্থাপিত সিসি ক্যামেরা এবং লাইনগুলোর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে পুণ:স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ ০৪ | সভায় উপস্থাপন করা হয় যে, উপজেলা পরিষদ ৩য় তলার কনফারেন্স রুমে ব্যবহৃত সাউন্ড সিস্টেমটি উপজেলা পরিষদের সভাসহ বিভিন্ন সভানুষ্ঠানে ব্যবহৃত হয়ে থাকে। কিন্তু দীর্ঘদিনের পুরানো এবং অতিব্যবহারের ফলে সাউন্ড সিস্টেমটি নষ্ট হয়ে গেছে। বর্তমানে তা দিয়ে কাজ পরিচালনা করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে নতুন সাউন্ড সিস্টেম সংযোজন করা প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ ৩য় তলার কনফারেন্স রুমে ব্যবহৃত সাউন্ড সিস্টেমটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে সংযোজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ ০৫ | সভায় উপস্থাপন করা হয় যে, বিদ্যুৎ না থাকলে বিকল্প ব্যবস্থা হিসেবে আইপিএস দ্বারা অফিসের কাজ পরিচালনা করা হয়। কিন্তু উপজেলা পরিষদে ব্যবহৃত আইপিএসটি অনেক পুরানো হওয়ায় উপজেলা পরিষদে বিদ্যুৎ চলে যাওয়ার সাথে সাথে আইপিএসটি বন্ধ হয়ে যায় ফলে অফিস কার্যক্রম পরিচালনা বিঘ্ন ঘটে। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে নতুন আইপিএস ক্রয়ের জন্য সভায় প্রস্তাব প্রেরণ করা হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের কাজে ব্যবহৃত আইপিএসটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে সংযোজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |

| | | |
|---|---|---|
| বিবিধ ০৬ | সভায় উপস্থাপন করা হয় যে, উপজেলা পরিষদের ব্যবহৃত মোটরসাইকেল নং- মৌলভীবাজার হ-৯৩৭৩ অফিসের বিভিন্ন প্রয়োজনে ব্যবহৃত হয়ে থাকে। সাইকেলটি পুরাতন হয়ে যাওয়ায় মেরামত করা প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব প্রেরণ করা হয়।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের বাজেট এর বিবিধ খাত হতে নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| বিবিধ ০৭ | সভায় উপস্থাপন করা হয় যে, শ্রীমঙ্গল উপজেলা একটি পর্যটন সমৃদ্ধ উপজেলা হওয়ায় প্রতিনিয়তই সভা সেমিনার অনুষ্ঠিত হয়ে থাকে। উক্ত অনুষ্ঠান সমূহ ছাড়াও জাতীয় অনুষ্ঠানে কার্পেটের প্রয়োজন হয়। কিন্তু উপজেলা পরিষদের নিজস্ব কার্পেট না থাকায় ডেকোরেটার্স হতে সংগ্রহ করতে হয়। তাছাড়া সব সময় সঠিক মানের যেমন কার্পেট পাওয়া যায় না তেমনি অতিরিক্ত অর্থ ব্যয় করতে হয় উপজেলা পরিষদের কাজের সুবিধার্থে ২০০ফুট কার্পেট ক্রয়ের জন্য প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের কাজে ব্যবহৃত ২০০ ফুট কার্পেট উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ ০৮ | সভায় উপস্থাপন করা হয় যে, মোঃ মহিউল ইসলাম (মুমিত), সম্পাদক, প্রথম আঞ্চলিক ফ্রেন্ডশিপ ক্যাম্প সাংগঠনিক কমিটি এবং সম্পাদক, বাংলাদেশ স্কাউট, সিলেট অঞ্চল, (মোবাইলঃ ০১৭১১৯৬৭০২৯) ২৪ নভেম্বর ২০২১ তারিখের বাস্কাঃসিঅ/৮০৬ (০৩)/২০২১ নং স্মারকে জানান যে, বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে 'প্রথম আঞ্চলিক ফ্রেন্ডশিপ ক্যাম্প' ২৬-৩০ ডিসেম্বর ২০২১, স্থানঃ আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, গোলাপগঞ্জ সিলেটে অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পেইন এর মাধ্যমে শিশু-কিশোরদের মাঝে যে স্থবিরতা, অবসাদগ্রস্থতা ও মানসিক অবসাদগ্রস্থতা কর্মচাঞ্চল্যতা ফিরিয়ে আনা ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্কাউটদের এই সম্প্রীতির বন্ধন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখহাসিনা ঘোষিত ভিশন ২০৩০ ও ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'সোনার বাংলা' গড়া এই ক্যাম্পের অন্যতম লক্ষ্য। ক্যাম্পে অংশগ্রহণকারীদের খাদ্য, সামগ্রিক আবাসন, বিদ্যুৎ, পানি, স্যানিটেশন ব্যবস্থাকরণ ও চ্যালেঞ্জিং কার্যক্রম সম্বলিত ক্যাম্প প্রোগ্রাম বাস্তবায়নসহ সকল কর্মক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রায় ২৮,০০,০০০/- (আটাশ লক্ষ) টাকার বাজেট প্রণয়ন করা হয়েছে। যুববয়সীদের উন্নত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদ হতে ১০০০০/- (দশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদানের জন্য আবেদন করেছেন।<br>সিদ্ধান্তঃ আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০০০০/- (দশ হাজার) টাকা ক্রস চেকের মাধ্যমে জনাব মোঃ মহিউল ইসলাম (মুমিত), সম্পাদক, বাংলাদেশ স্কাউট, সিলেট অঞ্চল, (মোবাইলঃ ০১৭১১৯৬৭০২৯) বরাবরে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |

সভায় সভাপতি জানান, হাইল হাওরে সেচ পাম্পের মাধ্যমে অনেকেই বিলগুলো শুকিয়ে ফেলছেন। বিল শুকানোর কোন নিয়ম নেই তার অতিরেই মোবাইল করার জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া ধান চাল সংগ্রহ অভিযান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দের মাধ্যমে সম্পন্ন করার অনুরোধ জানান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দকে ধান চাল সংগ্রহে সহযোগিতা করার অনুরোধ জানান। তিনি জানান, আগামী ৫ জানুয়ারী ২০২২ ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন যাতে সুষ্ঠু হয় কেউ যাতে কোন ধরনের পেশী শক্তি ব্যবহার না করতে পারে সেই দিকে নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং ১৪.০১৬.০০.০১.০০২.৫৮৮৩.৪৬.০৫-২৮(৩৫)
তারিখঃ ০২.১২.২০২১

বিতরন : কার্যার্থে:

০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ..................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান.....................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। আলহাজ্ব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল ডিসেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৩ ডিসেম্বর ২০২১ খ্রি:
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা জানান, উপজেলা মৎস্য দপ্তরের নিয়মিত কার্যক্রম মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, পুকুরের পানি পরীক্ষা এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়া মৎস্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কিত কোন আলোচনা হয়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া শ্রীমঙ্গল কাছারী বাড়িতে (বর্তমান উপজেলা ভূমি অফিস) ত্রিপুরা রাজার তৈরী একটি পুরাতন ভবন আছে। এই ভবনটি সংস্কার করে যাদুঘরে রূপান্তর করতে হবে। এটি সংস্কারের জন্য একটি নির্দেশনা এসেছে। ভবন সংস্কারে কি পরিমাণ অর্থ ব্যয় হবে দ্রুত প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কিত কোন আলোচনা হয়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। তবে উপজেলা নির্বাহী অফিসার জানান, এরই মধ্যে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন স্থানে প্রায় গরীব অসহায়দের জন্য ৫০০০ কম্বল বিতরণ করা হয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগ জন্মনিয়ন্ত্রণ বিষয়ে বিভাগীয় কার্যক্রম পরিচালনা করে থাকে। তবে তাদের কাজের পাশাপাশি জন্মনিবন্ধন বিষয়ে তথ্য সংগ্রহের জন্য তাদের নিয়ে ইতিপূর্বে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রতিমাসে ০ থেকে ৪৫ দিনের মধ্যে জন্মনিবন্ধন সংক্রান্ত বিষয়ে কাজ করার জন্য তাদের অনুরোধ জানানো হয়েছিল। ইতোমধ্যে তারা কি পরিমাণ কাজ কোথায় করেছে তার তথ্য উপাত্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা বিভাগ |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, আগামী ০১ জানুয়ারী ২০২২ প্রাথমিক বিদ্যালয়ের সকল স্কুলে বই বিতরণ করা হবে। প্রত্যেক স্কুলে শিক্ষার্থীরা যাতে যথাসময়ে বই হাতে পায় সে বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br><br>সিদ্ধান্ত: প্রত্যেক স্কুলের শিক্ষার্থীর কাছে যথাসময়ে বই পৌঁছে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, শিক্ষা মন্ত্রণালয়ের এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UTTRCE Phase-II) শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ করার লক্ষ্যে নির্ধারিত স্থানের প্রতিবন্ধকতা অপসারণ ও নির্মাণ উপযোগী করে ঠিকাদারকে বুঝিয়ে দেয়ার জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, আগামী ১০-১৫ জানুয়ারী ২০২২ তারিখের মধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান নির্মাণ কাজ শুরু করার জন্য হ্যান্ডওভার হতে জানানো হয়েছে। এমতাবস্থায়, উক্ত প্রস্তাবিত স্থানের (নির্বাচন অফিস সংলগ্ন উত্তর পাশের জায়গা) বিদ্যমান নার্সারী স্থানান্তরের জন্য অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ১২-১৭বছর বয়সী সকল শিক্ষার্থীকে টিকার আওতায় আনতে হবে। প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হোক যাতে করে কোন শিক্ষার্থী টিকা নেয়া থেকে বাদ না পড়ে। তিনি বলেন, প্রত্যেক স্কুল বর্তমানে খোলা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

<table>
<tr>
<td></td>
<td>রয়েছে। যে সকল বিদ্যালয়ে এডহক কমিটি চলমান আছে সে সব বিদ্যালয়ে দ্রুততার সাথে ম্যানেজিং কমিটির নির্বাচন করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ শিক্ষা মন্ত্রনালয়ের এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UTTRCE Phase-II) শীর্ষক প্রকল্পের আওতায় একলা ভবন নির্মাণ কাজ শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>মহিলা ও শিশু বিষয়ক বিভাগ</td>
<td>সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার অফিসের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকারি শিশু পরিবারে বসবাসকারী যেসব শিশু প্রশিক্ষণ নেয়ার উপযোগি সে সকল শিশুকে মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে ট্রেডে জীবনমুখী প্রশিক্ষণসহ (যেমনঃ ফ্যাশন ডিজাইন, বিউটি ফিকেশনসহ অন্যান্য প্রশিক্ষণ শুধুমাত্র সেলাই প্রশিক্ষণবাদে) অন্যান্য যেসব প্রশিক্ষণ রয়েছে সে সব প্রশিক্ষণে সরকারি শিশু পরিবারের ছাত্রীকে অগ্রাধিকার দেয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td>
<td>উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কিত কোন আলোচনা হয়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, সকল আশ্রয়ন প্রকল্পে সাবমারসিবল পাম্পের মাধ্যমে পানি সাপ্লাইয়ের যে বিষয়গুলো আছে সেগুলো আগামী ১৫ জানুয়ারির মধ্যে আশ্রয়ণ প্রকল্পে টিউবওয়েল স্থাপনের কাজ সম্পাদন করতে হবে। এছাড়া সরকারীভাবে বরাদ্দকৃত টিউবওয়েল ইউনিয়ন পরিষদের বিভিন্ন স্থানে স্থাপনের বাস্তবায়ন অগ্রগতি কতটুকু তা নিশ্চিত করার জন্য উপ-সহঃপ্রকৌশলীকে অনুরোধ জানান।</td>
<td>উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>সমবায় বিভাগ</td>
<td>সভায় উপজেলা সমবায় কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>বন বিভাগ</td>
<td>সভায় রেঞ্জ বন কর্মকর্তার প্রতিনিধি জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, নিরালা পুঞ্জিতে গাছ কর্তন ও গত ২২ ডিসেম্বর ২০২১ তারিখে এলজিইডি রাস্তার পাশে গাছ কর্তন সংক্রান্ত ২টি তদন্ত প্রতিবেদন বন বিভাগের নিকট অত্র কার্যালয় হতে প্রেরণ করা হয়েছে। দ্রুততার সহিত তদন্ত প্রতিবেদন প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>খাদ্য বিভাগ</td>
<td>সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকার কর্তৃক ৮৭৮ মেট্রিক টন ধান ক্রয়ের যে লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে তার পুরোটাই টার্গেট পূরণ করতে হবে। টার্গেট পূরণের জন্য স্থানীয় জনপ্রতিনিধি, কৃষক, কৃষি কর্মকর্তা, ব্লক সুপারভাইজার তাদের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা পূরণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ স্থানীয় জনপ্রতিনিধি, কৃষক, কৃষি কর্মকর্তা, ব্লক সুপারভাইজারসহ সকলের সহায়তায় ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউপি চেয়ারম্যান সকল</td>
</tr>
<tr>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত</td>
<td>উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য আহবান করা হলে, ০১ টি বিভাগ/দপ্তর ০১ টি উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেন (এলজিইডি-১টি)। উক্ত উপপ্রকল্প প্রস্তাবনাটি উপজেলা প্রকল্প নির্বাচন কমিটি (পিএসসি) গুরুত্বপূর্ণ উপপ্রকল্প হিসাবে নির্বাচন করেন। অতঃপর তিনি উপ-প্রকল্প প্রস্তাবনাটি পড়ে শোনান ও অনুমোদনের জন্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ (ভ্যাট/ট্যাক্স ব্যতিত)</th><th>খরচের উৎস</th></tr>
<tr><td>০১.</td><td>শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ।</td><td>৪০০০০০০,০০</td><td>ইউজিডিপি</td></tr>
<tr><td>মোট</td><td></td><td>৪০০০০০০,০০</td><td></td></tr>
</table>
সিদ্ধান্তঃ উপ-প্রকল্প প্রস্তাবনাগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উপরিউক্ত উপ-প্রকল্পটি বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহন করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা), শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>বিবিধ ০১</td>
<td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।
<table>
<tr><th>ক্র.নং</th><th>আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম</th><th>অনুদান প্রদানের কারণ</th><th>খাতের নাম</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>০১</td><td>অর্ক রায় টনি, মাতাঃ সুমা রানী রায়, ভোজপুর, শ্রীমঙ্গল</td><td>পড়াশোনার জন্য আর্থিক সহায়তা প্রদান</td><td>সামাজিক অনুদানখাত</td><td>৩০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>আশরাফুল আলম, পিঃ আবু মোসলেম, পূর্বলাহারপুর, সিন্দুরখান</td><td>পড়াশোনার জন্য আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>৩০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>রুপ্র চক্রবর্তী, পিঃ তরুণ চক্রবর্তী, তপসীপাড়া, আশিদ্রোন</td><td>পড়াশোনার জন্য আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>৩০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>মিঠেন ধর, পিঃ রবীন্দ্র ধর, তপসীপাড়া, আশিদ্রোন</td><td>পড়াশোনার জন্য আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>৩০০০/-</td></tr>
</table></td>
<td></td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | শাহীনুর আক্তার, মিউ পূর্বাশা আ/এ, শ্রীমঙ্গল | বিশ্ববিদ্যালয়ের ভর্তির কোচিং ফি বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৬ | পূর্ণিমা চক্রবর্তী, শ্রেণি: একাদশ, শ্রীমঙ্গল সরকারী কলেজ | পড়াশোনার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৭ | নাসিম আক্তার,মোহাজিরাবাদ, বালিশিরা পাহাড় (ব্লক-১) শ্রীমঙ্গল | শিশু বাচ্চার গলায় টিউমার থাকায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৮ | অনিল চক্রবর্তী, পিং মৃত অনন্ত চক্রবর্তী,রাজাপুর, কালাপুর,শ্রীমঙ্গল | শিশু মেয়ের হাতের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৯ | জনাব রুমি বেগম, স্বামী: বীরমুক্তিযোদ্ধা মৃত মো: রফিক মিয়া, মাঝগিরি, কালাপুর, শ্রীমঙ্গল | চিকিৎসার বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ৫০০০/- |
| ১০ | মো: নুর হোসেন, ভদ্র রোড, শ্রীমঙ্গল | শিশু বাচ্চার চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১১ | দেলোয়ার হোসেন, মাতা: পারভীন বেগম, সেনবাড়ী রোড, শ্রীমঙ্গল | প্রতিবন্ধী বাচ্চার চলাফেরার জন্য হুইল চেয়ার প্রদান | ঐ | ৬২০০/- |
| ১২ | কাজল মলাকার, সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান), বেগম রাবুলজান আব্দুলবারী উচ্চ বিদ্যালয় | দুরারোগ্য ক্যান্সার চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- |

| | | |
|---|---|---|
| বিবিধ ০২ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ ৩য় তলার কনফারেন্স রুমে ব্যবহৃত পিএ সিস্টেম ও ব্যবহৃত আসবাবপত্র উপজেলা পরিষদের সভাসহ বিভিন্ন সভানুষ্ঠানে ব্যবহৃত হয়ে থাকে। কিন্তু দীর্ঘদিনের পুরানো এবং অতিব্যবহারের ফলে পিএ সিস্টেম ও আসবাবপত্র নষ্ট হয়ে গেছে। বর্তমানে তা দিয়ে কাজ পরিচালনা করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে নতুন পিএ সিস্টেম ও আসবাবপত্র নুতন সংযোজন করা প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত:** উপজেলা পরিষদ ৩য় তলার কনফারেন্স রুমে ব্যবহৃত পিএ সিস্টেম ও নতুন আসবাবপত্র সংযোজন উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে সংযোজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ ০৩ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শ্রীমঙ্গল উপজেলা একটি ১০০ ভাগ বিদ্যুতায়িত উপজেলা। কিন্তু এই উপজেলা থ্রি ফেইজ বিদ্যুৎ লাইন নেই। তিনি এই সভার মাধ্যমে শ্রীমঙ্গল উপজেলায় থ্রি ফেইজ বিদ্যুতের লাইন স্থাপনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের থ্রি ফেইজ বিদ্যুৎ সংযোগ স্থাপনের জন্য জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ ০৪ | সভায় জানানো হয়, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীরে নিরাপত্তা লাইটের ওয়্যারিং এবং সবগুলো লাইট না জ্বলার কারণে নিরাপত্তা প্রহরীদের কর্মক্রম পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হয়। তাছাড়া বাসার ভিতরে সৌন্দর্য বর্ধনের জন্য স্থাপিত সিমেন্ট, মাটি এবং প্লাস্টিকের টবগুলো ভেঙ্গে যাওয়ায় তা নতুন করে প্রতিস্থাপন করা প্রয়োজন। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি বিগত ০২ বছর রং না করার কারণে এবং দীর্ঘদিনের পুরানো হওয়ায় দরজা-জানালাসহ কিছু মেরামত কাজের জরুরী প্রয়োজন। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে বাসভবনটি সংস্কারসহ, পুরানো হওয়ায় দরজা-জানালা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীরে নিরাপত্তা লাইটের ওয়্যারিং, প্রয়োজনীয় সংখ্যক লাইট এবং ফুলের টব ক্রয় করে প্রতিস্থাপনের এবং বাসভবনটি জরুরী সংস্কারসহ পুরানো হওয়ায় দরজা-জানালা মেরামতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| বিবিধ ০৫ | সভায় জানানো হয়, উপজেলা আবাসিক বাসস্থান ভবনের ২নং ইউনিটের ১টি দরজা, ২টি জানালা, বাথরুমের বেসিন, সামনের গ্রীল পুরাতন হয়ে যাওয়া বাসায় ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত বাসস্থান ভবনের ২নং ইউনিটটি মেরামতকরণের জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন।<br>**সিদ্ধান্ত:** উপজেলা আবাসিক বাসস্থান ভবন ২নং ইউনিট মেরামত করতে কি পরিমাণ অর্থ ব্যয় হবে তা ইষ্টিমিট করণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |

সভায় সভাপতি জানান, জন্মনিবন্ধন ও ভোটার আইডি কার্ড সংশোধন সংক্রান্ত বিষয় নিয়ে সাধারণ জনগণ বিভ্রান্তির মধ্যে আছে। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইউনিক আইডির জন্য জন্মনিবন্ধন সনদ চাওয়ায় সকলেই একসাথে ইউনিয়ন পরিষদে ধাবিত হয়েছে। ফলে স্বাভাবিক সময়ের চেয়ে চাপ বৃদ্ধি পেয়েছে। জন্মনিবন্ধন সংশোধনের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার গুরুত্বসহকারে বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করেন। ভোটার আইডি কার্ডে নাম সংশোধনে সাধারণ জনগণ যাতে হয়রানির শিকার না হয় সে বিষয়ে নজর রাখার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ করেন। আগামী ৫ জানুয়ারী ২০২২ ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে পুরাতন চেয়ারম্যান পাশ হয়ে আসতে পারেন আবার নতুন চেয়ারম্যান আসতে পারেন। তবে নির্বাচন যাতে সুষ্ঠু হয় কেউ যাতে কোন ধরনের নির্বাচনী নিয়ম লংঘন না করেন এবং পেশী শক্তি ব্যবহার না করতে পারে সেই দিকে নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, জন্মনিবন্ধন সংশোধন সংক্রান্ত অনেক আবেদন নিষ্পত্তির অপেক্ষায় আছে। প্রাপ্ত আবেদনগুলো পরীক্ষান্তে দেখা যায় প্রায় ৭৫ % আবেদনেই কোন না কোন ত্রুটি থাকায় তা যথাসময়ে নিষ্পত্তি করতে সমস্যা হচ্ছে। ইউনিয়ন পরিষদ থেকে জন্মনিবন্ধন আবেদনগুলো পরীক্ষা নিরীক্ষা করে অনুমোদন যোগ্যগুলো প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সভায় চেয়ারম্যান কালাপুর জানান, জন্মনিবন্ধন সংক্রান্ত কার্যক্রম আসলেই একটি মারাত্মক জটিল কাজ। তা নিরসনে আমরা অনেক সময় বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়। তবে আগামীতে জন্ম/মৃত্যু নিবন্ধন সম্পর্কীয় কোন কাগজপত্র ছাড়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হবে না।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং ০৫.৪৬.৫৮৮৩.০০৬.০১.০০২.১৬.১৭.৮৩(৩২)

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২১

বিতরণ : কার্যার্থে।

০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা

০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

০৩। উপজেলা ..................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার

০৪। চেয়ারম্যান..................................(সকল) ইউ.পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

০৫। বেগম ............................., মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় অবগতার্থে/কার্যার্থে

০১। অলহাজ্ব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট

০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার

০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার

০৭। .............................

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল জানুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৬ জানুয়ারি ২০২২ খ্রিঃ।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, ওমিক্রনের সংক্রমণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। গত মাসে ৯৪ জন পজেটিভ পাওয়া গেছে। এরই মধ্যে হাসপাতালেরই ১০ জন। তিনি মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলা এবং সাধারণ সর্দি, কাশি হলেই হাসপাতালে ঔষধ নেয়ার জন্য অযথা এসে ভিড় না করার জন্য অনুরোধ করেন। ভেক্সিনেশন কর্মসূচি এবং কোভিড টেস্ট এর জন্য অতিরিক্ত চাপ সামলানোর জন্য সার্বক্ষণিক আইনশৃংখলা বাহিনীর সদস্য মোতায়নের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। এছাড়া স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য এবং আইনশৃঙ্খলা বাহিনী মোতায়নের বিষয়ে যথাক্রমে উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং অফিস ইনচার্জ শ্রীমঙ্গল থানাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও অফিস ইনচার্জ |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, একই মাঠে একই ফসল সমন্বয়ের ভিত্তিতে পরিকল্পিতভাবে চাষাবাদ, কৃষিতে যান্ত্রিকীকরণ ও উৎপাদন ব্যয় সাশ্রয় করার লক্ষ্যে অক্টোবর/২০২১ মাসের উপজেলা পরিষদের সভায় উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের প্রস্তাব করা হয়। পুরাতন বিএডিসি ভবনের পাশে অবস্থিত খালি জায়গায় সংরক্ষণাগার নির্মাণের প্রস্তাব করা হলে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমতির জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। এমতাবস্থায় উক্ত কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের বিষয়ে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমতি পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুমতি জানান। এছাড়া রবি/২০২১-২২ মৌসুমে বোরো, গম, আলু, সরিষা, ভুট্টা ও সূর্যমুখী ও শীতকালীন শাকসব্জিসহ অন্যান্য রবিশস্য আবাদ কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন, আশিদ্রোণ ইউনিয়নের ১নং ওয়ার্ডের অন্তর্গত বিলাস নদী থেকে পাওয়ার পাম্পের মাধ্যমে পানি সেচ দিয়ে জিলাদপুর গ্রামের প্রায় ২০০ একর জমিতে বোরো ধান আবাদ হচ্ছে। সেচের পানি সাশ্রয় ও অপচয়রোধে আবাদী এলাকা সম্প্রসারণ করা প্রয়োজন। উক্ত সেচ প্রকল্পে প্রায় ১৪০ফুট পানির পাইপ স্থাপন করা হলে পানি অপচয়রোধ হবে এবং আবাদী এলাকা বৃদ্ধি পাবে। ১৪০ফুট পানির পাইপ স্থাপনের জন্য উপজেলা পরিষদের তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সহায়তা প্রদানের জন্য সুপারিশ করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ পুরাতন বিএডিসি ভবনের পাশে খালি জায়গায় সংরক্ষণাগার নির্মাণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং আশিদ্রোণ ইউনিয়নের ১নং ওয়ার্ডে বিলাস নদী থেকে পাওয়ার পাম্পের মাধ্যমে বোরো ধান আবাদের জন্য ১৪০ফুট পাইপ স্থাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার পক্ষে প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা জানান, সম্প্রসারণমূলক কর্মকান্ড গবাদিপশু, হাঁসমুরগীর টিকা কার্যক্রম, কৃমিনাশক ঔষধ বিতরণ, কৃত্রিম প্রজনন, ঘাস বিতরণ, উঠান বৈঠক সুন্দর ও সফলভাবে সম্পন্ন করা হচ্ছে। প্রাণি সম্পদ প্রদর্শনী ২০২২ সফলভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, NATP-2 প্রকল্পের আওতায় মির্জাপুর ইউনিয়নের চিরুয়াডুবি বিলে নার্সারি পুকুর খনন, অভয়াশ্রম বাস্তবায়ন, পোনামাছ অবমুক্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এজন্য তিনি সকলের নিকট সহযোগিতা কামনা করেন। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম যেমন: পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান প্রশিক্ষণ, মাটি-পানি পরীক্ষাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, চিরুয়াডুবি নামক একটি জলমহাল রয়েছে জলমহালটি কি নিলামের তালিকা আছে। চিরুয়াডুবি জলমহালকে কিছু অসাধু জলমহাল ব্যবসায়ী ব্যবহার করছে। অভিযান পরিচালনা করার জন্য মৎস্যকে অনুরোধ জানান। এছাড়া পশ্চিম ভাড়াউড়ায় একটি বিল রয়েছে বিলটি শুকিয়ে যাওয়ায় অবৈধ মাটি ব্যবসায়ীরা এই বিল হতে মাটি খনন করে তা বিক্রি করছে। তাদেরকে চিহ্নিত করার জন্য অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ জরুরী ভিত্তিতে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর পক্ষে উপসহঃ প্রকৌশলী এলজিইডি জানান, শ্রীমঙ্গল কাচারী বাড়িতে (সহকারী কমিশনার ভূমি কার্যালয়) ত্রিপুরা রাজার তৈরি একটি পুরাতন ভবন প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো (কাবিখা ও কাবিটা) ইউনিয়ন পরিষদের অনুকুলে ১ম পর্যায়ে ২৭টি কাজ প্রকল্প কাজ শুরু করা হয়েছে। নির্বাচন থাকার কারণে পুরো কাজ শেষ করা সম্ভব হয়নি। গত ১৬ জানুয়ারি ২০২২ তারিখে গ্রামীণ রাস্তার ১৫ মিটার ব্রীজ ও কালভার্ট প্রকল্পে শ্রীমঙ্গল উপজেলায় ৫টি কাজের লটারীর করা হয়েছে। লটারির মাধ্যমে ঠিকাদার পাওয়া গেছে ৫টি কাজ দ্রুত সম্পাদন করা হবে। ২য় পর্যায়ে আরেকটি কাজ যেটাকে আমরা ৪০ দিনের কর্মসূচি বলি। সেই ৪০ দিনের কর্মসূচিতে নতুন কিছু নির্দেশনা পাওয়া গেছে পূর্বে শ্রমিকের সংখ্যা ছিল ২২৭৬ জন্য কিন্তু এবার শ্রমিকের সংখ্যা ১১০৪ জন করা হয়েছে। শ্রমিকদের মজুরী ২০০ টাকা হতে ৪০০ টাকা করা হয়েছে। জিটুপি পদ্ধতিতে শ্রমিকের মজুরী প্রদান করা হবে। ৯টি ইউনিয়নের শ্রমিকের তালিকা প্রস্তুত করা হচ্ছে। শ্রমিকের মজুরীর রকেটের মাধ্যমে প্রদান করা হবে। এটি সরকারের একটি নতুন পদ্ধতি। এই পদ্ধতি বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট সহযোগিতা কামনা করেন। তিনি আরেকটি বিষয় সম্পর্কে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। দুর্যোগ ও ত্রাণ বিভাগের মাধ্যমে বাস্তবায়িত ১ কি:মি রাস্তা নির্মাণের জন্য ঠিকাদার কর্তৃক টেন্ডার আহবান করা হয়। উক্ত টেন্ডার কার্যক্রমটি ঠিকাদারগণের সম্মুখে লটারী কার্যক্রম সম্পূর্ণ হবে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (কাবিটা ও কাবিখা) ইউনিয়ন পরিষদের সর্বমোট ২৭টি প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন এবং ৪০দিনের কর্মসূচি প্রকল্পে শ্রমিকগণের কাজের নিয়মিত হাজিরা প্রস্তুতকরণ ও যে ১১০৪ শ্রমিক ইউনিয়ন পর্যায়ে কাজ করবেন তাদের মোবাইল নম্বর যাতে সঠিক থাকে এবং মোবাইল যাতে বন্ধ না থাকে সেবিষয়টি শ্রমিকদের অবগত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | **সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, ডিসেম্বর/২১ মাসে শ্রীমঙ্গল উপজেলা মোট সক্ষম দম্পতি ৬৫১৫৮জন এর মধ্যে মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৫০৩৬২জন। গ্রহণকারীর হার (Car) ৭৭.২৯% । তিনি আরো বলেন, এ মাসে ১৪টি স্থায়ী কমিটি (পুরুষ-০৪টি এবং মহিলা ১০টি) পদ্ধতি, ৩৫ টি আই.ইউ.ডি এবং ১৭৪টি ইমপ্লান্ট হয়েছে। উপজেলার মোট ২৩৭০জন গর্ভবতী মায়ের মধ্যে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন সেবা কেন্দ্রের মাধ্যমে মোট ৫১১জন গর্ভবতী মায়েদেরকে প্রসব পূর্ব সেবা, ০২জনকে প্রসব সেবা, ১৭৪জনকে প্রসবোত্তর সেবা, ৯৭০জন শিশুকে স্বাস্থ্যসেবা এবং ২২২৪জন সাধারণ রোগীকে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।** | উপজেলা পরিবার পরিকল্পনা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, সরকার চা শ্রমিকদের এককালীন আর্থিক অনুদান G2P( Government to persons) পদ্ধতিতে বিতরণের সিদ্ধান্ত নিয়েছেন। এ জন্য উপকারভোগীর তথ্য MIS (Management information system) করতে হবে। MIS করার জন্য চা শ্রমিকদের প্রয়োজনীয় তথ্য চেয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরে প্রত্যেক ম্যানেজার বরাবরে পত্র দেয়া হয়েছে। প্রয়োজনীয় তথ্য পাওয়া গেলে MIS করা হবে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়কে চা শ্রমিকের তথ্য প্রদানের ব্যাপারে চা বাগানের ম্যানেজারকে তাগিদ দিয়ে তথ্য আনয়নের ব্যাপারে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানানো হল। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা বিভাগ |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ১জানুয়ারী ২০২২ খ্রি: তারিখ শিক্ষার্থীদের মধ্যে নতুন পাঠ্যবই বিতরণ করা হয়েছে। বিতরণ কার্যক্রমে কোন সমস্যা হয়নি। ৬ ফেব্রুয়ারি ২২ পর্যন্ত সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় বন্ধ থাকবে। ইতোমধ্যে সকল শিক্ষার্থীদের মধ্যে মাস্ক বিতরণ করা হয়েছে। এছাড়া কিছু কিছু বিদ্যালয়ে ঝুকিপূর্ণ বড় বড় গাছ রয়েছে। সেগুলো কেটে ফেলা একান্ত প্রয়োজন। গাছগুলো কর্তন করা না হলে যেকোন সময় বড় রকমের দুর্ঘটনা ঘটার সম্ভাবণা রয়েছে। গাছগুলো কর্তনের জন্য বনবিভাগে নিকট পত্র করা করা হয়েছে। যাতে অচিরেই ঝুকিপূর্ণ গাছগুলো কর্তন করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br><br>সিদ্ধান্তঃ ঝুকিপূর্ণ গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | **সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, করোনার ভ্যাকসিন স্কুল পর্যায়ে ১ম ডোজ ২০১৮২ ও কলেজ পর্যায়ে ১ম ও ২য় ডোজ মিলিয়ে ৮১৭৫জন ছাত্রছাত্রীকে দেয়া হয়েছে। আইসিটি বিল্ডিং এর কাজ চলতি মাসে শুরু হবে। বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ চলমান আছে। আগামী এক সপ্তাহের মধ্যে বিতরণ কার্যক্রম সম্পন্ন হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।**<br><br>**সিদ্ধান্তঃ** প্রত্যেক স্কুলের শিক্ষার্থীর কাছে যথাসময়ে বই পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, মির্জাপুর, কালাপুর শ্রীমঙ্গল উপজেলা আশ্রয়ন প্রকল্পের ঘরগুলোতে পানির কাজ সম্পূর্ণ হয়েছে। নতুন ঘরগুলোতে পানির ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ দ্রুততার সাথে আশ্রয়ণ প্রকল্পের নতুন ঘরগুলোতে সুপেয় পানির ব্যবস্থা গ্রহণে জন্য উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| **পল্লী উন্নয়ন বিভাগ** | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, এসএমই ঋণ ১ম পর্যায় শেষে ২য় পর্যায়ের তালিকা অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। পিআরডিপি৩ এর ২টি ইউনিয়নে ১৫টি স্কীমের বরাদ্দ পাওয়া গিয়েছে। ঋণ খেলাপী আদায়ে প্রশাসনিক সহায়তা প্রয়োজন। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| **সমবায় বিভাগ** | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার অফিসের বিষয়ে জানা গেল না। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তার প্রতিনিধি জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |

<table>
<tr>
<td>খাদ্য বিভাগ</td>
<td>সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, ২০২১-২২ মৌসুমে ধানের লক্ষমাত্রা ৮৭৮ মেট্রিক টন এবং সিদ্ধা চালের লক্ষমাত্রা ২০৫০ মেট্রিক টন। তন্মধ্যে ধান ৬৩৩ মেট্রিক টন এবং সিদ্ধচাল ২০৪৬ মেট্রিক টন সংগ্রহ করা হয়েছে। করোনা ভাইরাসের প্রার্দুভাব বৃদ্ধি পাওয়ায় বিশেষ ওএমএস কার্যক্রম পুনরায় চালু হয়েছে। শ্রীমঙ্গল পৌরসভায় ৪জন ডিলারের মাধ্যমে উক্ত কার্যক্রম চালু আছে। প্রতি ডিলার দৈনিক ১ মেট্রিক টন চাল এবং ১ মেট্রিক টন আটা বিক্রয় করছেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে সভায় সরকার কর্তৃক ধান এবং সিদ্ধচাল ক্রয়ের যে লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে লক্ষমাত্রা পূরণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্তঃ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহায়তায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ধান ও চাল সংগ্রহের লক্ষমাত্রা ১০০ ভাগ অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ওএমএস এর কার্যক্রমের সঠিকভাবে তদারকি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউপি চেয়ারম্যান, সকল</td>
</tr>
<tr>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত</td>
<td>উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদে বিভিন্ন দপ্তরে ট্রেনিং কার্যক্রম চলমান আছে। ৩য় পর্যায়ে অবকাঠামো নিমাণ কাজ "সাতগাঁও উচ্চ বিদ্যালয়" এর ভবন নির্মাণের কাজ চলমান আছে। ৪র্থ পর্যায়ে ০৩টি প্রকল্প কাজের টেন্ডার কার্যক্রম চলমান আছে। ৫ম পর্যায়ে অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প "শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ" প্রকল্প কাজ হাতে নেয়া হয়েছে। উক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য সাইড নির্ধারণ করা হয়নি। সাইড নির্ধারণ করা হলে প্রকল্প কাজের প্রাক্কলন প্রস্তুত করা হবে মর্মে জানান।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, শ্রীমঙ্গল উপজেলায় বিভিন্নভাবে বিভিন্ন এলাকায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর বসবাস। ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টার নির্মাণ প্রকল্পটি একটি ভালো উদ্যোগ। ভবন নির্মাণের উপযুক্ত স্থান নির্বাচন করা খুবই কঠিন। তাই ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস সেন্টারটি নির্মাণের স্থানটি পরিষদের সম্মানীত সকল সদস্যদেরকে নিয়ে আলাপ আলোচনার মাধ্যমে সঠিক স্থান নির্বাচনের অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত : শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠীদের মাল্টিপারপাস সেন্টার নির্মাণের বিষয়ে পরিষদের সকল সদস্যদেরকে নিয়ে তাদের সাথে মতবিনিময় করে সঠিক স্থান নির্বাচন করার জন্য ইউডিএফ (জাইকা) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা), শ্রীমঙ্গল</td>
</tr>
<tr>
<td>বিবিধ ০১</td>
<td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।
<table>
<tr><th>ক্র.নং</th><th>আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম</th><th>অনুদান প্রদানের কারণ</th><th>খাতের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>সুধীর বুনার্জী, দক্ষিণ আমরাইল চা বাগান, সাতগাঁও ইউপি</td><td>ধানের মাড়াই কলে হাত ঢুকে বাম হাতের মাংস ও হাড় ভেঙ্গে যাওয়ায় চিকিৎসা সহায়তা</td><td>সামাজিক অনুদানখাত</td><td>৩০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>অন্তি দেব, ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী<br>বিজ্ঞান বিভাগ, জিপিএ ৪.৮৩</td><td>কলেজে ভর্তির জন্য আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>শুভ্র দেব, ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী<br>ব্যবসা বিভাগ, জিপিএ ৩.৭২</td><td>কলেজে ভর্তির জন্য আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>মঞ্জু সিং, পূর্বাশা আবাসিক এলাকা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার</td><td>কলেজে ভর্তির জন্য আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>ফারুক আহমেদ, পিতা: মৃত তমির আলী, মাতা: জরিনা বেগম, রাজঘাট চা বাগান।</td><td>ঘর তৈরিতে আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>সিতারাম, সভাপতি, জেরিন চা বাগান (চল্লিশপাড়া) সংসঙ্গ, শ্রীমঙ্গল</td><td>হারমুনিয়াম ক্রয়ের জন্য আর্থিক সহায়তা</td><td>ঐ</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>মো: আব্দাল মিয়া, পিঃ মৃত মুকুল মিয়া, লামুয়া, ২নং ওয়ার্ড, কালাপুর, শ্রীমঙ্গল</td><td>চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>মো: ফুরুক মিয়া, সাং- পূর্ব লইয়ারকুল, ভূনবীর, শ্রীমঙ্গল</td><td>শারীরিক প্রতিবন্ধী মেয়ের চলাচলের জন্য একটি হুইল চেয়ার ক্রয়ের জন্য আর্থিক সহায়তা</td><td>ঐ</td><td>৬৫০০/-</td></tr>
<tr><td>০৯</td><td>মো: সফিক উল্লা, ৩নং ওয়ার্ড, শ্রীমঙ্গল</td><td>হাপানী রোগের চিকিৎসার বাবদ আর্থিক সহায়তা প্রদান</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>শফিক মিয়া, ইসলামপুর, ষাড়েরগাজ, জানাউড়া, শ্রীমঙ্গল, মৌলভীবাজার</td><td>স্ত্রীর জরায়ুতে গোটা থাকায় অপারেশনের জন্য আর্থিক সহায়তা</td><td>ঐ</td><td>২০০০/-</td></tr>
<tr><td>১১</td><td>সুভাষ দাশ, পিঃ মৃত সুনীল চন্দ্র দাশ, সবুজবাগ আ/এ, শ্রীমঙ্গল</td><td>হৃদরোগে আক্রান্ত হওয়ায় বাইপাস করানোর জন্য আর্থিক সহায়তা</td><td>ঐ</td><td>৫০০০/-</td></tr>
</table></td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল</td>
</tr>
</table>

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ১২ | উপক মিয়া, লামাপাড়া, মির্জাপুর | অগ্নিকান্ডে মেয়ের শরীর পুড়ে যাওয়ায় চিকিৎসা সহায়তা | ঐ | ৫০০০/- | | |
| | ১৩ | মোছাঃ পারভীন বেগম, স্বাঃ কদর মিয়া, শহরশ্রী, মির্জাপুর | আগুনে পুড়ে যাওয়ায় চিকিৎসা সহায়তা | ঐ | ৫০০০/- | | |
| | ১৪ | জয়তারা ঋষি, স্বাঃ মৃত ধনঞ্জয় ঋষি, সুনগাইড়, আজিজ সড়ক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | পিত্তথলীতে পাথর হওয়ায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- | | |
| বিবিধ ০১ | সভায় জানানো হয় যে, গত ০৫/০১/২০২২ তারিখে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আগামী কয়েক দিনের মধ্যে শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালিত হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ উপজেলা পরিষদের সদস্য বিধায় ইউনিয়ন পরিষদের শপথ গ্রহণ অনুষ্ঠান উপজেলা পরিষদের তত্ত্বাবধানে আড়ম্বভাবে আয়োজনের জন্য সভায় প্রস্তাব করা হয়। উক্ত অনুষ্ঠানে শতাধিক নির্বাচিত সদস্য তাদের সাথে আত্মীয় স্বজন এবং বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে আড়ম্বভাবে শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত শপথ গ্রহণ অনুষ্ঠানের ব্যয়ভার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য সভায় প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্তঃ শ্রীমঙ্গল উপজেলার সকল ইউনিয়ন পরিষদের নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠানের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | | | | | | উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ ০২ | সভায় জানানো হয়, উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষের সিসি ক্যামেরার টিভিটি নষ্ট হয়ে গিয়েছে। তাৎক্ষনিকভাবে রিলেশন আইটি, ইয়াকুব শপিং সিটি, শ্রীমঙ্গল হতে ক্রয় পূর্বক ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয়িত হয়। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে রিলেশন আইটি, ইয়াকুব শপিং সিটি, শ্রীমঙ্গলকে প্রদানের প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্তঃ সিসি ক্যামেরার জন্য ক্রয়কৃত টেলিভিশনের মূল্য পরিশোধের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে চেকের মাধ্যমে রিলেশন আইটি, ইয়াকুব শপিং সিটি, শ্রীমঙ্গল বরাবের প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | | | | | | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় জনাব মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন, এছাড়া গত ০৫/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে যারা নির্বাচনে বিজয়ী হয়েছেন আর যারা নির্বাচনে বিজয়ী হতে পারেননি তাদেরকে ধন্যবাদ জানান। ৩য় ডোজ ফাইজার টিকা শরীরে গ্রহণ করার কারণে কিছুটা অস্বস্তিবোধ করছি। এছাড়া তিনি স্থায়ী কমিটি সভাগুলো নিয়মিতভাবে করার জন্য দপ্তর প্রধানকে অনুরোধ আহবান জানান।

সভায় সভাপতি বলেন, ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৯জন চেয়ারম্যান নির্বাচনে অংশগ্রহণ করেছেন তাদের মধ্যে ৪জন চেয়ারম্যান পুনঃরায় নির্বাচিত হয়েছেন। আর বাকি ৫জনা নির্বাচিত হতে পারেনি। আজকের সভাটি আপনাদের জন্য শেষ সভা। আপনারা যারা নির্বাচিত হয়ে আসতে পারেননি তাদেরকে সমবেদনা জ্ঞাপন করছি, পরিশেষে আপনারা ভাল থাকবেন। এছাড়া পরিষদের সভাগুলোতে যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয় তা বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ করা হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং ১৪.০১৬.০০.০১.০০২.৫৮৮৩.৪৬.০৫-০১ (৩৫) — তারিখ: ২৭.০১.২০২২

বিতরণ : কার্যার্থে।

০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ......................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান.......................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় অবগতার্থে/কার্যার্থে

০১। আলহাজ্ব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

২৭/০১/২২
(মো: নেছার উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল ফেব্রুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, ২৬/০২/২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে সারাদেশে একদিনে ১.০০ (এক) কোটি গণটিকার কর্মসূচির অংশ হিসেবে আপনাদের সকলের আন্তরিক সহযোগিতায় শ্রীমঙ্গল উপজেলায় গণটিকা কর্মসূচি সফল হয়েছে। এজন্য সবাইকে অসংখ্য ধন্যবাদ, সবাই মিলে একসাথে কাজ করার কারণে আমরা সফল হয়েছি। কিছু কিছু জায়গায় অনেকেই ১ম ডোজের টিকা গ্রহণ করেননি। তাদের খোঁজে বের করে টিকার আওতায় আনা হবে। শুধু টিকা গ্রহণ করলেই হবে না স্বাস্থ্যবিধি মানতে হবে, হাত ধৌত করতে হবে, মাস্ক পড়তে হবে তাহলেই করোনা থেকে আমরা মুক্ত হতে পারব। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালু হয়েছে। ১২-১৭ বছর প্লাস ছাত্র ছাত্রীদেরকে টিকা দেয়া হয়েছে। এছাড়া স্কুল থেকে ঝড়ে পরা ১২-১৭ বছর বয়সী ছাত্র ছাত্রীদেরকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়গণের সহায়তা তাদের খোঁজে বের করে টিকা প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, সরকারী আরো একটি নতুন নির্দেশনা আসতে পারে ৫-১২ বছর বয়সী সকল বাচ্চাদেরকে টিকার আওতায় আনা। এছাড়া শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়নে যে সমস্ত কমিউনিটি ক্লিনিক রয়েছে সেগুলোর ছোটখাটো মেরামত কাজ ইউনিয়ন পরিষদের মাধ্যমে সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জ্ঞাপন করেন। এছাড়া কালাপুর মুজিবনগর, শ্রীমঙ্গল ইউনিয়নের বিরাইমপুর, সাতগাঁও ইউনিয়নে একটি কমিউনিটি ক্লিনিক ও রাজঘাট ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক স্থাপনের জন্য জায়গা পাওয়া গেছে। তবে বিরাইমপুর কমিউনিটি ক্লিনিক নিয়ে মামলা মোকদ্দমা চলছে। বিরাইমপুর কমিউনিটি ক্লিনিকের জন্য জায়গা প্রদান করেন জনৈক মোঃ সিরাজুল ইসলাম কিন্তু পার্শ্বের জায়গার একজন মহিলা বর্তমানে জায়গার মালিক হিসেবে দাবী করছেন। বিষয়টি উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং বর্তমান ইউপি চেয়ারম্যান মহোদয় বিষয়টি অবগত আছে। জায়গার ব্যাপারে কোন সুরাহা করা যায় কিনা পরিষদ সভায় তা উপস্থাপন করেন। কমিউনিটি ক্লিনিক স্থাপনের প্রস্তাব স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সভায় চেয়ারম্যান, ৫নং কালাপুর ইউপি বলেন, কালাপুর আশ্রয়ণ প্রকল্পে কমিউনিটি স্থাপন করা হলে এলাকার সব মানুষ উপকৃত হবে।<br><br>সিদ্ধান্তঃ কমিউনিটি ক্লিনিক স্থাপনের প্রস্তাব স্বাস্থ্য অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান, খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সরকারি ভূর্তকি সহায়তায় কৃষি যন্ত্রপাতি সরবরাহের জন্য কৃষকদের নিকট হতে আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। সেই প্রেক্ষিতে উপজেলা পরিষদের সকল সদস্যদের আগ্রহী কৃষকদের আবেদন প্রেরণ করার জন্য প্রচারণা এবং উদ্বুদ্ধ করার অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br><br>সিদ্ধান্তঃ খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সরকারি ভূর্তকি সহায়তায় কৃষি যন্ত্রপাতির সরবরাহের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপঃ কৃষি কর্মকর্তা |
| প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | প্রানিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান কার্যক্রম শুরু করা হয়েছে। এই সংশ্লিষ্ট ফরম উপজেলা মৎস্য অফিসের পাওয়া যাবে। এছাড়া পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, প্রশিক্ষণ, মাটি-পানি পরীক্ষাসহ বিভাগীয় কার্যক্রম চলমান আছে।<br><br>সিদ্ধান্তঃ জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান কার্যক্রমের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী এলজিইডি জানান, নতুন প্রশাসনিক ভবন নির্মাণ করার জন্য পুরাতন ইউটিডিসি ভবন নির্মাণ করার জন্য পুরাতন ইউটিডিসি ভবনের স্থানটিকে নির্বাচিত করা হয়েছে। এমতাবস্থায়, পুরাতন ইউটিডিসি ভবনে অবস্থিত অফিসসমূহ অন্যত্র স্থানান্তর পূর্বক অফিস ভবনটি অপসারণ করা প্রয়োজন। উপজেলা উন্নয়ন পরিচালন প্রকল্পের ২০১৮-২০১৯ অর্থবছরের আওতায় সাতগাঁও উচ্চ বিদ্যালয়ের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ ১। বিস্তারিত আলোচনান্তে পুরাতন ইউটিডিসি ভবনে অবস্থিত অফিস সমূহ জরুরী ভিত্তিতে অন্যত্র স্থানান্তর করবেন সংশ্লিষ্ট | উপজেলা প্রকৌশলী, উপজেলা যুব কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা, উপজেলা মাধ্যমিক, উপজেলা সমবায় |

| | | |
|---|---|---|
| | অফিস সমূহ।<br>২। পুরাতন ইউটিডিসি ভবন প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। সাতগাঁও উচ্চ বিদ্যালয়ের ভবন নির্মাণের বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, সরকার চলতি ২০২০-২০২১ অর্থবছরে দেশের অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা বৃদ্ধি করেছেন। শ্রীমঙ্গল উপজেলায় সর্বমোট ৪৯২ জনের ভাতা (অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা) বৃদ্ধি করেছেন। ইতোমধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে উপকারভোগীর তালিকা পাওয়া গেছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ প্রাপ্ত তালিকা অনুযায়ী উপকারভোগীদের ভাতার বই বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা বিভাগ |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, গত মিটিং এর সিদ্ধান্ত মোতাবেক খিলগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের গাছ কর্তনের নিমিত্তে রেঞ্জ কর্মকর্তা শ্রীমঙ্গল মহোদয় বরাবরে গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। আগামী ০২/০৩/২০২২ সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলো রিওপেনিং এর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সিদ্ধান্তঃ শ্রীমঙ্গল উপজেলার যে সকল প্রাথমিক বিদ্যালয়ের ভিতরে অবস্থিত ঝুকিপূর্ণ গাছ রয়েছে সেগুলোর তালিকা প্রস্তুত করে গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রেঞ্জ বন কর্মকর্তাকে পত্র প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | **সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, ১২ বছরের বয়সের শিক্ষার্থীদের টিকা কার্যক্রম ২য় ডোজ সম্পন্ন হয়েছে। ১২ বছরের বয়সের শিক্ষার্থীদের ১ম ডোজ এর সংখ্যা ছিল প্রায় ২৮৬৮৩ জন। নতুন বছরের বই বিতরণ সম্পন্ন হয়েছে।**<br>এছাড়া আরো বলেন, বিগত ১৮/০১/২০২২ তারিখের প্রস্তুতিমূলক সভার ১২নং সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের ধার্যকৃত টাকা দ্বারা ০২ দিনের প্রতিযোগিতা পরিচালনা কষ্টকর হওয়া প্রতিবারের ন্যায় এবার ৫০তম জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি খেলাধুলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের জন্য প্রস্তাব করেন।<br>**তিনি আরো বলেন, "বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন" স্থাপনের নির্ধারিত স্থানের বিদ্যমান নার্সারি স্থানান্তর, নার্সারীর ভিতরে একটি বড় গাছ রয়েছে উক্ত গাছটি কর্তন এবং একটি বিদ্যুৎতের খুঁটি রয়েছে। খুঁটিটি স্থানান্তর করা প্রয়োজন খুঁটি স্থানান্তর করার জন্য তিনি মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিতে অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।**<br>সিদ্ধান্তঃ ৫০তম জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি খেলাধুলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং **খুঁটি স্থানান্তর করার জন্য তিনি মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিতে বরাবরে পত্র প্রেরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডি চাল মাসের প্রথম সপ্তাহে বিতরণের কথা থাকলেও দুঃখজনকভাবে প্রথম সপ্তাহের পরিবর্তে মাসের শেষ সপ্তাহে উত্তোলন ও বিতরণে করেন। এই সভার মাধ্যমে প্রতিটি ইউপিকে মাসের প্রথম সপ্তাহে ভিজিডি খাদ্য বিতরণ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। ভিজিডি সঞ্চয় যথাসময়ে ব্যাংকে জমা হচ্ছে কিনা তা নজরধারিতে রাখার জন্য অনুরোধ করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>সিদ্ধান্তঃ ভিজিডি চাল মাসের প্রথম সপ্তাহে উত্তোলনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, জানুয়ারী/২০২২ মাসের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১০৯০৫০/-টাকা, আদায়কৃত ৯৩৫২৫/- টাকা, আদায়ের হার ৮৫.৭৬%, ক্রমপুঞ্জিতে আদায়ের হার ৯৪.৪৪%। কিস্তি খেলাপী আদায় ৩৩০০/-। ঋণ খেলাপী আদায় ২৫০০। চলতি মাসে ঋণ বিতরণ নাই। পরিবার ভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য নাই, আদায়কৃত নাই, আদায়ের হার নাই, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮.৭৭%। কিস্তি খেলাপী আদায় ৬৭২০০/- টাকা, ঋণ খেলাপী আদায় ২৫০০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮০.৯০%। চলতি মাসে বিতরণ নাই। ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষমাত্রা ৪২০ জন। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপ-সহ. প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, অপ্রধান শস্য প্রকল্পের মসলা জাতীয় তেল জাতীয়, ডাল জাতীয় শস্যের উৎপাদন বৃদ্ধি করে মাঠ পর্যায়ে বিআরডিবির মাধ্যমে কার্যক্রম অব্যাহত আছে। উক্ত ফসল উৎপাদনে ৪% হারে স্বল্প সুদে কৃষকদের ঋণ সহ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| **সমবায় বিভাগ** | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আমন সংগ্রহ ২০২১-২০২২ মৌসুম অদ্য ২৮/০২/২০২২ খ্রিঃ তারিখে শেষ হচ্ছে। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৮৭৮.০০০ মেঃটন তন্মধ্যে সংগ্রহ হয়েছে ৭৫০.০০০ মেঃটন। সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা ২০৫০.০০০ মেঃটন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

তন্মধ্যে অতিরিক্ত বরাদ্দসহ সংগ্রহ হয়েছে ৩৯৯৪.০০০ মে:টন। চলমান খাদ্যবান্ধব কর্মসূচি আগামী মার্চ মাস থেকে শুরু হবে। শ্রীমঙ্গল উপজেলার খাদ্যবান্ধব কার্যক্রম পুষ্টিচালের অন্তর্ভুক্ত হয়েছে। মার্চ মাস থেকে পুষ্টিচাল সরবরাহ করা হবে। ভোক্তাগণের তথ্য হালনাগাদের কার্যক্রম চলমান আছে। শ্রীমঙ্গল পৌরসভায় ৪জন ডিলারের মাধ্যমে বিশেষ ওএমএস কার্যক্রম চালু আছে। ভোক্তাগণের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সকল থেকে দীর্ঘ লাইনে নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষের উপস্থিতি লক্ষনীয়। প্রতি ডিলার দৈনিক ১ মে:টন চাল এবং ১ মে:টন আটা বিক্রয় করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় সরকার কর্তৃক ধান এবং সিদ্ধাচাল ক্রয়ের যে লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে লক্ষ্যমাত্রা পূরণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানান।

সিদ্ধান্ত: সভায় সরকার কর্তৃক ধান এবং সিদ্ধাচাল ক্রয়ের যে লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে লক্ষ্যমাত্রা পূরণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

ও ইউপি চেয়ারম্যান সকল

---

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত**

উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ৩য় পর্যায়ের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প-এর কাজ শেষ হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদার-বিল প্রদানের জন্য আবেদন করেছেন। যানিম্নোক্ত-

| ক্র.নং | প্রকল্পেরআইডি | প্রকল্পের নাম | টাকার পরিমান (ভ্যাট ও আয়করব্যতিত | টাকারপরিমান (ভ্যাট ও আয়করসহ) |
|---|---|---|---|---|
| ০১ | INF-২০১৮-১৯-৬০৫৮৮৩-০১ | শ্রীমঙ্গল উপজেলার সাতগাঁও বিদ্যালয়ে শ্রেনীকক্ষের জন্য ভবন নির্মাণ। | ৩৫,৮৮,৭৮৭.০০ | ৪০,০৯,৮১৯.০০ |

পরে তিনি, উপরিউক্ত উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদান পূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর অনুরোধ জানান।

সিদ্ধান্ত : উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদান পূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারগণ-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা), শ্রীমঙ্গল

---

**বিবিধ ০১**

উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব সমর কর, গ্রাম: সোনাগাঁও, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্ট্রোকে আক্রান্ত হওয়া চিকিৎসার বাবদ আর্থিক সহায়তা। | সামাজিক অনুদানখাত | ২০০০/- |
| ০২ | জনাব কৌশিক দত্ত, সভাপতি,স্টাসটেড, সংগঠন, শ্রীমঙ্গল | দরিদ্র ও পথশিশুদের শীতবস্ত্র ও পোশাক বিতরণে আর্থিক সহায়তা করার তাদের আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৩ | জনাব তাজ উদ্দিন মিয়া, পি: মৃত শরিয়ত মিয়া, শহরশ্রী, মির্জাপুর | রাস্তায় আসার পথে দুর্ঘটনায় বাম পায়ে আঘাত পেয়ে পা ভাঙ্গায় চিকিৎসা সহায়তা | ঐ | ৩০০০/- |
| ০৪ | জনাব বাবুল সরকার, পি: মৃ: নরেশ সরকার, বৌলাশীর, মির্জাপুর | কিডনিতে পাথর পাওয়ায় চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৫ | জনাব মৌলান বক্স, পি: ইলাহ মিয়া, ফারজানা বিবি, দার্শচাউন, মির্জাপুর | জটিল রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসা সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৬ | জনাব আছকিরা বেগম, স্বা: মৃ: মজনু মিয়া, পূর্ব শ্রীমঙ্গল | কলেজে ভর্তির জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৭ | জনাব পিতাংশু তরফদার, পিতা: মৃ গজেন্দ্র তরফদার, বৌলাশীর, মির্জাপুর, শ্রীমঙ্গল | পঙ্গুত্ব বরণ করায় আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৮ | জনাব হাসি রানী তরফদার, পিতা: মৃ গজেন্দ্র তরফদার, বৌলাশীর, মির্জাপুর, শ্রীমঙ্গল | প্যারালাইসেস রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসা করানো বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৯ | জনাব মিঠুন রায়, সন্ধানী আ/এ, শ্রীমঙ্গল | সন্ধানী যুব কীর্তনী সংঘের জন্য একটি হারমোনিয়াম ক্রয় বাবদ আর্থিক সহায়তা | ঐ | ১০,০০০/- |
| ১০ | জনাব মো: জামাল মিয়া, পি: মো: খালিক মিয়া, বৌলাশীর, মির্জাপুর | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ১০০০/- |
| ১১ | জনাব দিপালী বর্মন, পূর্বাশা আ/এ, শ্রীমঙ্গল | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১২ | জনাব মো: রুবেল আহমেদ, পি: | লিভার সমস্যায় থাকার কারণে | ঐ | ২০০০/- |

চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল

| | | | | |
|---|---|---|---|---|
| | মোঃ মুক্তার আলী, আমানতপুর, শ্রীমঙ্গল | চিকিৎসা করানো বাবদ আর্থিক সহায়তা প্রদান। | | |
| ১৩ | জনাব সঞ্জয় শর্মা, পিঃ মৃ শ্যামল শর্মা, টিকরিয়া, কালিঘাট, শ্রীমঙ্গল | শিশু বাচ্চার হার্টের সমস্যা থাকায় চিকিৎসা করানো বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ৫০০০/- |
| ১৪ | জনাব সজল তাঁতী (চা শ্রমিক) লাখাইছড়া চা বাগান। | আকস্মিক দুর্ঘটনায় দু'টি পা হারানোর কারণে চিকিৎসা করানো বাবদ আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ৩০০০/- |
| ১৫ | জনাব গিয়াস উদ্দিন, লইয়ারকুল, ভূনবীর, শ্রীমঙ্গল | মেয়ের স্তন ক্যান্সার হওয়ায় চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১৬ | জনাব মোঃ আঃ রহিম, পিঃ মোঃ আঃ রব, দক্ষিণ উত্তরসুর, শ্রীমঙ্গল | চক্ষু চিকিৎসা জন্য আর্থিক সাহায্যের আবেদন। | ঐ | ২০০০/- |
| ১৭ | জনাব মোছাঃ কুহিনুর বেগম, স্বাঃ সুমন মিয়া, শাহীবাগ আ/এ, শ্রীমঙ্গল | পাইলস রোগের ভোগার কারণে চিকিৎসা সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১৮ | জনাব মোঃ আলমগীর মিয়া, পিঃ মৃত মোঃ আব্দুর রহিম, আশিদ্রোণ, শ্রীমঙ্গল | রাজমিস্ত্রি কাজ করতে গিয়ে পড়ে কোমড় ভেঙ্গে যাওয়ায় আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ১৯ | জনাব মোঃ আঃ রহিম, সাং- দুর্গানগর, সিন্দুরখান, শ্রীমঙ্গল | গাছ থেকে পড়ে গিয়ে কোমরে আঘাত প্রাপ্ত হয়ে হুইল চেয়ারে চলাফেরা পঙ্গুত্ব বরণ করায় আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ২০ | জনাব মোঃ হেলাল মিয়া, গ্রামঃ শংকরসেনা, আশিদ্রোণ, শ্রীমঙ্গল | স্ত্রীর পিত্তথলীর পাথর অপারেশন করানোর জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ২১ | জনাব নুরুল আমিন, ভানুগাছ রোড, শ্রীমঙ্গল | স্ত্রীর ব্রেইন টিউমার ও চোখ নষ্ট হওয়ায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ২২ | জনাব মোঃ আলকাছ মিয়া, পিঃ মৃত উস্তার মিয়া, সিক্কা, সিন্দুরখান | পায়খানার রাস্তায় সমস্যা থাকায় চিকিৎসা করানো বাবদ আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ২৩ | জনাব মধুসুদন দেবনাথ, পিঃ হরিমোহন দেবনাথ, তিতপুর, কালিঘাট, শ্রীমঙ্গল | দরিদ্রতায় ভোগার কারণে ঘরের চালের টিন ক্রয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান। | ঐ | ২০০০/- |
| ২৪ | জনাব মোঃ ইলিয়াছ মিয়া, মৃত মোঃ নজির মিয়া, বৌলাশীর, মির্জাপুর | হার্টের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |

| | | |
|---|---|---|
| বিবিধ ০১ | সভায় জানানো হয়, চারুকলা একাডেমীতে শিশু বাচ্চাদের আর্ট শেখানো হয়। এই চারুকলাতে ছোট ছোট কোমলমতি বাচ্চার এসে আর্ট শিখে কিন্তু এখানে পৌরসভা কর্তৃক ড্রেন নির্মাণ করা হয়। ড্রেনটি রাস্তাটি চেয়ে অনেক উপরে থাকার কারণে বাচ্চারা চারুকলাতে একাডেমীতে সহজে উঠতে পারেনা। অনেক সময় বাচ্চারা পড়ে গিয়ে দুর্ঘটনার শিকার হয়। তাই চারুকলা একাডেমীতে যাওয়ার জন্য সিড়িতে নির্মাণের প্রস্তাব সভায় পেশ করেন।<br>সিদ্ধান্তঃ চারুকলা একাডেমীতে কোমলমতি শিশু বাচ্চাদের চলাফেরার স্বার্থে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সিড়ি নির্মাণের নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| বিবিধ ০২ | সভায় জানানো হয়, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন অফিসে স্থাপিত অগ্নি নির্বাপক যন্ত্র (ফায়ার এক্সটিংগুইশার) গুলোর মেয়াদোত্তীর্ণ হয়ে গেছে। অফিসের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ইতোমধ্যে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর মাধ্যমে (ফায়ার এক্সটিংগুইশার) গুলো পরীক্ষান্তে পুনরায় পূর্ণকরণ জন্য অনুরোধ জানানো হয়। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর কর্মীরা ইতোমধ্যে অগ্নি নির্বাপক যন্ত্র (ফায়ার এক্সটিংগুইশার) গুলো পুনরায় পূর্ণকরণ করে যথাস্থানে প্রতিস্থাপন করেছেন এবং উক্ত প্রতিস্থাপনে বিল বাবদ ১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকার বিল দাখিল করেছেন। এমতাবস্থায় দাখিলকৃত বিল অনুমোদন এবং পরিশোধের প্রস্তাব করা হয়। উক্ত প্রস্তাবটি সর্বসম্মতিভাবে গৃহিত হয়।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন অফিসে স্থাপিত অগ্নি নির্বাপক যন্ত্র (ফায়ার এক্সটিংগুইশার) স্থাপনের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| বিবিধ ০৩ | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, আব্দুল ওহাব উচ্চ বিদ্যালয়ের অফিস কক্ষে ব্যবহারের জন্য চেয়ার নেই। তিনি আব্দুল ওহাব উচ্চ বিদ্যালয়ের জন্য ২০টি বসার চেয়ার প্রদানের জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন।<br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আব্দুল ওহাব উচ্চ বিদ্যালয়ের জন্য ২০টি চেয়ার প্রদানের বিষয়টি সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |

জনাব মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন, তিনি বলেন, আমার কক্ষের দেয়ালটি প্লাইউড দিয়ে করা হয়েছে। প্লাইউডটি বর্তমানে ফুলে গেছে যে কোন সময় যে কারো মাথায় ভেঙ্গে পড়তে পারে। সেটি মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন।

সভায় সভাপতি বলেন, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের এটিই প্রথম সভা। আগামী ০৫ (পাঁচ) বছর ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দকে সুষ্ঠু সুন্দরভাবে চালানো যায় সেদিকে সবাইকে নজর রাখার জন্য অনুরোধ করেন। এছাড়া প্রতি মাসের মাসিক সকল ইউপি চেয়ারম্যান ও সংরক্ষিত মহিলা সদস্যবৃন্দেরক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং -০৫.৪৬.৫৮৮৩.০০২.০১.০০.০১৬.২১.৫৬(৩৫)

তারিখ: ০৬/০৩/২০২২

বিতরণ : কার্যার্থে।
০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ......................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান......................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
০১। আলহাজ্ব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

3/3/22

(মোঃ নেছার উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল মার্চ ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ৩০ মার্চ ২০২২ খ্রি
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, করোনা ২য় ডোজ এর কার্যক্রম চলছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, ৪নং সিন্দুরখান ইউপি বলেন, সিন্দুরখান ইউনিয়নের হুগলীয়া উপস্বাস্থ্য কেন্দ্রে একজন এমবিবিএস ডাক্তার সেবা প্রদানের জন্য নিয়োগপ্রাপ্ত হয়েছে। কিন্তু হুগলীয়া উপস্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নিয়োগ হওয়ার পরও তিনি উপস্বাস্থ্য কেন্দ্রে আসেননা।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, হাসপাতালের ডাক্তারবৃন্দকে নিয়ে একটি সভা আহবান করা হবে।<br>সিদ্ধান্তঃ শ্রীমঙ্গল উপজেলার চিকিৎসা সেবার মান বৃদ্ধির জন্য সপ্তাহে ২দিন হুগলীয়া উপস্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার প্রেরণ করা হবে এবং হাসপাতালের সব ডাক্তার মহোদয়গণকে নিয়ে একটি সভা আহবানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, খরিফ-১১/২০২২ মৌসুমে আউশ আবাদ বৃদ্ধিকল্পে প্রনোদনা কার্যক্রম এর মাধ্যমে ২০০০জন কৃষকের মাধ্যমে ২০০০ বিঘা জমির জন্য বিনামূল্যে সার ও বীজ সহায়তা এসেছে। উপজেলা প্রনোদনা ও পুর্নবাসন কমিটির মাধ্যমে প্রত্যেক ইউনিয়নে বিভাজন করা হয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে দ্রুত তালিকা প্রণয়ন করে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া খামার যান্ত্রিকীকরণের প্রকল্পের মাধ্যমে ভুর্তকীর মাধ্যমে যে যন্ত্রপাতি দেয়া হবে এর আবেদন পাওয়া গিয়েছে এবং তালিকা যথারীতি অনুমোদনের জন্য খামারবাড়ি, ঢাকায় পাঠানো হয়েছে। কৃষি কর্মকর্তা আরো বলেন, বিদ্যাবিল এলাকার মত দুর্গম এলাকায় বাগান কর্তৃপক্ষ বাঁধ দিয়ে পানি প্রবাহে বাধা সৃষ্টি করেছেন। বাঁধ দিয়ে পানি আটকানোর ফলে কৃষকরা ধান চাষে ক্ষতির সম্মুখীন হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, বিভিন্ন সময়ে বিভিন্ন বাগানে বাগান কর্তৃপক্ষ বাঁধ দিয়ে পানি প্রবাহে বাঁধা সৃষ্টি করায় হাজার হাজার একর জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। তিনি সৃষ্ট সমস্যার সমাধান কল্পে বাগান কর্তৃপক্ষকে চিঠি প্রদান করা হবে এবং বাগান কর্তৃপক্ষকে নিয়ে একটি সভা আহবান করা হবে।<br>সিদ্ধান্তঃ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে দ্রুত কৃষকদের তালিকা প্রস্তুত করে দেয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সকল |
| প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, প্রাণি সম্পদ অফিসের লোকবলের সংখ্যা কম থাকায় সেবা প্রদান করা যাচ্ছে না।<br>সভায় চেয়ারম্যান ৪নং সিন্দুরখান ইউপি, হুগলীয়া উপস্বাস্থ্য কেন্দ্রের পাশে একটি পশু হাসপাতাল ছিল তিনি সিন্দুরখান ইউনিয়ন পরিষদে যারা দায়িত্বপ্রাপ্ত আছেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা যদি হুগলীয়া উপস্বাস্থ্য কেন্দ্রের পাশের বিল্ডিংএ সপ্তাহে ২দিন পশুর সেবা প্রদান করতে পারেন সভার মাধ্যমে প্রস্তাব করেন।<br>সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় একটি প্রস্তাব রাখেন, তিনি বলেন, প্রাণি সম্পদ অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা যদি একদিনে ৩টি ইউনিয়নে ২ ঘন্টা করে পশুর সেবা প্রদান করেন তাহলে গ্রামের জনসাধারণ উপকৃত হতো।<br>সিদ্ধান্তঃ সপ্তাহে ২দিন সিন্দুরখান ইউনিয়নের জনসাধারণকে সেবা প্রদানের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত। | প্রানিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ইউটিডিসি ভবনের বিদ্যমান অফিস স্থানান্তরের জায়গাটি (কোয়ার্টার) মেরামত করার প্রাক্কলন প্রক্রিয়াধীন আছে। ২০২১-২০২২ অর্থবছরের এডিপি'র টেন্ডার কার্যক্রম আগামী সপ্তাহে পত্রিকায় প্রকাশ করা হবে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উনয়ন বালিকা বিদ্যালয়ের গার্লস কর্ণার ও শ্রীমঙ্গল স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে সেন্ট্রাল অক্সিজেন এর NOA প্রদান করা হয়, খুব শীঘ্রই কার্যাদেশ প্রদান করা হবে এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন মেরামতের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ইউটিডিসি ভবন মেরামতের ব্যয়ভার আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গৃহিত হবে এবং পুরাতন ভবন ভাঙ্গার জন্য প্রাক্কলন প্রস্তুতক্রমে জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয় হতে অনুমোদন সাপেক্ষে টেন্ডারের মাধ্যমে ভাঙ্গার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় সকল তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন চা শ্রমিকদের নগদ এককালিন সহায়তা জিটুপি (Government to person) পদ্ধতিতে বাস্তবায়ন করা হবে। এ লক্ষ্যে আর্থিক সহায়তা গ্রহণে ইচ্ছুক চা শ্রমিকের অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের ঠিকানা http://www.mis.bhata.gov.bd/online Application এ অনলাইনে আবেদন ব্যতিত চা শ্রমিকের আর্থিক সহায়তা পাওয়া যাবে না। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: চা শ্রমিকদের নগদ সহায়তা জিটুপি (Government to person) পদ্ধতিতে প্রাপ্তির লক্ষ্যে চা শ্রমিককে অনলাইনে আবেদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা বিভাগ |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, খিলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছ কর্তনের বিষয়ে বনবিভাগ থেকে দাম নির্ধারণ করতঃ নিলামের জন্য গত ২৯/০৩/২০২২খ্রি: তারিখে চিঠি পাওয়া গেছে দ্রুতই নিলামের ব্যবস্থা গ্রহণ করা হবে। করোনা মহামারীর কারণে স্কুল বন্ধ থাকায় দীর্ঘ দুইবছর পর বর্তমানে স্কুল খোলা আছে নিয়মিত শ্রেণি কার্যক্রম চলছে। তাছাড়া সরকারি ঘোষণা অনুযায়ী ২০(বিশ) রমজান পর্যন্ত স্কুল খোলা থাকবে, শ্রেণি কার্যক্রম ও চলবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, আশিদ্রোণ ইউনিয়নের ফটকী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কোন টয়লেট নেই স্কুলের শিক্ষক এবং বাচ্চারা পাশের একটি বাড়িতে গিয়ে টয়লেট করে থাকে। স্কুলে কিভাবে টয়লেট নির্মাণ করা যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>সিদ্ধান্ত: শ্রীমঙ্গল উপজেলার যে সকল প্রাথমিক বিদ্যালয়ের ভিতরে অবস্থিত ঝুকিপূর্ণ গাছ রয়েছে তালিকা প্রস্তুত করে বনবিভাগ থেকে দাম নির্ধারণের বিষয়ে রেঞ্জ বন কর্মকর্তার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ফটকী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য টয়লেট নির্মাণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, আগামী ২৬/০৪/২০২২ পর্যন্ত সরকারি নির্দেশনা মোতাবেক মাধ্যমিক শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম চলবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, বিগত ২০১৭-২০১৮ ও ২০১৯-২০২০ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গরীব ও মেধাবী ছাত্রছাত্রীদের উপবৃত্তি টাকা প্রদান করা হতো কিন্তু বিগত ০২ বছরের উপবৃত্তির টাকা প্রদান করা হয়নি। তিনি মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিভিন্ন স্কুল, কলেজ হতে গরীব ও মেধাবী ছাত্রছাত্রীদের তালিকা সংগ্রহ পূর্বক তালিকা প্রস্তুতক্রমে আগামী ০৭ দিনে মধ্যে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>সিদ্ধান্ত: ২০১৭-২০১৮ ও ২০১৯-২০২০ অর্থবছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গরীব ও মেধাবী ছাত্রছাত্রীদের ৬ষ্ঠ হতে ৮ম পর্যন্ত ১০০০/-টাকা, ৯ম ও ১০ম শ্রেণির ছাত্রছাত্রীদেরকে ১৫০০/- টাকা, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে ২০০০/- টাকা করে উপবৃত্তির টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় সকল তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ফেব্রুয়ারী/২০২২ মাসের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১০৯০৫০/-টাকা, আদায়কৃত ৯৩৫২৫/- টাকা, আদায়ের হার ৮৫.৭৬%, ক্রমপুঞ্জিতে আদায়ের হার ৯৪.৪৪%। কিস্তি খেলাপী আদায় ৩৩০০/-। ঋণ খেলাপী আদায় ২৫০০। চলতি মাসে ঋণ বিতরণ নাই। পরিবার ভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য নাই, আদায়কৃত নাই, আদায়ের হার নাই, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮.৭৭%। কিস্তি খেলাপী আদায় ৬৭২০০/- টাকা, ঋণ খেলাপী আদায় ২৫০০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮০.৯০%। চলতি মাসে বিতরণ নাই। ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, প্রাণি সম্পদ কর্মকতার কার্যালয়ে সরকারি ব্যবস্থাপনা একটি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। কিন্তু স্থাপনের পূর্বে একটি জনস্বাস্থ্য প্রকৌশল বরাবরে একটি ১০,০০০/- (দশ হাজার) টাকা ডিডি প্রদান করতে হয়। সেই টাকা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয় হতে এখন পাওয়া যায়নি। তিনি ডিডির অর্থ জমা প্রদানের জন্য এই সভার মাধ্যমে অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ আবাসিক ভবনের ভিতরে আনসার বারাক নির্মাণ করা হয়েছে, কিন্তু আনসার বারাকে পানির কোন সুযোগ সুবিধা নেই তিনি আনসার বারাকে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য অনুরোধ জানান। | উপ-সহ: প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, অপ্রধান শস্য প্রকল্পের মসলা জাতীয় তেল জাতীয়, ডাল জাতীয় শস্যের উৎপাদন বৃদ্ধি কল্পে মাঠ পর্যায়ে বিআরডিবির মাধ্যমে কার্যক্রম অব্যাহত আছে। উক্ত ফসল উৎপাদনে ৪% হারে স্বল্প সুদে কৃষকদের ঋণ সহ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, নিয়মিত অডিট, নির্বাচন এজিএম ও সাংগঠনিক সভা অনুষ্ঠিত হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম চালু আছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় সঠিকভাবে হচ্ছে না, বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ আদায় লক্ষ্যমাত্রা সন্তোষজনক হচ্ছে না। সরকারি রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় ও জমা করা হচ্ছে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা |



d

| | | |
|---|---|---|
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব কর্মসূচিতে এপ্রিল/২২ মাস থেকে পুষ্টিচাল সরবরাহ করা হবে। শ্রীমঙ্গল পৌরসভায় ৫জন ডিলারের মাধ্যমে ওএমএস কার্যক্রম চলমান আছে। বোরো সংগ্রহ ২০২২ আগামী এপ্রিল/২০২২ থেকে শুরু হবে। প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে।<br>সিদ্ধান্তঃ ওএমএস এর কার্যক্রমের সঠিকভাবে তদারকি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | শ্রীমঙ্গল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউপি চেয়ারম্যান সকল |
| চেয়ারম্যান সিন্দুরখান ইউপি | চেয়ারম্যান, ৪নং সিন্দুরখান ইউপি বলেন, ৫নং ও ৯নং ওয়ার্ডে গ্রাম পুলিশ ৪ বছর ধরে না থাকায় গ্রাম পুলিশ নিয়োগ করার জন্য অনুরোধ জ্ঞাপন করেন। সিন্দুরখান বাজারে স্থায়ী কোন স্ট্যান্ড নেই যত্রতত্র গাড়ী রাখায় বাজারের জায়গা নষ্ট করা হচ্ছে তিনি বাজারে একটি স্থায়ী স্ট্যান্ড করার জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন। এছাড়া জাপুয়াছড়ায় আশ্রয়ণ প্রকল্প নির্মাণ করা হয়েছে জায়গাটি খুবই দুর্গম স্থানে অবস্থিত সেখানে কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা প্রয়োজন। কমিউনিটি ক্লিনিক নির্মাণ করতে জায়গার প্রয়োজন হলে জায়গার ব্যবস্থা করা যেতে পারে।<br>সিদ্ধান্তঃ শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ নিয়োগ প্রক্রিয়াধীন অচিরেই নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। | চেয়ারম্যান সিন্দুরখান ইউপি |
| চেয়ারম্যান আশিদ্রোণ ইউপি | চেয়ারম্যান, ৬নং আশিদ্রোণ ইউপি বলেন, আশিদ্রোণ ইউনিয়নের আটিঘর বস্তি ও সাইটুলা এলাকার চা বাগান শ্রমিকরা চা শ্রমিকদের জীবনমান উন্নয়নের যে সুযোগ সুবিধা প্রদান করা হয়েছে সেই সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছে। এছাড়া শিববাড়ী ও মোহাজেরাবাদ এলাকায় পাবলিক টয়লেট নির্মাণ করা হচ্ছে কিন্তু কাজগুলো এখনো শতভাগ সম্পূর্ণ হয়নি। সেগুলোর কাজ করে যাতে সম্পূর্ণ হতে পারে মর্মে সভায় উপস্থাপন করেন।<br>সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, অচিরেই শিববাড়ী ও মোহাজেরাবাদ এলাকার পাবলিক টয়লেট নির্মাণের কাজ সম্পন্ন করা হবে।<br>সিদ্ধান্তঃ শিববাড়ী ও মোহাজেরাবাদ এলাকায় পাবলিক টয়লেট নির্মাণ কাজ শতভাগ সম্পূর্ন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহপ্রকৌশলী (জনস্বাস্থ্য), শ্রীমঙ্গল |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | সুজন কর্মকার, সাতগাঁও চা বাগান | অগ্নিকান্ডে ঘর পুড়ে যাওয়ায় আর্থিক সহায়তা | সামাজিক অনুদানখাত | ২০০০/- |
| ০২ | মোঃ আব্দুল নহিদ, জানাউড়া, আশিদ্রোণ, ৯নং ওয়ার্ড | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৩ | ক্লিসিডা তাংসং, নিরালা খাসিয়া পান পুঞ্জি, শ্রীমঙ্গল | চিকিৎসা সহায়তা পাওয়ার আবেদন | ঐ | ২০০০/- |
| ০৪ | ডমাকিন লাংছিয়াং, নিরালা খাসিয়া পান পুঞ্জি, শ্রীমঙ্গল | চিকিৎসা সহায়তা পাওয়ার আবেদন | ঐ | ২০০০/- |
| ০৫ | মোঃ ইউনুছ মিয়া, দক্ষিণ, মুসলিমবাগ, শ্রীমঙ্গল | সন্তানদের লেখাপড়া ও নিজের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৬ | ইছরাইল মিয়া, পিঃ খলিল মিয়া, রায়পরান, মির্জাপুর, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৭ | বাবুল দেব, মির্জাপুর, শ্রীমঙ্গল | অগ্নিকান্ডে ক্ষয়ক্ষতির আর্থিক সহযোগিতা প্রদান। | ঐ | ২০০০/- |
| ০৮ | রেহেনা বেগম, পিঃ আব্দুল মালেক, পুর্বাশা আ/এ, শ্রীমঙ্গল | হার্টের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ২০০০/- |
| ০৯ | মোঃ মজনু মিয়া, পিঃ মৃত মোঃ পরবেশ আলী, সাং-সুইলপুর, মির্জাপুর | আর্থিক অনুদান পাওয়ার জন্য | ঐ | ২০০০/- |
| ১০ | অঞ্জন কর, পিঃ বিনত কর, পুর্বআমলী, শ্রীমঙ্গল | আর্থিক সাহায্য পাওয়ার আবেদন | ঐ | ২০০০/- |
| ১১ | মোঃ জামাল আহমেদ, পুটিয়াছড়া চা বাগান, শ্রীমঙ্গল | বসত ঘরে টিনের পাওয়ার জন্য আর্থিক সহায়তা প্রদান | ঐ | ৫০০০/- |
| ১২ | সুফিয়া বেগম, স্বাঃ তারা মিয়া, উদনার পাড়, শ্রীমঙ্গল | হুইল চেয়ার ক্রয়ের জন্য আর্থিক সহায়তা | ঐ | ৭৫০০/- |
| ১৩ | কংকন দাশ, পিঃ পরেশ দাশ, মাতাঃ খেলা রানী দাশ, বৌলাশীর | আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১৪ | সৈনিক রায় তীর্থ, পূর্ব শ্রীমঙ্গল | মায়ের ক্যান্সারের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১৫ | সজিত বিশ্বাস, প্রধান শিক্ষক, ম্যারিগোল্ড কিন্ডারগার্টেন, সাতগাঁও শ্রীমঙ্গল | ছন্দে বঙ্গবন্ধু কবিতার দেয়ালিকা প্রকাশে আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১৬ | মোঃ ওয়াহিদুর রহমান অপু, জালালীয়ারোড, শ্রীমঙ্গল | উচ্চ রক্তচাপজনিত কারণের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১৭ | মোছাঃ রুবিনা বেগম, বিরাইমপুর, শ্রীমঙ্গল | পরীক্ষার রেজিস্ট্রেশন করার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |

| | | |
|---|---|---|
| বিবিধ ০১ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, আগামী এপ্রিল মাস হতে পবিত্র মাহে রমজান শুরু হবে। উপজেলা পরিষদ হতে প্রতিবারই ইফতারের আয়োজন করা হয় প্রতিবারের ন্যায় এবারও যাতে ইফতারের আয়োজন করা হয় তিনি সেই প্রস্তাব সভায় উপস্থাপন করেন।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পবিত্র রমজান মাসে সুবিধামত সময়ে ইফতারের আয়োজনের ব্যবস্থা গ্রহণের সবসম্মতি সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |

সভায় সভাপতি বলেন, ওজন সংরক্ষিত মহিলা সদস্য ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে নিয়ে উপজেলা পরিষদ। কিন্তু সংরক্ষিত মহিলা সদস্য এখন নির্বাচন হয়নি। অচিরেই সংরক্ষিত মহিলা সদস্য নির্বাচন করার অনুরোধ জানান। এছাড়া আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং ১৪.০১৬.০০.০১.০০২.৫৮৮৩.৪৬.০৫-০৮(৩৫)
তারিখ: ০৪. ০৪.২০২২

বিতরণ : কার্যার্থে।
০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ......................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান......................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ., মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
০১। উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

08.08.22
(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

# পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল এপ্রিল ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২৭ এপ্রিল ২০২২ খ্রি
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, খরিপ১/২০২২ মৌসুমে আউশ আবাদ বৃদ্ধিকল্পে প্রণোদনা কার্যক্রম এর মাধ্যমে ২০০০ জনের মধ্যে বিনামূল্যে সার ও বীজ বিতরণ সম্পন্ন হয়েছে। হাওরের বোরো ধান প্রায় ৭০% ভাগ কর্তন শেষ হয়েছে। বাকি ধান কাটা অচিরেই সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া সকল কাজ স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ কৃষকরা যাতে বোরো ধান তাদের ঘরে তুলতে পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ. কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সকল |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, শ্রীমঙ্গল উপজেলায় মাছের উৎপাদন বৃদ্ধির জন্য চাষীর পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের জন্য পুকুর নির্বাচন চলছে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ইউটিডিসি ভবনের বিদ্যমান অফিস স্থানান্তরের জায়গাটি (কোয়ার্টার) মেরামত করার প্রাক্কলন প্রক্রিয়াধীন আছে। ২০২১-২০২২ অর্থবছরের এডিপি'র টেন্ডার কার্যক্রম আগামী সপ্তাহে পত্রিকায় প্রকাশ করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ইউটিডিসি ভবন মেরামতের ব্যয়ভার আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গৃহিত হবে এবং পুরাতন ভবন ভাঙ্গার জন্য প্রাক্কলন প্রস্তুতক্রমে জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয় হতে অনুমোদন সাপেক্ষে টেন্ডারের মাধ্যমে ভাঙ্গার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় সকল তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | **সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।** | উপজেলা পরিবার পরিকল্পনা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, চা শ্রমিকের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রভিডেন্ট ফান্ডধারী (পিএফ) চা শ্রমিকের এমআইএস করা হয়েছে। মিল কৃত তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর নিকট প্রেরণ করা হয়েছে। মিলকৃত তালিকা থেকে উপকারভোগী বাছাই করে স্বাক্ষরিত তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়ে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় পে-রোল প্রেরণ করা সম্ভব হবে না। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ মিল কৃত তালিকা থেকে উপকারভোগী বাছাই করে সমাজসেবা কার্যালয়ের দাখিল করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা বিভাগ ও ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, স্বাস্থ্যবিধি অনুসরণ করে স্কুলের পাঠদান কার্যক্রম চলছে। যে সমস্ত স্কুলে টয়লেট/ওয়াসরুম নেই সেই স্কুল গুলোর তালিকা ইতোমধ্যেই প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। খিলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছের নিলাম গত ২৬/০৪/২০২২খ্রিঃ তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে গাছ বিক্রয় করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সিদ্ধান্তঃ টয়লেট/ওয়াশ ব্লক নির্মাণের প্রস্তাব সম্পর্কে মন্ত্রণালয়ে যোগাযোগ রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, আগামী ২৬/০৪/২০২২ পর্যন্ত সরকারি নির্দেশনা মোতাবেক মাধ্যমিক শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম চলবে। অদ্য ২৭/০৪/২০২২ তারিখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৬২১ জন শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি প্রদান করা হবে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ৬ষ্ঠ এবং একাদশ শ্রেণির ৩৯০০জন শিক্ষার্থী উপবৃত্তির আবেদন পাওয়া গেছে। আবেদনগুলো অনলাইনে প্রেরন করা হয়েছে। উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর আওতায় বিভিন্ন স্কুল ও মাদ্রাসার বিজ্ঞান বিষয়ক শিক্ষকদের ২টি ব্যাচে ২দিন ধরে ৭০জন শিক্ষককে ট্রেনিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।<br><br>সিদ্ধান্তঃ মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ৬ষ্ঠ এবং একাদশ শ্রেণির ছাত্রছাত্রীর শিক্ষাবৃত্তির আবেদনগুলো সঠিকভাবে যাচাই বাচাই করার অনুরোধ জানান এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গরীব ও মেধাবী ছাত্রছাত্রীদের টাকা যাতে সবাই পায় সেদিকে নজর রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। আগামী সভায় সকল তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, মার্চ/২০২২ মাসের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১০৯০৫০/-টাকা, আদায়কৃত ৯৩৫২৫/- টাকা, আদায়ের হার ৮৫.৭৬%, ক্রমপুঞ্জিতে আদায়ের হার ৯৪.৪৪%। কিস্তি খেলাপী আদায় ৩৩০০/-। ঋণ খেলাপী আদায় ২৫০০। চলতি মাসে ঋণ বিতরণ নাই। পরিবার ভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য নাই, আদায়কৃত নাই, আদায়ের হার নাই, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮.৭৭%। কিস্তি খেলাপী আদায় ৬৭২০০/- টাকা, ঋণ খেলাপী আদায় ২৫০০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮০.৯০%। চলতি মাসে বিতরণ নাই। ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়ে সরকারি ব্যবস্থাপনা একটি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। কিন্তু স্থাপনের পূর্বে একটি জনস্বাস্থ্য প্রকৌশল বরাবরে একটি ১০,০০০/- (দশ হাজার) টাকা ডিডি প্রদান করতে হয়। সেই টাকা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয় হতে এখন পাওয়া যায়নি। তিনি ডিডির অর্থ জমা প্রদানের জন্য এই সভার মাধ্যমে অনুরোধ জানান। উপজেলা পরিষদের আবাসিক ভবনের পিছনে অবস্থিত আনসার ব্যারাকে পানির ট্যাংকি রাখার কোন ব্যবস্থা নেই বিধায় নলকূপ স্থাপন করা হলেও ওয়াশ ব্লক গুলোত পানি সরবরাহ করা সম্ভব নয়। পার্শ্ববর্তী কোয়ার্টারে ডিপিএইচই কর্তৃক একটি নলকূপ স্থাপন করা হয়েছে। স্টাফ কোয়ার্টারের ছাদ থেকে পানির লাইন সংযোগ নেয়া সম্ভব। যেহেতু এলজিইডি উপজেলা পরিষদের সকল কাজ করেন সুতরাং এলজিইডি এর মাধ্যমে পার্শ্ববর্তী স্টাফ এর ছাদ থেকে আনসার ব্যারাকে পানির সংযোগ স্থাপন করা সম্ভব। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ স্টাফ কোয়ার্টারের ছাদ থেকে আনসার ব্যারাকে পানির সংযোগ স্থাপনের জন্য এলজিইডি ও উপ-সহপ্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, অপ্রধান শস্য প্রকল্পের মসলা জাতীয় তেল জাতীয়, ডাল জাতীয় শস্যের উৎপাদন বৃদ্ধি কল্পে মাঠ পর্যায়ে বিআরডিবির মাধ্যমে কার্যক্রম অব্যাহত আছে। উক্ত ফসল উৎপাদনে ৪% হারে স্বল্প সুদে কৃষকদের ঋণ সহ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, নিয়মিত অডিট, নির্বাচন এজিএম ও সাংগঠনিক সভা অনুষ্ঠিত হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম চালু আছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় সঠিকভাবে হচ্ছে না, বার বার তাগিদ  দেয়া সত্ত্বেও ঋণ আদায় লক্ষ্যমাত্রা সন্তোষজনক হচ্ছে না। সরকারি রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় ও জমা করা হচ্ছে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ  বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরো সংগ্রহ ২০২২ খ্রিঃ মৌসুমে শ্রীমঙ্গল উপজেলায় ১২৬ মেট্রিক টন ধানের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। কয়েক দিনের মধ্যে ধান সংগ্রহ শুরু হবে। শ্রীমঙ্গল পৌরসভায় ৪জন ডিলারের মাধ্যমে ওএমএস কার্যক্রম চলমান আছে। প্রতি ডিলার প্রতিদিন ১০০ কেজি চাল এবং ৫০০ কেজি আটা বিক্রয় করছেন। শ্রীমঙ্গল উপজেলায় ২০ ডিলারের মাধ্যমে খাদ্যবান্ধব কার্যক্রম চলমা আছে।<br><br>সিদ্ধান্তঃ ওএমএস এর কার্যক্রমের সঠিকভাবে তদারকি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউপি চেয়ারম্যান সকল |
| নির্বাচন অফিস | সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, সারা দেশব্যাপী আগামী ২০.০৫.২০২২ খ্রিঃ তারিখ থেকে পরবর্তী ৩ সপ্তাহ বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদ করা হবে। নতুন ভোটার হইতে জন্ম সাল ০১.০১.২০০৭ খ্রিঃ তারিখ হতে হবে। অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি, পিতা/মাতার আইডির ফটোকপি, স্বামী/স্ত্রীর আইডির ফটোকপি, শিক্ষা সনদের ফটোকপি, রক্তের গ্রুপ পরীক্ষার ফটোকপি, হোল্ডিং ট্যাক্স রশিদের ফটোকপি লাগবে।<br>২০ মে ২০২২ থেকে পরবর্তী তিন সপ্তাহ বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে, ১০ জুন ২০২২ খ্রিঃ তারিখ হতে নিবন্ধন কেন্দ্রে বায়োমেট্রিক গ্রহণসহ ছবি তোলা ১০ জুন ২০২২ খ্রিঃ তারিখ হতে ২০ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত, ২ জানুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখ খসড়া ভোটার তালিকা প্রকাশ, ১৭ জানুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখ দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন গ্রহণ, ২২ জানুয়ারী ২০২৩ কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তির শেষ তারিখ, ২ মার্চ ২০২৩ হালনাগাদ ভোটার তালিকা প্রকাশের শেষ তারিখ।<br><br>সিদ্ধান্তঃ সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহের কাজে সার্বিক সহযোগিতার করণে জন্য অনুরোধ জানান। এছাড়া যারা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত কর্মী যারা আছেন তারা যেন প্রকৃতপক্ষে প্রত্যেকের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করে এ দিকে বিশেষ নজর রাখার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | কর্মকর্তা শ্রীমঙ্গল |
| "উপজেলা পরিচালন ও | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প সমূহ বাস্তবায়ন চলমান আছে। পাশাপাশি ৫ম পর্যায়ের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনার অনুমোদন পাওয়া গেছে এবং উক্ত প্রকল্পটির জন্য জায়গাও নির্বাচন করা হয়েছে। এখন প্রকল্পটি বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর (এলজিইডি) টেন্ডারসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা |

| | | |
|---|---|---|
| উন্নয়ন প্রকল্প (আইকা) ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মাল্টিপারপাস বিল্ডিং সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য একটি মাল্টিপারপাস বিল্ডিং নির্মিত হতে যাচ্ছে। এই মাল্টিপারপাস বিল্ডিংটি হবে উপজেলা পরিষদের আয়ের একটি অংশ। মাল্টিপারপাস বিল্ডিংয়ের পরিচালনার জন্য একটি কমিটি থাকবে, এই পরিচালনার কমিটির উপদেষ্টা হিসেবে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদে ন্যাস্তকৃত সকল দপ্তরসমূহ সদস্য হিসেবে থাকবেন। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য মাল্টিপারপাস বিল্ডিংয়ের আয়-ব্যয় হিসাবের জন্য একজন কর্মী (কেয়ারটেকার) নিয়োগ করা হবে। নিয়োগকৃত কর্মী (কেয়ারটেকার) বেতন ভাতাদি মাল্টিপারপাস বিল্ডিংয়ের আয়ের ভিত্তিতে বেতন/ভাতা নির্ধারণ করা হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী মাল্টিপারপাস বিল্ডিং নির্মানের পর জনাব মো: তাজুল ইসলাম জাবেদ, পিতা: মৃত শাহ আব্দুল মন্নান আলী, গ্রাম: লামুয়া, উপজেলা: শ্রীমঙ্গল, জেলা: মৌলভীবাজার কেয়ারটেকারের দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>সিদ্ধান্ত : ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য নির্মিতব্য মাল্টিপারপাস বিল্ডিংটি প্রস্তাবিত কমিটি কর্তৃক পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, ইউজিডিপি শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| শ্মশানঘাট নির্মাণ সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সাতগাঁও ইউনিয়নের আমরাইলছড়া বাজার টিলা পাশে অবস্থিত ছড়ায় অস্থায়ীভাবে একটি শ্মশানঘাট আছে। এই চা বাগানে কর্মরত হিন্দুধর্মাবলম্বী শ্রমিকগণ ও স্থানীয় জনসাধারণগণের মৃতদেহ সৎকার করা হয়। কিন্তু প্রতিষ্ঠিত শ্মশানঘাট না থাকায় মৃতদেহ সৎকারে নানাবিধ অসুবিধার সম্মুখীন হতে হয়। তাছাড়া এলাকার হিন্দুধর্মালম্বীগণ দীর্ঘদিন যাবৎ একটি স্থায়ী শ্মশানঘাট নির্মাণের দাবী করে আসছেন। উল্লেখ্য যে, জনদাবীর প্রেক্ষিতে সাবেক উপজেলা চেয়ারম্যান মৃত জনাব রনধীর কুমার দেব মহোদয় তাঁর কর্মকালীন সময়ে এই স্থানে মৃতদেহ সৎকারের নিমিত্ত একটি চুলা নির্মাণ করা হয়। বর্তমানে এখানেই অস্থায়ীভাবে শ্মশানের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আমরাইলছড়া চা বাগানে বসবাসরত সকল হিন্দুধর্মাবলম্বী জনসাধারণের মৃতদেহ সৎকারের জন্য স্থায়ীভাবে শ্মশানঘাট নির্মাণ করা প্রয়োজন।<br><br>সিদ্ধান্ত: বর্তমানে এখানেই অস্থায়ীভাবে পরিচালিত শ্মশানঘাটিকে স্থায়ীভাবে শ্মশানঘাট নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য মাননীয় জেলা প্রশাসক, মৌলভীবাজার বরাবরে পত্রপ্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান সাতগাঁও ইউপি ও উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ ০১ | সভায় জানানো হয়, আর কয়েকদিন পরে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে। শ্রীমঙ্গল শাহী ঈদগাহের ফ্লোর কিছু কিছু জায়গা গর্ত রয়েছে। সেগুলো মেরামত করা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ হতে শ্রীমঙ্গল শাহী ঈদগাহের মুসল্লীদের নামাজ আদায়ের লক্ষ্যে শাহী ঈদগাহের ছোটখাটো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে শ্রীমঙ্গল শাহী ঈদগাহের ছোটখাটো গর্ত মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| বিবিধ ০২ | সভায় জানানো হয়, গত জানুয়ারী/২০২২ হতে টিএ/ডিএ ভাতা উত্তোলন করা হয়নি। টিএ/ডিএ উত্তোলনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>সিদ্ধান্ত: প্রাপ্যতা অনুযায়ী টিএ ডিএ ভাতা সভায় অনুমোদন করা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে টিএ/ডিএ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং ১৪.০১৬.০০.০১.০০২.৫৮৬৩.৪৬.০৫-১৩ (৩৫)　　　　তারিখ: ২৮.০৪.২০২২

বিতরণ : কার্যার্থে।

০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩। উপজেলা ......................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান......................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় অবগতার্থে/কার্যার্থে

০১। উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল মে ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১৯ মে ২০২২ খ্রি
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার পক্ষে ডা: মো: জোবায়ের খান বলেন, আগামী জুন মাসের ৪-৭ তারিখ পর্যন্ত ভিটামিন এ+ ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে, ভিটামিন এ+ ক্যাম্পেইন কার্যক্রমে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>সিদ্ধান্ত: আগামী জুন মাসের ৪-৭ তারিখ পর্যন্ত ভিটামিন এ+ ক্যাম্পেইন সফল করার লক্ষ্যে ব্যাপকভাবে প্রচার প্রচারণা পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, সারাবিশ্বের কথা চিন্তা করলে বাংলাদেশ ব্যতীত সব দেশেই মোটামুটি খাদ্য সংকটে আছে। আমাদের শ্রীমঙ্গল উপজেলায় ও বৃষ্টির কারণে কৃষকরা খুবই ক্ষতির সম্মুখীন হচ্ছেন। তিনি আরো বলেন, কৃষকরা আউশ ধানের চারারোপন করেছেন, অতি বৃষ্টির কারণে কৃষকদের বীজতলাগুলো পানিতে ভাসিয়ে নিয়ে গেছে ফলে কৃষকরা খুবই ক্ষতির সম্মুখীন হচ্ছে। তিনি উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় উপজেলা পরিষদের মাধ্যমে কৃষকদের আউশ ধানের বীজ সংগ্রহে আর্থিক সহায়তা প্রদানের জন্য সভায় প্রস্তাব প্রেরণ করেন। এছাড়া সকল কাজ স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: পরবর্তী অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থের কৃষি খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সকল উপজেলা প্রকৌশলী |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণিসম্পদ ও কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, শ্রীমঙ্গল উপজেলায় মাছের উৎপাদন বৃদ্ধির জন্য চাষীর পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের জন্য পুকুর নির্বাচন চলছে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, (ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের বাসভবন মেরামত করা প্রয়োজন হওয়ায় ৪,৫০,০০০.০০ টাকার তিনটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (খ) ইউটিডিসি পুরাতন ভবনের অফিস সমূহ জরুরী ভিত্তিতে মালতী ভবনে স্থানান্তর করার জন্য মেরামত করতে হবে বিধায় ২,০০,০০০.০০ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>সিদ্ধান্ত : ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের বাসভবন প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং ব্যয় আবাসিক ভবন মেরামত ও সংরক্ষণ খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২। পুরাতন ইউটিডিসি ভবন এর জায়গায় নতুন প্রশাসনিক ভবন নির্মানের জন্য স্থান নির্বাচন করায় এবং উক্ত ভবনে অবস্থিত অফিস সমূহ অন্যত্র স্থানান্তরের কোন বিকল্প জায়গা না পাওয়ায় আবাসিক কমপ্লেক্সের মালতী ভবনে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। মালতী ভবন মেরামত করার প্রয়োজন হওয়ায় উপস্থাপিত ২,০০,০০০.০০ টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং ব্যয় ২২-২৩ অর্থবছরের আবাসিক ভবন মেরামত ও সংরক্ষণ খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন কাবিটা ও কাবিখা এবং টিআর এর ২য় ও ৩য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা পরিষদ হতে বিভাজন করে প্রত্যেক ইউনিয়ন পরিষদে বন্টন করে দেয়া হয়েছে। মির্জাপুর, ভুনবীর, সাতগাঁও ও আশিদ্রোণসহ ৪টি ইউনিয়ন পরিষদ হতে তালিকা পাওয়া গেছে অবশিষ্ট ইউনিয়ন পরিষদ হতে তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা দেয়ার জন্য অনুরোধ করেন। এইচবি প্রকল্পের আওতায় ১ কি:মি রাস্তার কার্যক্রম শেষ হয়েছে। এছাড়া ৫টি ব্রীজের কাজ চলছে। তিনি বলেন, গত কয়েকদিনের অতিবৃষ্টির ফলে বন্যা দেখা দেয়ায় সিন্দুরখান ইউনিয়নের ৩টি ওয়ার্ডে এবং ভুনবীর ইউনিয়নের ৫,৭,৮নং ওয়ার্ডে এবং আশিদ্রোণ ইউনিয়নে বিলাসনদী ও উদনাছড়া ভাঙ্গন দেখা দিয়েছে। নিয়মিত দুর্যোগের খবরাখবর জেলা অফিসে প্রেরণ করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত: দুর্যোগ সংশ্লিষ্ট কোন প্রকার বরাদ্দ পাওয়া গেলে তা প্রকৃত ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে বন্টন নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা প:প: কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, চা শ্রমিকের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রভিডেন্ট ফান্ডধারী (পিএফ) চা শ্রমিকের এমআইএস করা হয়েছে। মিস কৃত তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট প্রেরণ করা হলে ইউপি চেয়ারম্যানগণ তালিকা যাচাই বাচাই করে সমাজসেবা কার্যালয়ে ফেরত পাঠানো হয়েছে। উক্ত তালিকাসমূহ সভায় উপস্থাপন করা হয় এবং সভায় তালিকা অনুমোদনের আহবান জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বাছাইকৃত তালিকা অনুমোদন করা হয় এবং পে-রোল প্রদানের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজসেবা বিভাগ ও ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, খিলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছ নিলামের পর গাছ ক্রয়কারী মূল সহ অপসারণ করেছেন। এছাড়া ওয়াশ ব্লক বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশলীর সাথে যোগাযোগ করা হয়েছে। PEDP-4 এর আওতায় বাকী বিদ্যালয় গুলোতে ওয়াশব্লক নির্মান করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে মর্মে জানান।<br>সিদ্ধান্তঃ খিলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছ নিলামকারীকে গাছের মূলসহ অপসারণ করায় ধন্যবাদ জানান এবং PEDP-4 এর আওতায় বাকী বিদ্যালয় গুলোতে ওয়াশব্লক জরুরী ভিত্তিতে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন, প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়ে সরকারি ব্যবস্থাপনায় একটি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। কিন্তু স্থাপনের পূর্বে জনস্বাস্থ্য প্রকৌশল বরাবরে ১০,০০০/- (দশ হাজার) টাকা ভিত্তি প্রদান করতে হয়। সেই টাকা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয় হতে এখন পাওয়া যায়নি। তিনি ভিত্তির অর্থ জমা প্রদানের জন্য এই সভার মাধ্যমে প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। উপজেলা পরিষদের আবাসিক ভবনের পিছনে অবস্থিত আনসার ব্যারাকে পানি সরবরাহ ব্যবস্থা চালু করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়ে গভীর নলকূপ স্থাপনের ভিত্তি বাবদ ১০,০০০/- টাকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, অপ্রধান শস্য প্রকল্পের মসলা জাতীয় তেল জাতীয়, ডাল জাতীয় শস্যের উৎপাদন বৃদ্ধি কল্পে মাঠ পর্যায়ে বিআরডিবির মাধ্যমে কার্যক্রম অব্যাহত আছে। উক্ত ফসল উৎপাদনে ৪% হারে স্বল্প সুদে কৃষকদের ঋণ সহ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, নিয়মিত অডিট, নির্বাচন প্রক্রিয়া ও সাংগঠনিক সভা অনুষ্ঠিত হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম চালু আছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় সঠিকভাবে হচ্ছে না, বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ আদায় লক্ষ্যমাত্রা সন্তোষজনক হচ্ছে না। সরকারি রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় ও জমা করা হচ্ছে। এছাড়া বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা জানান, বন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরো সংগ্রহ ২০২২ খ্রিঃ চলমান আছে। ১৯/০৫/২০২২খ্রিঃ পর্যন্ত ১২৬৮ মেট্রিক টন ধানের, ১৩০ মেট্রিক টন সংগ্রহ করা হয়েছে এবং সিদ্ধ চাল ৩৫৭ মেঃ টনের মধ্যে ৩৫০মেট্রিক টন সংগ্রহ করা হয়েছে। আগামী ৩১/০৮/২০২২খ্রিঃ পর্যন্ত সংগ্রহ কার্যক্রম চলবে। এছাড়া বিগত কয়েকদিন যাবত আবহাওয়া অনুকূলে না থাকার কারণে ধান এবং চাল সংগ্রহে গতি কমে গেছে। আবহাওয়া ভাল হওয়া মাত্রই ধান ও চাল সংগ্রহের গতি বৃদ্ধি পাবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ ধান ও চাল সংগ্রহ যাতে বৃদ্ধি করা যায় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| নির্বাচন অফিস | সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, সারা দেশব্যাপী আগামী ২০.০৫.২০২২ খ্রিঃ তারিখ থেকে পরবর্তী ৩ সপ্তাহ বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদ করা হবে। নতুন ভোটার হইতে জন্ম সাল ০১.০১.২০০৭ খ্রিঃ তারিখ হতে হবে। অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি, পিতা/মাতার আইডির ফটোকপি, স্বামী/স্ত্রীর আইডির ফটোকপি, শিক্ষা সনদের ফটোকপি, রক্তের গ্রুপ পরীক্ষার ফটোকপি, হোল্ডিং ট্যাক্স রশিদের ফটোকপি লাগবে।<br>২০ মে ২০২২ থেকে পরবর্তী তিন সপ্তাহ বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে, ১০ জুন ২০২২ খ্রিঃ তারিখ হতে নিবন্ধন কেন্দ্রে বায়োমেট্রিক গ্রহণসহ ছবি তোলা ১০ জুন ২০২২ খ্রিঃ তারিখ হতে ২০ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত, ২ জানুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখ খসড়া ভোটার তালিকা প্রকাশ, ১৭ জানুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখ দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন গ্রহণ, ২২ জানুয়ারী ২০২৩ কর্তৃপক্ষের আবেদন নিস্পত্তির শেষ তারিখ, ২ মার্চ ২০২৩ হালনাগাদ ভোটার তালিকা প্রকাশের শেষ তারিখ।<br>সিদ্ধান্তঃ যারা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত কর্মীগণ যেন প্রত্যেকের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করে সেদিকে বিশেষ নজর রাখার | উপজেলা নির্বাচন কর্মকর্তা শ্রীমঙ্গল ও ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| | জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত কর্মীদের সার্বিক সহায়তা করণে জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| পরিসংখ্যান বিভাগ | সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বলেন, দেশের ষষ্ঠ "জনশুমারি ও গৃহগণনা-২০২২" আগামী ১৫-২১ জুন তারিখ সারাদেশ ব্যাপী পরিচালিত হবে। দেশে প্রথমবারের মত ডিজিটাল পদ্ধতিতে ট্যাবলেট (CAPI) ব্যবহার পূর্বক সকল, ব্যক্তি, খানা ও গৃহের তথ্যাদি বাড়ি বাড়ি গিয়ে সংগ্রহ করা হবে। জনশুমারি ও গৃহ গণনায় সংগৃহীত তথ্যের ভিত্তিতে দেশ আর্থসামাজিক ও জনতাত্ত্বিক বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রস্তুত এবং তাহার ভিত্তিতে দেশের সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন হবে।<br>সিদ্ধান্তঃ সভায় বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত কর্মীদের সার্বিক সহায়তা করণে জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প সমূহ বাস্তবায়ন চলমান আছে। পাশাপাশি ৪র্থ পর্যায়ের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং ৫ম পর্যায়ের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর (এলজিইডি) টেন্ডারসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>সিদ্ধান্ত : অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ও ফ্যাসিলিটেটর, ইউজিডিপি, শ্রীমঙ্গল |
| ২০২২-২০২৩ সালের উপজেলা পরিষদের বাজেট সংক্রান্ত | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করা হয়েছে। তিনি সকলকে বাজেট আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তিনি জানান, বাজেটে ২০২২-২০২৩ অর্থ বছরে সম্ভাব্য রাজস্ব আয়, রাজস্ব ব্যয় এবং রাজস্ব উদ্বৃত্ত নিরূপন পূর্বক রাজস্ব বাজেট নির্ধারণ করা হয়েছে। অপরদিকে সম্ভাব্য উন্নয়ন আয় এবং উন্নয়ন ব্যয় নিরুপন পূর্বক উন্নয়ন বাজেট নির্ধারন করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট "খ" মোতাবেক ২০২২-২০২৩ সালের বাজেট সভায় অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| চেয়ারম্যান ১নং মির্জাপুর ইউপি | সভায় চেয়ারম্যান ১নং মির্জাপুর ইউপি জানান, খাদ্য গুদামে দিনে অনেক সময় ধান রাখা হয় না। কিন্তু রাত্রিকালীন সময়ে গুদামে ধান রাখা হয়। এডিপি টেন্ডার প্রক্রিয়া কার্যক্রম অচিরেই শুরু হবে তিনি উপজেলা প্রকৌশলী মহোদয়ের নিকট অনুরোধ জানান যে ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ পেয়েছেন তারা যেন প্রত্যেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করে উন্নয়ন কর্মকান্ড দ্রুত সম্পন্ন করেন।<br>সিদ্ধান্তঃ প্রত্যেক ঠিকাদারগণকে প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানগণকে অবহিত করে উন্নয়ন কর্মকান্ড দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সকল চেয়ারম্যান |
| চেয়ারম্যান, ২নং ভুনবীর ইউপি | চেয়ারম্যান, ২নং ভুনবীর ইউপি বলেন, ভুনবীর ইউনিয়নের ৫,৬ ও ৭নং ওয়ার্ডে অতিবৃষ্টির কারণে রাস্তা ভেঙ্গে গেছে। তিনি রাস্তাগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং চলতি অর্থবছরে জৈইতা ও আলিয়াছড়ায় উপজেলা পরিষদের অর্থায়নে বাঁধ দেয়া হয়েছিল কিন্তু কয়েকদিনের অতিবৃষ্টির কারণে বাঁধ ভেঙ্গে পানিতে তলিয়ে গেছে পুনরায় উপজেলা পরিষদের অর্থ দিয়ে বাঁধ নির্মাণ করার অনুরোধ জানান। এছাড়া ভুনবীর ইউনিয়নে রশনী নামক একটি কোম্পানী পানি প্রবাহে বাধা প্রদান করার কারণে এলাকাবাসী মারাত্মক রকম সমস্যার সম্মুখীন হচ্ছে তিনি এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>সিদ্ধান্তঃ ভুনবীর ইউপি পরিদর্শন করা হবে এবং রশমী কোম্পানী যাতে করে পানি প্রবাহে বাধা সৃষ্টি করতে না পারে সরজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া আগামী অর্থবছরে এডিপি খাত হতে জৈইতা ও আলিয়াছড়ায় বাঁধ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ২নং ভুনবীর ইউপি |
| চেয়ারম্যান ৪নং সিন্দুরখান ইউপি | চেয়ারম্যান, ৪নং সিন্দুরখান ইউপি বলেন, (১) অতিবৃষ্টির কারণে কয়েকটি গ্রামের গ্রামীণছড়ার পাড় ভেঙ্গে মানুষের বসতবাড়িতে পানি উঠছে, অনেকের বাড়ীঘর ভেঙে পড়েছে গেছে, কয়েকটি ব্রীজ ভেঙ্গে গেছে তা জরুরী মেরামত করা প্রয়োজন। (২) বিগত ফেব্রুয়ারী ও মার্চ মাসের মাসিক সভায় হুগলী উপস্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার বসা নিয়ে আলোচনা হয়ে থাকলেও ডাক্তার সাহেব স্বাস্থ্য কেন্দ্রে আসেন না। (৩) সিন্দুরখান ইউনিয়নের লাংলিয়াছড়া ও নিরালাপুঞ্জিতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর বসবাস। এই ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বিভিন্ন ধরনের সুযোগ সুবিধা সরকার হতে প্রদান করা হয়। কিন্তু কে বা কারা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা প্রস্তুত সে বিষয়ে তিনি অবগত নন। | চেয়ারম্যান সিন্দুরখান ইউপি |
| চেয়ারম্যান ৫নং কালাপুর ইউপি | চেয়ারম্যান, ৫নং কালাপুর ইউপি বলেন, ক্যান্সার রোগীর আর্থিক সহায়তা পাওয়ার জন্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে পত্র প্রেরণ করা হয় কিন্তু রোগী মারা যাওয়ার পরও আর্থিক সহায়তা পাওয়া যায় না। তিনি এই সভার মাধ্যমে ক্যান্সার রোগীরা খুব অল্প সময়ের মধ্যে টাকা পেতে পারে সেই ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া গত কয়েকদিনের অতিবর্ষণের কালাপুর ইউনিয়নের কয়েকটি ওয়ার্ডে রাস্তাঘাট ভেঙ্গে গেছে সেগুলো মেরামতের জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অনুরোধ করেন।<br>সভায় সমাজসেবা কর্মকর্তা বলেন, ক্যান্সার রোগী চিকিৎসা সহায়তার আবেদন পত্রটি আমাদের অফিস থেকে জেলা সমাজসেবা অফিসে প্রেরণ করা হয়। জেলা সমাজসেবা অফিস যাচাইক্রমে রোগীর নামে চেক প্রস্তুত করে আমাদের নিকট প্রেরণ করেন। পরবর্তীতে চেকগুলো রোগীর নিকট হস্তান্তর করা হয়। | চেয়ারম্যান কালাপুর ইউপি |
| চেয়ারম্যান ৬নং আশিদ্রোণ | সভায় চেয়ারম্যান, ৬নং আশিদ্রোণ ইউপি বলেন, বিগত কয়েকদিনের অতিবৃষ্টিতে বিলাস নদীতে দুটি ভাঙ্গন এবং উদনাছড়াতে একটি ভাঙ্গন দেখা দিয়েছে এতে কৃষকদের অনেক ফসল নষ্ট হয়েছে এবং আগামী ফসলগুলো নষ্ট হওয়ার সম্ভাবনা আছে। এই বাঁধগুলো মেরামত করা না হলে কৃষকরা খুবই ক্ষতির সম্মুখীন হবে। দ্রুত বাঁধগুলো মেরামতের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি বলেন, কাবিখা প্রথম কিস্তির বরাদ্দকৃত অর্থ দিয়ে হরিণকান্দি গ্রামে একটি বাঁধ দেয়া হয় এই বাঁধটিও ভেঙ্গে গেছে। এই বাঁধ মেরামতের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাসহ সবাইকে অবগত করা হয়েছে। হোসেনাবাদ চা বাগানে একটি ব্রীজ রয়েছে যাকে সবাই ব্রীজকে পিআইও ব্রীজ নামে চিনে। এই ব্রীজটি যে ঠিকাদার সাহেব কাজটি সম্পূর্ন করার দায়িত্ব পেয়েছেন তিনি যেন কাজটি তাড়াতাড়ি করেন চা বাগানের শ্রমিকদের দুঃখ দুর্দশা লাঘব করেন। এছাড়া গ্রামপুলিশ নিয়োগ প্রক্রিয়াটি যত দ্রুত সম্ভব করা হয়। | চেয়ারম্যান আশিদ্রোণ ইউপি |
| চেয়ারম্যান ৯নং সাতগাঁও | সভায় চেয়ারম্যান, সাতগাঁও ইউপি বলেন, গত কয়েকদিনের বৃষ্টিতে সাতগাঁও ইউনিয়নের ৩টি ব্রীজের ভাঙ্গন দেখা দিয়েছে। এছাড়া ১১বস্তিতে ভারতে পানি ঢুকে রাস্তাসহ সবকিছু পানিতে নিমজ্জিত থাকে। রাস্তাগুলো মেরামত করা প্রয়োজন। | চেয়ারম্যান সাতগাঁও ইউপি |
| বিবিধ ০১ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২২ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তির অনুদান প্রদানের জন্য শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) ও ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দের | |

সুপারিশের ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন হতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব সুনু বুনার্জী, খেজুরীছড়া চা বাগান | চিকিৎসাজনিত কারণে আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০২ | জনাব মিহির দেবনাথ, বীরমুক্তিযোদ্ধা মৃত মহেন্দ্র দেবনাথ, সাং-আমসী, থানা-শ্রীমঙ্গল | মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৩ | জনাব মো: হারুণ মিয়া, পি: মৃত মখলিছ মিয়া, রূপসপুর আ/এ, শ্রীমঙ্গল | দৃষ্টিপ্রতিবন্ধী ও মানসিক রোগীর জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৪ | মোছা: মনোয়ারা | ক্যান্সার রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ০৫ | প্রণতি রানী দেবনাথ, স্বা: অধীর দেবনাথ, দত্তেরগাঁও, সিন্দা, শ্রীমঙ্গল | বসতগৃহ নির্মাণের জন্য আর্থিক সাহায্যের আবেদন | ঐ | ২০০০/- |
| ০৬ | কুলসুমা, গ্রাম: কামারগাঁও, শ্রীমঙ্গল | টিউবটিন পাওয়ার জন্য আবেদন | ঐ | ২০০০/- |
| ০৭ | হালিমা বেগম, স্বা: মৃত মো: দুদু মিয়া, কালাপুর | অসুস্থতাজনিত সাহায্যের আবেদন | ঐ | ২০০০/- |
| ০৮ | মো: বুলাই মিয়া, কামারগাঁও, শ্রীমঙ্গল | ঘর মেরামতের জন্য সাহায্যের আবেদন | ঐ | ২০০০/- |
| ০৯ | মো: ফয়েজ মিয়া, পি: মৃ আনোয়ার আলী, উত্তর ভৈরবীছড়া, শ্রীমঙ্গল | আর্থিক সাহায্যের আবেদন | ঐ | ২০০০/- |
| ১০ | শ্রীবাস দত্ত, পি: মৃত সুরেন্দ্র দত্ত, দক্ষিণ ভাড়াউড়া, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা | ঐ | ২০০০/- |
| ১১ | জনাব প্রশান্ত দেব, পি: সুভাষ দেব, ইসবপুর, শ্রীমঙ্গল | ধানের বীজতলার ধানেচারা বিষাক্ত কেমিক্যাল দিয়ে জ্বালিয়ে দেয়ায় আর্থিক সহায়তা | অপ্রত্যাশিত খাত | ৩০,০০০/- |
| ১২ | জনাব বীরেন্দ্র নায়েক, ৪নং ওয়ার্ড খাস্তিছড়া চা বাগান, সাতগাঁও | আগুন লেগে শরীরের বিভিন্ন অংশ পুড়ে যাওয়ায় চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | ঐ | ৫০০০/- |
| ১৩ | রুমন পাল, দক্ষিণ উত্তরসুর, শ্রীমঙ্গল | অগ্নিকান্ডে দোকানঘর পুড়ে যাওয়া আর্থিক সহায়তা | ঐ | ১৫০০০/- |
| ১৪ | মো: আব্দুল কাসেম, পি: মৃ মো: মহর মিয়া, দক্ষিণ উত্তরসুর, শ্রীমঙ্গল | অগ্নিকান্ডে দোকানঘর পুড়ে যাওয়া আর্থিক সহায়তা | ঐ | ১৫০০০/- |
| ১৫ | মো: আব্দুল কালাম, পি: মো: খলিল মিয়া, দক্ষিণ উত্তরসুর, শ্রীমঙ্গল | অগ্নিকান্ডে দোকানঘর পুড়ে যাওয়া আর্থিক সহায়তা | ঐ | ১৫০০০/- |
| ১৬ | মো: খুর্শেদ মিয়া, পি: মৃত রফিক মিয়া, লামুয়া, কালাপুর | ঘুর্ণিঝড়ে ঘরের ক্ষতিগ্রস্থ হওয়ায় বসতঘর নির্মাণে সাহায্যের আবেদন | ঐ | ২০০০/- |
| ১৭ | মো: বশির মিয়া, পি:মৃ জয়তুন মিয়া, পূর্ব মাজডিহি, নারাইনছড়া, শ্রীমঙ্গল | ঘুর্ণিঝড়ে ঘরের ক্ষতিগ্রস্থ হওয়ায় বসতঘর নির্মাণে সাহায্যের আবেদন | ঐ | ২০০০/- |
| ১৮ | শিপার মিয়া, পি: সাহাদৎ মিয়া, নয়ানশ্রী, কালাপুর, শ্রীমঙ্গল | ঘুর্ণিঝড়ে ঘরের ক্ষতিগ্রস্থ হওয়ায় বসতঘর নির্মাণে সাহায্যের আবেদন | ঐ | ২০০০/- |

| | | |
|---|---|---|
| বিবিধ ০২ | সভায় জানানো হয়, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে অবস্থিত উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ দু'তলায় অবস্থিত। কিন্তু অফিসের অন্যান্য কর্মকর্তা, কর্মচারী নিচতলায় বসেন, ফলে যে কোন প্রয়োজনে কর্মচারীদের বার বার দু'তলা এবং নিচতলায় উঠানামা করতে হয়। অফিসে ইন্টারকম ব্যবহার করা হলে অনেক কাজই সহজে ইন্টারকমের মাধ্যমে নির্দেশনা প্রদান করে সমাধান সম্ভব হবে। এমতাবস্থায়, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে আওতায় বিবিধ খাত হতে অফিসের দু'তলা এবং নিচতলার সকল কক্ষের জন্য ইন্টারকম স্থাপনের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে আওতায় বিবিধ খাত হতে অফিসের দু'তলা এবং নিচতলার সকল কক্ষের জন্য ইন্টারকম স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| বিবিধ ০৩ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদে ব্যবহৃত জীপ গাড়ীটি পুরাতন হয়ে যাওয়া প্রতিনিয়তই মেরামত করতে হয়। উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত বাবদ প্রতি অর্থবছরে ১.০০ লক্ষ টাকা বরাদ্দ করা আছে। কিন্তু শ্রীমঙ্গল উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত বাবদ ইতোমধ্যে রাজস্ব তহবিলে চলতি অর্থবছরে বরাদ্দকৃত ১.০০ (এক) লক্ষ টাকা ব্যয় করা হলেও সম্পূর্ণভাবে মেরামত সম্পন্ন হয়নি। গাড়ীর চাকা পুরাতন হয়ে যাওয়ায় নতুন চাকা ও অন্যান্য যন্ত্রাংশ সংযোজন করা ফলে গাড়ী মেরামত বাবদ বরাদ্দের অতিরিক্ত ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা অধিক ব্যয় হয়েছে। বরাদ্দের অতিরিক্ত উক্ত ব্যয় আগামী অর্থবছরে বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধের এবং সমন্বয়ের প্রস্তাব প্রেরণ করেন। এছাড়া গাড়ী মেরামতের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা প্রয়োজন।<br>সিদ্ধান্ত: গাড়ী মেরামতের ব্যয় আগামী ২০২২-২৩ অর্থবছরের গাড়ী মেরামত খাতে বরাদ্দকৃত অর্থ হতে উক্ত ব্যয় পরিশোধ এবং সমন্বয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল |
| বিবিধ ০৪ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে অবস্থিত উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটারগুলো পুরাতন হয়ে যাওয়ায় প্রায়শ:ই যান্ত্রিক গোলযোগ দেখা দিচ্ছে ফলে দৈনন্দিন কার্যসম্পাদনে প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। মূলত অফিস কার্যক্রম ডিজিটাল হয়ে যাওয়ায় প্রায় সব কাজই কম্পিউটার নির্ভর। ফলে কম্পিউটারে যান্ত্রিক সমস্যায় প্রাত্যহিক কাজ বিঘ্নিত হচ্ছে। তাছাড়া উপজেলা পরিষদের চেয়ারম্যানের জন্য ইতোপূর্বে ক্রয়কৃত ল্যাপটপটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী |

| | | |
|---|---|---|
| | নতুন ল্যাপটপ ক্রয় করা প্রয়োজন। কারণ বিভিন্ন সভা সেমিনারে তথ্য উপস্থাপনের জন্য উপজেলা চেয়ারম্যানকে ল্যাপটপ ব্যবহার করতে হয়। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে অফিসের জন্য ০৩টি ডেস্কটপ কম্পিউটার ০১ টি ল্যাপটপ ক্রয়ের প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ০৩টি ডেস্কটপ কম্পিউটার ০১ টি ল্যাপটপ ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিসার, শ্রীমঙ্গল |

সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ প্রস্তাব করেন যে, আগামী সভাতে ৯টি আসন সংরক্ষিত থাকবে এবং ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ যথাসময়ে সভায় উপস্থিত আসন অলংকিত করবেন মর্মে আশা করি। যদি কোন কারণে পরিষদের নির্বাচিত সদস্যগণ সভায় উপস্থিত না হতে পারেন সভার পূর্বে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। পরিষদের সদস্যগণ আগামী সভায় কি বিষয়ে আলোচনা করবেন সেগুলো লিখিত আকারে সভায় উপস্থাপন করতে পারবেন। এর ভিত্তিতে সভায় আলোচনা করা হবে। জুন/২০২২ মাসের মধ্যে গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে আশা প্রকাশ করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং .১৪.০১৬.০০.০১.০০২.৫৮৮৩.৪৬.০৫-২৬(৩৫) তারিখ: ২৫.০৬.২০২২

বিতরণ : কার্যার্থে।

০১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল
০৩| উপজেলা ......................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৪। চেয়ারম্যান......................................(সকল) ইউ,পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৫। বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

২৫/০৬/২২
(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
